with a symbolic notation, as well as the notions of infinitesimals, infinity, fractions, and irrational numbers.

The historians of mathematics have always been puzzled that the germinal idea of zero was a discovery of the Hindus and not the Greeks. Laplace, the great mathematician of the eighteenth century, wrote:

It is India that gave us the ingenious method of expressing all numbers by means of ten symbols, each symbol receiving a value of position as well as an absolute value, a profound and important idea which appears so simple to us now that we ignore its true merit. But its very simplicity and the great ease which it has lent to all computations put our arithmetic into the first rank of useful inventions, and we shall appreciate the grandeur of this achievement the more when we remember that it escaped the genius of Archimedes and Apollonius, two of the great men produced by antiquity.

More recent historians of mathematics have been equally surprised. Particularly puzzling to Tobias Dantzig was the fact "that the great mathematicians of Classical Greece did not stumble on it." For Constance Reid, the great mystery of zero is that "it escaped even the Greeks."

Why did the ideas of zero and algebra develop in India and not ancient Greece? The explanation of this phenomenon does not lie in an examination of Greek mathematics but rather in a comparison of Greek and Hindu philosophy. Paradoxically, it was the rational and logical thought patterns of the Greeks that hindered their development of algebra and the invention of zero.

The Inhibition of Greek Imagination Due to Logical Rigor

As we discovered earlier, it was the ancient Greeks who invented and developed formal logic. Their achievement has only been surpassed within the past three or four hundred years by logicians and mathematicians who based their work on the foundations laid by the Greeks. Logical arguments permeated all areas of Greek scientific and philosophical thinking. A high value was placed on analytic thought, which the Greeks applied to almost all fields of human knowledge. The Greek thinkers, however, became captives of their own methods. They rejected the validity of empirically observed phenomena such as motion and change because of the logical arguments of Parmenides. Certain other theoretical ideas such as infinity, infinitesimals, atoms, and the vacuum were similarly rejected because of logical considerations. The Greeks in a sense became slaves to the linear either-or orientation of their logic. And as a result, their imagination was limited, making it difficult for them to conceive of the concept of zero.

The Hindus, on the other hand, had no such intellectual tradition of formal logic. They were less constrained in their thinking and more imaginative, which proved to be an invaluable asset and led to the development of zero.

The history of zero actually begins with the Babylonians long before Greek or Hindu mathematics. The Babylonians used a very primitive notion of zero for very special applications. They were never able to develop this concept any further, however. The Babylonian scribes used a symbol as a place holder to denote a blank space. Zero in their system never became a number to be added or subtracted or to be used to simplify their calculations as was the case with the Hindus.

The only other independent development of zero was that of the Mayans. They used zero for place numeration but zero never entered into mathematical calculations such as multiplication or division. Like the Babylonian zero, the Mayan zero represented a dead end, a mere historical curiosity.

The Mayan zero was a completely independent discovery but there is a possible connection between the Hindu zero and that of the Babylonians. Since commerce existed between Mesopotamia and India, there could be a link, but finding historical evidence to support this hypothesis is not easy. However, even if it is true that the Hindus borrowed the idea, the question remains of why the Greeks were unable to borrow the Babylonian idea and develop it in the same way. The ancient Greeks were, in fact, nearer in time and closer geographically to the Babylonians and hence would have been in a better position to borrow the idea than the Hindus. The transmission of other mathematical ideas from the Babylonians to the Greeks during the Seleucid period of the third century B.C. takes place a full century before the first appearance of zero in the Hindu literature. Neugebauer indicates that Babylonian material was available to both Greeks and Hindus.

Whether borrowed or invented, we are still left with the mystery: Why were the Hindus able to deal with zero, and not the Greeks? In order to gain insight into "the great mystery" of why zero "escaped" the mathematically sophisticated Greeks, let us recall the impact that the alphabet had on the development of Greek thought. Soon after the introduction of alphabetic writing into Greece, a unique transformation of its intellectual life began. Thales marks the, beginning of the Greeks' use of the deductive logic and rationality that within a very short time invaded all areas of Greek thinking, unleashing new powers of analysis. Rationality became the be-all and end-all of Greek thought, but it eventually hamstrung its development by restricting its creativity to the narrow confines of logical rigor.

Parmenides's logical arguments against change and the notion of non-being poisoned the intellectual climate for nurturing the ideas of zero. In contrast to the Greeks, Hindu thinker accepted non-being. In Buddhism negativity and non-being are positive and good because the Buddhist takes his point of departure in the negative side of life and the world. For him the being of existence is a

"nothing"; likewise non-being is the negation of something negative and is, therefore, something positive. The Greeks and the Hebrews were united in the idea that non- being is something dreadful; being, however, is a genuine reality and the true good.

Non-being was a state that Hindus and Buddhists actively sought in their attempt to achieve Nirvana, or oneness with the whole cosmos. Non-being was something concrete, a state that could be discussed. The concept of zero was therefore totally consistent with Hindu philosophy, and hence presented no problems to Hindu mathematicians. The Hindus did not have any logical cultural stumbling blocks to overcome, as the Greeks did. Nothing stood in the way. In fact, their religious ideas reinforced their notion on non-being and hence zero. In conclusion, my hypothesis is that Greek thought, particularly that of Parmenides, discouraged the conceptualization of zero, whereas Hindu thought encouraged this notion.

Our explanation of why the Hindus, and not the Greeks, invented zero solves only one mystery. There remains the question of why the Hindus also developed the notions of negative numbers, simple arithmetic computational methods (algorithms), algebra with a symbolic notation, infinitesimals, and infinity. While the Greeks made progress in these areas, they never developed them as fully as did the Hindus. They had no notation for an unknown quantity in their algebra. Dantzig suggests that the Greeks were at a disadvantage in developing a symbolic notation because they used their letters to denote numbers and hence had no symbols available for representing unknown variables. This excuse is lame. The reason that the Hindus developed algebra, negative numbers, and infinity is simply that the Hindus mathematical concepts, as we shall show, is related to the concept of zero.

### First Appearance of Zero

One of the first uses of the zero symbol was made by the Hindu mathematician Pingal sometime before 200 b.c. The use of zero in calculations appears for the first time in the Bakhshali manuscript (a.d. 200), where use of place value is also found. The treatment of zero as a number, with equal status to other numbers such as 1 or 2, is found in the Pancasiddhantika: "In Aries the minutes are seven, in Gemini they are three, two, one, zero [sunya] each repeated twice." The name for zero used in this and later texts is sunya (pronounced "shunya"), which literally means "empty space" or "blank." Zero was first symbolized as dots in the Bakhshali manuscript, and later as small circles or o's. The use of dots to represent zero is used as a metaphor in the Vasavadatta: "The stars shone forth ... like sunya-bindu [zero- dots]."

The Hindus developed all the arithmetic and algebraic properties of zero. The operations of addition and subtraction with zero first appeared in A.D. 505 and a century later the definition of zero as a-a = o. By A.D. 750 multiplication with zero emerged: "Multiplication of a number by cipher also gives Zero.

### Place Numeration

The development of place numeration, whereby all numbers can be represented by the ten symbols 0,1, 2, 3,4, 5, 6, 7, 8, and 9 is probably the most important application that was made of the zero or sunya symbol. Our present number system was invented by the Hindus and transmitted to Europe by Arab and Persian scholars. The mathematicians of Baghdad adopted the Hindu system around a.d. 1000. They translated the Hindu term sunya into the Arabic sifr, which also means "empty space."

Originally, the term cipher was intended to denote only the zero element, the unique element of the number system, but eventually the entire number system became known as the cipher system. As with other innovations, the new number system was forbidden in some cities in Europe and, as a consequence, had to be used secretly. The word cipher soon came to mean "a secret code," as indicated by the word decipher. In order to distinguish between the entire number system and its unique element, 0, the term zero, short for zepharino (the Latinized form of cipher), came into use to denote 0.

Place numeration not only simplified the expression of numbers; it made possible a tremendous simplification of arithmetic calculations. All present-day procedures of multiplying, dividing, square and cube rooting were developed using the place number system invented by the Hindus. Many of the Hindu techniques were transmitted to Europe by the Arab mathematician, al- Khwarizmi, from whose name is derived the term algorithm, meaning a procedure for performing a mathematical calculation. The scientific revolution of the Renaissance could never have taken place if these simpler modes of calculation had not been made possible by the Hindu place number system.

The scientific revolution also benefited from the Hindu development of algebra. The Hindus successes in developing algebra stemmed, like their success with zero, from their ability to work intuitively without being unnecessarily held back by the need for logical rigor. The essential element in their development of algebra was their invention of zero, which proved to be a powerful mathematical concept.

### Algebra, or Avyakat-Ganita

Algebra, or avyakat-ganita (literally, the science of calculation with the unknown), first appears in Hindu literature in the Bakhshali manuscript, one of the first works in which the concept of zero appears. It is here that we also first find the concept of negative numbers. The number — 7 is denoted by 7 + . It is believed that the +sign represents the letter kha, the first letter of the Hindu word

ksaya, which means “to diminish.” In later works — 7 is denoted by 7 or dot over 7 where the dot sign or 0 sign stands for zero. The numeral 7 lies below the zero sign to explicitly denote that — 7 is seven less than zero.

The first representation for the unknown is also found in the Bakhshali manuscript. The expression used was yadrccha venyase sunya, which literally means “put a zero [sunya} in the place of the unknown or desired quantity.” The symbol 0 was also used to represent the unknown, sometimes in an elongated version, , to distinguish it from zero. The representation of the unknown took many different forms in addition to the symbol for zero; among these was the use of the abbreviations of the colors, red, blue, and black. This latter device was particularly useful for problems with multiple unknowns.

## Infinity, Infinitesimals, Fractions, and Irrational Numbers

The mathematics of infinitesimals and infinities was first pioneered by the Hindus and then later refined by the mathematicians of the Renaissance. The concept of infinity arose through the consideration of the division of a finite number by zero. The Hindu mathematical concept of infinity was related to and reinforced Hindu theological notions:

At the time of the world’s creation, the Infinite and Indestructible Lord Almighty created crores [1 crore = 10 mil-lion] of beings. At the time of the great Deluge, all these beings go back to His form and are immersed in Him. Neither process makes any change in Him.

This passage illustrates the notion that the sum of a finite quantity and infinity is still infinity: x+ infinity = infinity.

The Greeks, on the other hand, were very uncomfortable with the notion of infinity, which they rejected out of hand as meaningless, irrational, and logically impossible. The concept of infinity leads naturally to the idea of an infinitesimal, through the division of a finite quantity an infinite number of times. The Greeks came close to the idea of the infinitesimal as expressed by:

1. Zeno’s paradoxes
2. Eudox’s method of exhaustion
3. Archimedes’s method of determining pi by successively inscribing and circumscribing polygons to a circle.

In the end, the Greeks horror infiniti led to their rejection of the notion. The Hindus, however, felt no such revulsion and evidence for a primitive form of the infinitesimal is found in the Bhaskara II manuscript of A.D. 1150: “The product of {a number and] zero is zero, but the number must be returned as a multiple of zero if any further operations impend.” The Greeks rejected fractions, arguing that the “unit was indivisible” although they did make use of rations. They had a similar aversion to irrational numbers. There is a legend that a member of a Pythagorian society was thrown overboard on a voyage for revealing to a member of the crew the darkly held secret that the length of the hypotenuse of a right triangle whose sides were each of unit length could not be expressed as the ratio of two integers. This fact, which was so disturbing to the Greek mathematical mind, posed no problem to the Hindus. They felt comfortable with and made use of both fractions and irrational numbers.

## Conclusion

We have considered a number of examples of how the logical rigor of Greek thought hampered mathematical development and led the rejection of (or failure to develop) a number of ideas such as zero, place numbers, fractions, negative numbers, irrational numbers, infinity, infinitesimals, and a symbolic notation for algebra. These concepts were embraced and developed by the Hindus, who were logically less rigorous than the Greeks but were, perhaps as a consequence, more intuitive. These Hindu discoveries have played a key role in the subsequent development of Western science and mathematics.

It is ironic that the evolution of Western theoretical thought required a detour into the East in order to develop the essential mathematical tools of place numbers and algebra so essential for the development of modern science. We have explained the necessity of this detour in terms of the logical rigidity that took hold of the minds of the Greeks as they developed their tools of rationality and logical analysis under the influence of the phonetic alphabet. If our hypothesis is correct we must explain why the alphabet had such a negative effect on the Greeks and not on the Hindus.

The Hindus also made use of an alphabetic script but did not seem to be overwhelmed by logic although they made use of it. There are several factors that might explain the difference in the impact of logic. First of all, the Greeks were the first to develop a totally phonetic alphabet complete with vowels, which exactly and precisely rendered their spoken language into a written form. The Hindu alphabet was derived from the Aramaic alphabet, an offshoot of the original twenty-two consonant Semitic alphabet, and, as a consequence, did not incorporate the vowels in the same explicit way as the Greek alphabet did. Second, Hindu society retained its oral traditions much more strongly than the Greeks did, and as a consequence the alphabet effect was not as powerful as it was in Greek society. In fact, it can safely be said that no other culture was as strongly affected by the alphabet as was ancient Greece. Perhaps this is the case because it was the very first society to develop three radically new techniques for organizing information; 1) the totally phonetic alphabet complete with vowels, 2) deductive logic, and 3) abstract science. The Greeks were simply unprepared for some of the negative side effects of being logically too rigorous. ❑

# WHY WE PRAY AND OFFER FOOD TO GOD

সদ্ভূজানন্দ দাস (স্বপন সমাদ্দার)

একবার আমার এক বন্ধু প্রশ্ন করেছিল যে, ভগবানের উদ্দেশ্যে আমরা পূজা দিই, ভোগ নিবেদন করি। প্রার্থনা করি, তার মানে ভগবানকে ডাকলে বা তাকে খুশী করলে আমরা সুখে শান্তিতে থাকতে পারব আর যদি না ডাকি বা তাকে খুশী না করি তাহা হলে অশান্তিতে থাকব। তার মানে কি আমাদের সুখে-শান্তিতে থাকতে হলে ভগবানকে ঘুষ দিতে হবে। তা হলে কি ভগবান ঘুষ খেয়ে খুশী হল।

আমি আমার ক্ষুদ্র জ্ঞান দিয়ে আমার বন্ধুর প্রশ্নের বিশ্লেষণ এবং উত্তর দেবার চেষ্টা করছি, তাতে যদি ভগবান সম্পর্কে আমাদের যে অজ্ঞানতা তার কিছুটা উপলব্ধি হয়।

প্রথমেই আমি বলতে চাই, ভগবান কে? এবং আমরাই বা কারা? ভগবান নিজে গীতার ৮ম অধ্যায়ের ৩য় এবং ৪র্থ শ্লোকে বলেছেন ঃ

শ্রীভগবান উবাচ ঃ

অক্ষরং ব্রহ্ম পরমং স্বভাবোঽধ্যাত্মমুচ্যতে।

ভূতভাবোদ্ভবকরো বিসর্গঃ কর্মসংজ্ঞিতঃ ॥ ৮/৩

অধিভূতং ক্ষরো ভাবঃ পুরুষশ্চাধিদৈবতম্।

অধিযজ্ঞোঽহমেবাত্র দেহে দেহভৃতাং বর ॥ ৮/৪

অর্থঃ পরমেশ্বর ভগবান বললেন : নিত্য বিনাশ রহিত জীবকে বলা হয় ব্রহ্ম এবং তাঁর স্বভাবকে অর্থাৎ প্রতি দেহে সেই আত্মার অবস্থিতিকে অধ্যাত্ম বলে। ভূত বস্তুর উৎপত্তিকর দেবতাদের উদ্দেশ্যে দ্রব্যাদি ত্যাগরূপ যজ্ঞকে কর্ম বলে। হে অর্জুন! নশ্বর জড়া প্রকৃতি অধিভূত। অধিদৈব শব্দে সমস্ত দেবতাদের সমষ্টি রূপ বিরাট পুরুষকে জানবে এবং দেহীদের দেহান্তর্গত অন্তর্যামী পুরুষরূপে আমিই অধিযজ্ঞ (৮/৩-৪)।

> আমাদের দেহকে বাঁচায়ে রাখার জন্য যে খাবার খাই, প্রতিনিয়তই আমরা পাপ ভক্ষণ করি। যার ফল হচ্ছে কর্মবন্ধন। তা হলে কিভাবে আমরা এই কর্মবন্ধন থেকে মুক্ত হতে পারি।

ব্রহ্ম নিত্য, অবিনশ্বর এবং অপরিবর্তনীয়। কিন্তু ব্রহ্মেরও অতীত হল পরব্রহ্ম। ব্রহ্ম বলতে জীবসত্তাকে বোঝায় এবং পরব্রহ্ম বলতে পুরুষোত্তম শ্রীভগবানকে বোঝায়। দুর্ভাগ্যবশত আমরা আমাদের দেহকেই মূল পরিচয় হিসাবে জানি। এটাই আমাদের অজ্ঞানতা। দেহ তৈরি হয়েছে পঞ্চভূত জড়পদার্থ দিয়ে। দেহ থেকে দেহী (জীবাত্মা) চলে গেলে দেহ আবার তার নিজ অবস্থানে পঞ্চভূতে ফিরে যাবে। সুতরাং দেহ নশ্বর (ক্ষণস্থায়ী) এবং দেহী অবিনশ্বর যাহা আগেও ছিল, এখনও আছে এবং ভবিষ্যতেও থাকবে। যাঁর কোন অবস্থাতেই বিনাশ নাই।

সৃষ্টির আদিতে ভগবান একাই ছিলেন। ভগবান তাঁর নিজের ইচ্ছাতেই জীবাত্মা সৃষ্টি করেছেন। যদিও ভগবান জীবাত্মা সৃষ্টি করেছেন আবার সকল জীবাত্মাকে সর্বময় স্বাধীনতাও দিয়েছেন। ভগবান কখনো জীবাত্মার স্বাতন্ত্র্যের উপর হস্তক্ষেপ করেন না। আমরা সকল জীবাত্মা একসময় ভগবানের কাছেই ছিলাম– সেটাই আমাদের প্রকৃত আবাসস্থল। সেখানেই সকল সুখ, শান্তি। সেই সুখ, শান্তি এই বিশ্বব্রহ্মাণ্ডের কোথাও নেই বা তুলনা করা সম্ভব নয়। একটি মাছের প্রকৃত আবাসস্থল যেমন জল এবং জলের বাইরে রাখলে যেমন মাছ কোনভাবে সুখী হবে না। ঠিক তেমনি আমাদের সবার প্রকৃত আবাসস্থল কৃষ্ণলোক, সেখানের সুখের সাথে এই Material জগতের সুখের কোন তুলনাই করা সম্ভব নয়।

ভগবান অচিন্তনীয় (Inconceivable)। আমাদের ক্ষুদ্র জীবাত্মার দ্বারা ভগবানকে কোনভাবে মাপা বা জানা অসম্ভব। উদাহরণ হিসেবে যদি একটি কানাডার পিপিলিকাকে বলা হয় যে, বাংলাদেশের আবহাওয়া কেমন? একটি পিপিলিকার দ্বারা যেমন সাত সমুদ্র তের নদীর ওপারে বাংলাদেশের আবহাওয়া-প্রকৃতি জানা সম্ভব নয় ঠিক তেমনি এই ক্ষুদ্র জীবাত্মার দ্বারা Inconceivable ভগবানকেও জানা অসম্ভব। আগেই বলেছি ভগবান কোন জীবাত্মার ব্যক্তিস্বাতন্ত্র্যে হস্তক্ষেপ করেন না। তা হলে প্রশ্ন : কেন আমরা ভগবানের কাছ থেকে দূরে সরে আসলাম? কারণ : আমরা ভগবানের মত controller হতে চেয়েছি। ভগবান এই বিশ্বব্রহ্মাণ্ড তৈরি করেছেন আমাদের মনোবাঞ্ছা পূরণ করার জন্য। আমরা এখানে যার যার capacity অনুসারে এক একজন controller. তাইতো এই জগতে সবাই ক্ষমতার প্রতিযোগিতায় মত্ত। এটা আমাদের জন্মগত বৈশিষ্ট্য। কিন্তু ভগবান শাস্ত্রে বলে দিয়েছেন controll করার মধ্যে কোন সুখ নাই। প্রকৃত সুখ বা শান্তি সেবায়। তাইতো বলা হয় ত্যাগেই সুখ। সেইজন্য ভগবান সৃষ্টির আদিতে সব নিয়ম-কানুন, বেদ, উপনিষদের মাধ্যমে আমাদেরকে উপদেশ দিয়েছেন যাতে আমরা সত্য বা প্রকৃত জ্ঞান আহরণ করে নিজ আলয়ে ফিরে যেতে পারি। মাছ যেমন জলের বাইরে কোনভাবে শান্তি পাবে না ঠিক তেমনি জীবাত্মা নিজ আলয় (বৈকুণ্ঠলোক) ছাড়া অন্য কোথাও প্রকৃত শান্তি খুঁজে পাবে না। তা হলে প্রশ্ন : কিভাবে আমরা নিজ আলয়ে ফিরে যেতে পারব? এবং প্রকৃত সুখ পাব?

এই নশ্বর পৃথিবীতে একবার জন্মগ্রহণ করার সাথে সাথে আমরা একটি ঘূর্ণায়মান চক্রের মধ্যে আটকে গেছি। ভগবান

করুণা সিন্ধু তিনি আমাদের সকলের পিতা। তিনি সবসময় আমাদের মঙ্গল চান এবং তিনি সবসময় অপেক্ষায় আছেন তাঁর কাছে ফিরিয়ে নেবার জন্য। কিন্তু কেন আমরা ফিরতে পারছি না? কারণ জীবাত্মা যখন জড়জাগতিক ভাবনাময় হয়ে থাকে, তখন তাকে জড়জগতে নানারকম দেহ ধারণ করতে হয়। তাকে বলা হয় কর্ম। আর এই কর্মবন্ধনে আবদ্ধ হওয়ার জন্যই জীব নিজ আলয়ে ভগবদ্ধামে ফিরে যেতে পারে না। জীবসত্তা তার কর্মের জন্য বিভিন্ন অবস্থায় পতিত হয়। জীব তার জড় দেহটাকে মনে করে তার স্বরূপ। জীব যখন পঞ্চভৌতিক জড়জগতে আবদ্ধ থাকে, তখন সে চুরাশি লক্ষ বিভিন্ন শরীরের কোন একটা প্রাপ্ত হয়। জীব যখন যে শরীর প্রাপ্ত হয় সে তখন সেই দেহ অনুসারে কর্ম করতে বাধ্য হয়। চুরাশি লক্ষ জন্ম অতিক্রম করে এই মানুষ জন্ম। তাইতো শাস্ত্রে বলা হয়েছে, দুর্লভ মানব জন্ম। এই জন্মের প্রকৃত উদ্দেশ্য হচ্ছে প্রকৃত জ্ঞান (Transidental Knowledge) অর্জন করা এবং তার সঠিক ব্যবহার করা। তাইতো মহর্ষিরা বলে গেছেন দুর্লভ মানব জন্ম বৃথা অবহেলা না করে, সৎ ব্যবহার করে বৈকুণ্ঠলোকে নিজ আলয়ে ফিরে যাওয়া। কেন আমরা আমাদের নিজ আলয়ে ফিরতে পারছি না, কারণ সব জেনেও Ignorance (অবহেলা) এবং Illusion (মায়া)। আমাদের Material Sence grntification অর্থাৎ শরীরকে স্বরূপ মনে করে মায়ার দ্বারা আবদ্ধ হয়ে শরীরের চাহিদামত চলছি তাই। উদাহরণ হিসেবে গাড়ী এবং গাড়ীর চালক হিসেবে ধরলে। গাড়ীর চালকের কথা সম্পূর্ণ ভুলে গাড়ীর বডির যত্ন করার মত। গাড়ীর বডি কতকগুলো লোহালক্কড় দিয়ে তৈরি যা মানুষের তুলনায় ক্ষণস্থায়ী অথচ আমরা সেই ক্ষণস্থায়ীর প্রতি বেশি গুরুত্ব দিয়ে নিজেকে বেমালুম ভুলে আছি। আমাদের প্রকৃত উপলব্ধি হচ্ছে আমি এই দেহ নই, আমি আত্মা বা Soul। মানুষ কেন সৃষ্টির সেরা জীব? কারণ মানুষের বুদ্ধি আছে অন্যান্য জীবের Intelligence বা বুদ্ধি নাই। তাই মানব জীবনের প্রকৃত উদ্দেশ্য হচ্ছে Intelligence বা বুদ্ধিকে ব্যবহার করে প্রকৃত Transidental Knowledge আহরণ করে নিজেকে (Soul) জানা যে আমি দেহ নই আমি দেহী। সুতরাং প্রয়োজন দেহের যত্ন না নিয়ে নিজের আত্মার যত্ন নেওয়া। গাড়ীর যত্ন না নিয়ে গাড়ীর চালকের যত্ন নেওয়া। এটাই হচ্ছে প্রকৃত জ্ঞান।

ভগবান বা সৃষ্টিকর্তা এই বিশ্বব্রহ্মাণ্ড যিনি সৃষ্টি করেছেন তার কি কোন কিছু আমাদের কাছ থেকে চেয়ে নেওয়ার দরকার আছে? সৃষ্টিকর্তা বা ভগবান স্বয়ংসম্পূর্ণ, আমাদের কাছ থেকে তার কোন কিছুরই প্রয়োজন নাই। আমাদের প্রয়োজনেই ভগবান এই Material জগৎ সৃষ্টি করেছেন। একমাত্র আমাদের Material চাহিদা পূরণ করার জন্য। এই Material জগৎ পরিচালনা করার জন্য Lawও তৈরি করে দিয়েছেন আর সেই Law ঠিকমত Follow করছি কিনা তাহাও দেখার জন্য দেব দেবীদেরও সৃষ্টি করে Material Power দিয়ে দিয়েছেন। এ সবই একমাত্র আমাদের Material চাহিদা পূরণ করার জন্য। সেজন্য এই জগতের ধনসম্পদ, বিদ্যা, বুদ্ধি, মান সম্মান, যা কিছু জাগতিক চাহিদা দেব-দেবীর উপাসনা করলে দেব-দেবী সেগুলো আমাদের চাহিদামত পূরণ করেন। কিন্তু Supreme Lord বা ভগবানের আলয়ে যেখানে আমাদের প্রকৃত বাড়ি সেখানে ফিরে যেতে পারব না। তাইতো ভগবান বলেছেন সর্বধর্মান্ পরিত্যজ্য মামেকং শরণম ব্রজ। অর্থাৎ এই জাগতিক সবকিছু ত্যাগ করে ভগবানকে স্মরণ কর, তাহা হলে তার কাছে ফিরে যাওয়া যাবে। যতদিন পর্যন্ত আমরা আমাদের দেহের জন্য চাইব ততদিন দেহের চাহিদা পূরণ না হওয়া পর্যন্ত এই নশ্বর পৃথিবী থেকে মুক্ত হতে পারব না। ভগবান আমাদের ব্যক্তি স্বাতন্ত্র্যে কখনো হস্তক্ষেপ করেন না। জীব সম্পূর্ণ স্বাধীন। এই Material জগৎ পরিচালনার জন্য Material Rule তৈরি করে দিয়েছেন। ভগবানকে কিছুই করতে হয় না এই জগৎ পরিচালনার জন্য। Material Nature-ই সবকিছু করে। যা ভগবান পরিচালনা করার জন্য বিভিন্ন দেব-দেবীদের উপর ক্ষমতা অর্পণ করেছেন।

আমরা আসলে ভগবানের কাছে কি চাই? দেহের সাথে সম্পর্কিত যা কিছু দেহের আনন্দের জন্য বা জড় জাগতিক সুখ শান্তি। আর এগুলো দেবার জন্য Material Nature-ই যথেষ্ট। তাতে ভগবানকে খুশী বা অখুশী করার সাথে কোন সম্পর্ক নাই। ভগবানকে খুশী করলেও বা না করলেও Material Nature -এর formula-র কোন effect পড়ে না। Material formula already ভগবান Setup করে রেখেছেন। যার যার কর্মফল অনুসারে সেগুলি automatic আসবে। তাইতো কেহ যদি ভগবানকে অস্বীকারও করেন তারও Material  চাহিদায় কোন ঘাটতি পড়ে না। প্রকৃত সত্য হচ্ছে আমরা Material এতো attached যে Material সুবিধা বা Material  সুখ-শান্তি পাবার জন্য ভগবানকে ডাকি বা প্রার্থনা করি। ভগবানের জন্য এই ডাকার প্রয়োজন নাই। ভগবানের কোন কিছুর প্রয়োজন নাই আমাদের কাছ থেকে। ভগবানই সবকিছু সৃষ্টি করেছেন, আমরা তার তৈরি জিনিস নিয়ে বেঁচে আছি। উল্টো তাকে ধন্যবাদ না দিয়ে তাকে দোষারোপ করি। Material সুখ-শান্তি ভগবান দেন না। এটা আমাদেরই কর্মফল আমরা এগুলো পাই আমাদের কর্মফল অনুসারে Material Nature থেকে। সুতরাং ভগবানকে ডাকা বা না ডাকা বা তাকে খুশী করা বা না করার সাথে কোন সম্পর্ক নেই। Material সুখ বা শান্তি আমাদেরই কর্মফল। ভগবান তাতে কোন হস্তক্ষেপ করেন না।

এখন আমি ভগবানকে ভোগ নিবেদনের প্রকৃত উদ্দেশ্য সম্পর্কে বলছি। ভগবান আমাদের ভোগের জন্য অপেক্ষা করেন না। আমরা খাবার না দিলে ভগবান না খেয়ে থাকবেন এইটা সম্পূর্ণ ভুল ধারণা। কোন কিছুই আমাদের কাছ থেকে তার দরকার নাই। ভগবানইতো সবকিছু সৃষ্টি করেছেন, তাঁর কোন কিছুর অভাব নেই। যা কিছু Material সৃষ্টি করেছেন সবই আমাদের প্রয়োজনে। আমাদের এই দেহকে পরিচালনা করার জন্য এই জগতের সৃষ্টি। এই জগতের সবকিছুই ক্ষণস্থায়ী। প্রত্যেকটি বস্তু একদিন না একদিন বিনষ্ট হবেই। Material Nature তৈরি

করেছেন কর্মবন্ধনকে স্বয়ংসম্পূর্ণ করে বিধিমত চলার জন্য। যাহা Action and Reaction -এর উপর চলছে। Sir Isac Newton প্রমাণ করে গেছেন "To every action there is an equal and opposite Reaction" যা Newton Law হিসেবে প্রসিদ্ধ। আমি যদি কাউকে আঘাত করি, আমাকেও প্রতিঘাত পেতে হবে। এটাই Material Nature. যার জন্য একবার জীবাত্মা এই Material Nature -এর মধ্যে আবদ্ধ হয়ে গেলে বের হওয়া খুবই কঠিন। যতদিন না প্রকৃত জ্ঞান (Transidental Knowledge) না হবে। এই Material দেহ যাহা আগের কর্মফল আবার next life নির্ভর করছে এই জন্মের কর্মের উপর। এই Material দেহ বেঁচে থাকার জন্য নির্ভর করে আরেকটি জীবের উপর। সুতরাং এই দেহকে ঠিক রাখতে হলে fuel হিসাবে কিছু একটা খেতে হবে। যেটা আরেকটি জীবন নাশ করে। তার মানে আমার দেহকে বাঁচিয়ে রাখার জন্য আরেকটি অপরাধ করতে হবে। যা নিশ্চিৎ কর্মবন্ধন। ভগবান সর্বময় ক্ষমতার অধিকারী। একমাত্র ভগবানই পারেন এই Action and Reaction-এর Chain থেকে মুক্ত করতে। একমাত্র ভগবানই পারেন সকল অপরাধ মুক্ত করতে যদি কিনা আমরা তাঁর কাছে মুক্ত হতে চাই। ভগবান কারো ব্যক্তি স্বাতন্ত্র্যে হস্তক্ষেপ করেন না। যদি আমরা ভগবানের কাছে মুক্ত হতে না চাই তা হলে তিনি মুক্ত করবেন কেন?

আমাদের দেহকে বাঁচিয়ে রাখার জন্য যে খাবার খাই, প্রতিনিয়তই আমরা পাপ ভক্ষণ করি। যার ফল হচ্ছে কর্মবন্ধন। তাহা হলে কিভাবে আমরা এই কর্মবন্ধন থেকে মুক্ত হতে পারি।

শ্রীমদ্ভগবদ্গীতার ৩য় অধ্যায়ের ১৩তম শ্লোকে ভগবান বলেছেন ঃ

"যজ্ঞশিষ্টাশিনঃ সন্তো মুচ্যন্তে সর্বকিল্বিষৈঃ।

ভূঞ্জতে তে ত্বঘং পাপা যে পচন্ত্যাত্মকারণাৎ ॥ ৩/১৩

অর্থ ঃ ভগবদ্ভক্তরা সমস্ত পাপ থেকে মুক্ত হন কারণ তাঁরা ভগবানকে নিবেদন করে অন্নাদি গ্রহণ করেন। যারা কেবল স্বার্থপর হয়ে নিজেদের ইন্দ্রিয়ের তৃপ্তির জন্য অন্ন পাক করে, তারা কেবল পাপ ভোজন করে।"

আসলে খাদ্য দরকার আমাদের শরীরকে টিকিয়ে রাখার জন্য। কিন্তু ভগবানকে নিবেদন করি কারণ ভগবানই সর্বময় ক্ষমতার অধিকারী, তিনিই পারেন এই পাপ মুক্ত করতে। ভগবান নিজেই উপরিউক্ত শ্লোকে বলেছেন। সুতরাং আমাদের প্রকৃত প্রার্থনা হওয়া উচিত "ভগবান এই জগতে আমার এই দেহ, যাহা আমার পূর্বজন্মের কর্মের ফসল, টিকিয়ে রাখার জন্য খাবার খেতে হচ্ছে, তুমি ভগবান সর্বময় ক্ষমতার অধিকারী, দয়া করে আমার অন্ন সেবনের অপরাধ মাপ করো।" তাহা হলে ভগবান ঐ খাবারের জন্য যে পাপ হওয়ার কথা তাহা মাপ করবেন। সেই পাপমুক্ত খাবার খেলে আর কর্মবন্ধনে আবদ্ধ হব না। অর্থাৎ আমাদের খাবারের জন্য যে (Sin) পাপ তাহা মুক্ত করার জন্য আমরা ভগবানের বিগ্রহের সামনে ভোগ নিবেদন করি। যেটা আমাদেরই প্রয়োজন, ভগবানের খাবারের জন্য নয়।

ভগবান প্রত্যেকটি জীবের দেহ তৈরি করেছেন তার আগের জন্মের কর্মফল অনুযায়ী এবং সেই দেহের জন্য নির্দিষ্ট খাবারও নির্ধারিত করে দিয়েছেন। যেমন– সিংহ অন্য জ্যান্ত জীবের মাংস ভক্ষণ করে জীবিকা নির্বাহ করবে। পশু, পাখি, মানুষ সব জীবের জন্য নির্দিষ্ট খাবার নির্ধারণ করে দিয়েছেন। সেই জীব যদি তার নির্ধারিত খাবারের বাইরের খাবার খায় তা হলে law of nature অনুযায়ী পাপ হবে। মানুষ সৃষ্টির সেরা জীব। ভগবান মানুষকে Intelligence দিয়েছেন আবার দিক নির্দেশনাও দিয়ে দিয়েছেন বিভিন্ন বেদ, উপনিষদের মাধ্যমে। ভগবান নিজে বলেছেন– শ্রীমদ্ভগবদ্গীতার নবম অধ্যায়ে, মানুষের কোন্ খাবারের দ্বারা পাপমুক্ত করবেন।

শ্রীভগবান উবাচ ঃ

পত্রং পুষ্পং ফলং তোয়ং যো মে ভক্ত্যা প্রযচ্ছতি।

তদহং ভক্ত্যুপহৃতমশ্নামি প্রযতাত্মনঃ ॥৯/২৬॥

অর্থ ঃ যে বিশুদ্ধ চিত্ত নিষ্কাম ভক্ত আমাকে ভক্তিপূর্বক পত্র, পুষ্প, ফল ও জল অর্পণ করে, আমি তার সেই ভক্তিপ্লুত উপহার প্রীতি সহকারে গ্রহণ করি।

শ্রীমদভগবত গীতার তৃতীয় অধ্যায়ের ত্রয়োদশ শ্লোকে ভগবন শ্রীকৃষ্ণ বলেছেন,

ভগবদ্ভক্তরা সমস্ত পাপ থেকে মুক্ত হন কারণ তাঁরা ভগবানকে নিবেদন করে অন্নাদি গ্রহণ করেন। যারা কেবল স্বার্থপর হয়ে নিজেদের ইন্দ্রিয়ের তৃপ্তির জন্য অন্ন পাক করে, তারা কেবল পাপ ভোজন করে।" এখানে ভগবান স্পষ্ট করে বলেছেন, ভোগ নিবেদনের অর্থ হচ্ছে ঐ ভোগের বা খাবারের পাপ মুক্ত করা। আমরা সবাই মনে করি ভগবানকে খাওয়ানোর জন্য ভোগ নিবেদন করি। সম্পূর্ণ ভুল ধারণা। আমাদেরই প্রয়োজনে ভগবানের সামনে খাবার নিবেদন করে পাপ মুক্ত করি– এটাই প্রকৃত সত্য। ভগবানকে উৎসর্গ না করে যারা খাদ্য আহার করে, ভগবান বলেছেন যে, তারা পাপ ভক্ষণ করে আর তাদের এই পাপের জন্য মুক্তির কোন আশা থাকে না।

আসুন এখন থেকে প্রকৃত জ্ঞান (Transidental Knowledge) জেনে ভগবানকে ডাকা বা প্রার্থনার প্রকৃত কারণ, আমি কে? আমি এই দেহ নই আমি দেহী (আত্মা) এবং আমাদের কর্মবন্ধন মুক্ত হওয়ার জন্য ভগবানের সামনে ভোগ নিবেদন করে পাপমুক্ত করে খাবার আহরণ করি এবং সকল কর্মবন্ধন মুক্ত করে যাতে আমাদের নিজ আলয়ে ফিরে যেতে পারি এবং অপার শান্তি লাভ করি তার ব্যবস্থা করি।

ওঁম শান্তি ওঁম শান্তি ওঁম শান্তি। ❑

# প্রশ্ন-উত্তরে হিন্দুধর্ম

ফল্গু দাসগুপ্ত

১২৯। প্রশ্ন : ভগবানকে কি ভাবে বর্ণনা করা যায়?

উত্তর : এর আগে খুব সংক্ষেপে উত্তর দিয়েছিলাম, এবারে বিশ্লেষণ করে বলছি। ভগবান হলেন তিনি, যার শুরু বা শেষ নেই, যিনি চিরকাল ছিলেন, আজও আছেন, ভবিষ্যতেও থাকবেন। তাঁর থেকে সম্পূর্ণ চলে গেলেও তিনি সম্পূর্ণই থাকবেন। তিনি একই সময়ে সর্বত্র থাকতে পারেন, সবই তাঁর ভিতরে, তাঁর বাইরে কিছুই নেই অর্থাৎ তিনি অসীম, তাঁর কোন সীমা নেই। তাঁর যা ইচ্ছা হয় তিনি তা-ই করতে পারেন। তিনি পরম ঐশ্বর্যশালী।

সর্বশক্তিমান।
সর্বক্ষ্যাত।
সুন্দরতম।
সর্বজ্ঞানী।

সর্ব ত্যাগী। সব কিছুতেই তিনি পূর্ণ মাত্রায় বিদ্যমান। তিনি পারেন না, এমন কিছু নেই। তাঁর ইচ্ছা ছাড়া বা ইচ্ছার বিরুদ্ধে কোন কাজ হয় না। সকলের এবং সবকিছুর ভিতরে-বাইরে কি হচ্ছে, কে কি ভাবছে, ভেবেছে বা পরে ভাববে সব তিনি জানেন, তাঁর অজানা কোন কিছুই নেই। তাঁর খুশীর জন্য আমাদের টাকা-পয়সা, ধন-সম্পত্তি কোন কিছুই ব্যয় করার প্রয়োজন নেই, কোন নিয়ম-কানুন-এরও প্রয়োজন নেই, তিনি আমাদের থেকে শ্রদ্ধা, ভক্তি, ভালবাসা এবং সমর্পণ পেলেই খুশী। তাঁকে ভালবেসে যে যা দেবে তিনি তা-ই গ্রহণ করবেন, যে যা চাইবে তিনি তাই দেবেন। যদি কোন দেবতা তাঁর ভক্তকে দেবার জন্য কিছু চান, তিনি তা-ও দেবেন। একবার রাধিকাসহ সব গোপীরা মা কাত্যায়নীর ব্রত পালন করে চেয়েছিল যে তারা প্রত্যেকে যেন তাদের প্রিয়কে একসময় নিজের করে পায়, তাই মা কাত্যায়নীর আশীর্বাদে নির্দিষ্ট সময়ে সব গোপীরা প্রত্যেকে রাসনৃত্যতে শ্রীকৃষ্ণকে নিজের করে পেয়েছিল।

অনিচ্ছাকৃত ভাবে আমরা যদি কখনও শ্রীকৃষ্ণের কোন সেবায় বা নিয়মে কোন ত্রুটিও করে ফেলি এবং পরে অনুতপ্ত হই সেজন্য তিনি আমাদের উপর রাগও করেন না, কারণ তিনি সর্ব সময় ক্ষমাশীল।

অনিচ্ছাকৃত ভাবে আমরা যদি কখনও শ্রীকৃষ্ণের কোন সেবায় বা নিয়মে কোন ত্রুটিও করে ফেলি এবং পরে অনুতপ্ত হই সেজন্য তিনি আমাদের উপর রাগও করেন না, কারণ তিনি সর্ব সময় ক্ষমাশীল। সাধারণত মানুষ যখন কোন কাজে প্রশংসা পায় তখন বলে "আমি করেছি"। কিন্তু কর্মফলের পাপের ফলে যখন বিধাতার (ব্রহ্মার) দেওয়া দুঃখ পায় তখন সেই মানুষই ভগবানকে দোষারোপ করে বলে, "এত দুঃখ দিয়েও ভগবানের সন্তুষ্টি হচ্ছে না, আর কত দুঃখ দেবে?" একথা শুনে ভগবান তাকে শাস্তি বা অভিশাপ দেন না। কৌরব দরবারে শ্রীকৃষ্ণ যখন ধৃতরাষ্ট্রকে যুদ্ধ বন্ধ করে পাণ্ডবদের সঙ্গে মিমাংসা করার অনুরোধ করেছিলেন তখন দুর্য্যোধন তার অনুগামীদের নিয়ে অস্ত্র তুলে কৃষ্ণকে বধ করার জন্য এগিয়ে এসেছিল। কিন্তু ভগবান শ্রীকৃষ্ণ তাঁদের বধ না করে চলে এসেছিলেন।

ভগবান শ্রীকৃষ্ণ তাঁর অতিথিদের এবং ভক্তদের পা ধুয়ে মুছে তাদের আতিথেয়তা করেন আমরা তাও দেখেছি।

শ্রীকৃষ্ণ স্বয়ং ভগবান, তিনি যদি চাইতেন কারুর অভিশাপ গ্রহণ নাও করতে পারতেন কিন্তু এই পৃথিবীতে এসে তিনি ভক্তের মনের শান্তির জন্য কতবার কত অভিশাপ গ্রহণ করে অসহ্য দুঃখ-কষ্ট সহ্য করেছেন তা-ও আমরা জেনেছি। ভক্তের ইচ্ছা পূর্ণ করার জন্য তিনি নিজের প্রতিজ্ঞা ভঙ্গ করেছেন। রাধারানীর ভাই শ্রীদাম, গান্ধারী, নারদ মুনি ইত্যাদি এদের থেকে কী সাংঘাতিক সব অভিশাপ তিনি হাসিমুখে মেনে নিয়েছিলেন কিন্তু এদের প্রতি ভগবানের কোন অভিযোগ বা অসন্তুষ্টি দেখা যায়নি।

১৩০। প্রশ্ন : ওঙ্কার সম্বন্ধে একটু বলবেন?

উত্তর : আদিতে একসময়ে যখন কোন সৃষ্টিই শুরু হয়নি ভগবান শ্রীকৃষ্ণ যখন একা ছিলেন, তখন ভগবানের মনে ইচ্ছে হল, "আমি বহু হব"। সেই সময় তাঁর হৃদয় থেকে গম্ভীর এবং বিরাট এক শব্দ নাদিত হল, আর সেই শব্দ ধীরে ধীরে 'অউম' শব্দে পরিণত হল। সেই অউম এর 'ম্' অর্থাৎ হামিং শব্দ আজও চলছে, চিরকাল চলবে। এই শব্দকে আমরা 'নাদ ব্রহ্ম' বা 'শব্দ ব্রহ্ম' বলে জানি অর্থাৎ 'ওঁম' ই শব্দ রূপ স্বয়ং ভগবান শ্রীকৃষ্ণ। ওঙ্কার বিগ্রহের মধ্যে ভগবান শ্রীকৃষ্ণ দাঁড়িয়ে আছেন সেই ছবিও দেখা যায়।

ওঙ্কার শব্দের বিশেষত্ব হল– আমাদের জাগতিক এবং আধ্যাত্মিক জগৎ সৃষ্টি হবারও পূর্বে অর্থাৎ যখন একমাত্র ভগবান ছাড়া আর কোন কিছুই ছিল না, বায়ু, জল, আলো, শব্দ, আগুন ইত্যাদি কোন কিছুরই সৃষ্টি হয় নি তখন এই শব্দ-ব্রহ্মের সৃষ্টি। যে কোন শব্দই সৃষ্টি হয় কোনও জিনিসের সঙ্গে ঘর্ষণের দ্বারা কিন্তু একমাত্র এই ওঙ্কার শব্দ যা কোন সংঘর্ষণ বিনাই সৃষ্টি হয়েছিল। এই ওঙ্কার সৎরূপী ব্রহ্মের প্রথম নাম ও প্রতীক। এই মন্ত্র বেদ মন্ত্রের বীজ। শাস্ত্রের ওঁম তৎ সৎ থেকেই পুরাকালে বেদবিদ ব্রাহ্মণ, বেদ ও যজ্ঞ সৃষ্টি হয়েছে। ওঙ্কারকে প্রণবও বলা হয়, আর এই প্রণবই ঈশ্বর বাচক। ভগবান শ্রীকৃষ্ণ বলেছেন, পরা ও অপরা বিদ্যার উৎস ওঙ্কার। এই শব্দ আমাদের মধ্যেও বিরাজমান। দুই আঙ্গুল দিয়ে কান বন্ধ করলে এই শব্দকে শুনতে পাওয়া যায়। এই শব্দব্রহ্মের সঙ্গে আরও একটা শব্দ শোনা যায় যেটা আগুন জ্বলার মত শব্দ, সেটা আমাদের শরীরের ব্রহ্ম জ্যোতির থেকে আসে। মানুষ মারা গেলে দেহে এসব কোন শব্দই থাকে না।

ব্যাসদেব ব্রহ্মসূত্রের প্রথম অধ্যায়ে বলেছেন– সমস্ত শাস্ত্রের উৎপত্তি ওঙ্কার থেকেই হয়েছে। বেদের মূলকথা ওঁম্ অর্থাৎ ওঁম্ বললেই স্বয়ং ভগবানকে বোঝায়। ওঙ্কার ভগবান শ্রীকৃষ্ণের অঙ্গজ্যোতি। ভগবানের ইচ্ছার ফলে ওঙ্কারের সৃষ্টি।

আমাদের দেশে অখণ্ড মণ্ডলেশ্বর শ্রীশ্রী স্বামী স্বরূপানন্দ নামে একজন গুরুদেব তাঁর শিষ্যদের ওঙ্কারের সাধনা করিয়েছেন। 'মন্দির' নামে তাঁর লেখা একটি গানের বই-এর মধ্যে তিনি কৃষ্ণ ভজন লিখেছেন যার তুলনা নেই। এই বইটিতে শ্রীকৃষ্ণের বর্ণনা, তাঁর প্রতি শ্রদ্ধা, ভালবাসা এবং বিরহের বর্ণনা অতি অপূর্বভাবে প্রকাশ করা হয়েছে।

১৩১। প্রশ্ন : এরপর ভগবান কি সৃষ্টি করলেন?

উত্তর : এবার ভগবান শ্রীকৃষ্ণ নিজেকে এক্সপ্যাণ্ড করে এমন একজনকে

সৃষ্টি করলেন যিনি ঠিক শ্রীকৃষ্ণের মতই দেখতে শুধু গায়ের রং ফর্সা, ভগবান তার নাম দিলেন 'বলরাম' আর তাকে আধ্যাত্মিক জগৎ তৈরি করতে বললেন।

বলরাম তখন আধ্যাত্মিক জগতের সবচেয়ে উপরে শ্রীকৃষ্ণ এবং রাধারানীর জন্য পদ্মফুলের আকারে 'গোলক বৃন্দাবন' এর সৃষ্টি করলেন, আর তার চতুর্দিকে গোল করে মথুরা ধাম, তার চতুর্দিকে দ্বারকা ধাম (কৃষ্ণের সমস্ত স্ত্রীদের জন্য), তারপর অযোধ্যা ধাম, তারপরে চিৎ জগৎ, এর নাম মাধুর্য ধাম। এরপর বিষ্ণুদের জন্য বৈকুণ্ঠ ধাম এবং সর্বশেষে সদাশিবের কৈলাস ধাম। এগুলো সবই বিরাট গোল আকারের, একটির পর একটি। উদাহরণ দিয়ে বলা যেতে পারে এখানেই ভগবানের রাজপ্রাসাদের সীমানা আর এরপর থেকে রাজার বাগান শুরু হল। কৈলাস ধামের পরেই সাদা জায়গাটিকে ব্রহ্মজ্যোতি বলে।

জ্ঞান যোগীরা যারা নিরাকারের সাধনা করেন তাঁরা মৃত্যুর পর এই জায়গাতে আসেন এবং দীর্ঘকাল ব্রহ্মানন্দ উপলব্ধি করেন।

সূর্য বা চন্দ্রের চারদিকে যেমন গোল হয়ে একটা আলোর সীমানা দেখা যায় তারপর তাদের আলো থাকলেও সেই গোলাকার আলোর মত অতো উজ্জ্বল আলো হয় না, ঠিক সেইরকম ভাবের আলোয় ব্রহ্মজ্যোতি সর্বত্রই বর্তমান। তবুও ঐ গোলাকার উজ্জ্বল ব্রহ্মজ্যোতির আলোর স্থানটিকেই বিশেষভাবে 'ব্রহ্মজ্যোতি' বলা হয়। সব জায়গাতেই ব্রহ্মজ্যোতি ছড়ান আছে বলে কোন জায়গাই অন্ধকারাচ্ছন্ন নয়।

ঐ ব্রহ্মজ্যোতির পরে বাকি সকল স্থানেই 'কারণ মহাসাগর' বা 'বিরজানদী' বিস্তৃত হয়ে রয়েছে। শ্রীকৃষ্ণের ইচ্ছায় এখানে বলরামের এক্সপেনশান মহাবিষ্ণু যোগনিদ্রায় শায়িত হলে জড় জগতের সৃষ্টি আরম্ভ হয়।

১৩২। প্রশ্ন : অনেকে বলে ভগবানের কোন আকার নেই কারণ তিনি তো অসীম, আকার হলে তো তিনি সীমাবদ্ধ হয়ে যাবেন।

উত্তর : অর্থাৎ বলার উদ্দেশ্য হল– আকারের মধ্যে ঢুকলে তিনি আটকে গিয়ে আর বের হতে পারবেন না।

আমাদের একথাটা ভুলে গেলে চলবে না যে ভগবানের পক্ষে কোন কাজ করাই অসম্ভব নয় অর্থাৎ তিনি ইচ্ছা করলে আকার নিতে পারেন আবার চাইলে নিরাকারও হতে পারেন। ভগবানকে দেখার মত সে জ্যোতি আমাদের চোখে নেই, সে পুণ্যও আমাদের নেই তাই আমরা তাঁকে দেখতে পাই না। তার অর্থ এই নয় যে তিনি নিরাকার। কালার ব্লাইণ্ড যারা তারা অনেক রং দেখতে পায় না তার মানে কি সেই রংগুলো নেই। আমাদের আত্মা এত ছোট যে বৈজ্ঞানিকরা যন্ত্র দিয়েও তা দেখতে পায় না, আর আমরা ভগবানের অংশ, সেই হিসেবে অনেকে মনে করে ভগবানও নিরাকার। আসলে ভগবানের আকারের থেকেই আমরা আকার পেয়েছি। সমস্ত জীবের মধ্যে মানুষই শ্রেষ্ঠ জীব তাই একমাত্র মানুষই জানে যে ভগবান বলতে কেউ আছেন, আমরা তাঁর থেকেই এসেছি এবং তার কাছে ফিরে যাওয়াই আমাদের জীবনের একমাত্র উদ্দেশ্য।

১৩৩। প্রশ্ন : আমি যদি ভগবানকে দেখতে চাই, কেউ আমাকে দেখাতে পারবে?

উত্তর : কেউ তোমাকে দেখাতে পারবে না কিন্তু তুমি যদি দেখতে চাও তবে তুমি তাঁকে দেখতে পাবে। অর্থাৎ ভগবানকে দেখার জন্য তোমাকে তাঁর সাধনা করে পুণ্য অর্জন করে, চোখে দিব্যদৃষ্টি পেতে হবে, যে পাপের জন্য তাঁকে দেখতে পাচ্ছ না সেই পাপ ধ্বংস করে ধর্ম পথে এগুতে হবে, তবেই তুমি তাঁকে দেখতে পাবে, তাঁর সঙ্গে কথা বলতে পারবে। অন্য কেউ এসব সাধনা করে তোমাকে সাহায্য করতে পারবে না। সে যদি এসব করে তবে সে ফল সে-ই পাবে। যেমন আকাশ দিয়ে যখন এক ঝাঁক পাখী উড়ে যেতে দেখ জানবে তারা সবাই যার যার নিজের শক্তিতে উড়ে যাচ্ছে, যে উড়ার শক্তি হারিয়ে ফেলবে তাকে অন্য কোন পাখী সঙ্গে করে নিয়ে যেতে পারবে না, তোমার ব্যাপারেও ঠিক তাই।

১৩৪। প্রশ্ন : কেন, ভগবান তো অর্জুনকে দিব্যদৃষ্টি দিয়ে বিশ্বরূপ দেখিয়েছিলেন, ব্যাসদেব মুনিও তো সঞ্জয়কে দিব্যদৃষ্টি দিয়ে কুরুক্ষেত্রের যুদ্ধ দেখার ক্ষমতা দিয়েছিলেন, তারা তো সেসব দেখার জন্য চেষ্টা করে সে ক্ষমতা অর্জন করেনি।

উত্তর : ভগবান শ্রীকৃষ্ণ এবং ব্যাসদেব দু'জনেই তাঁদের নিজস্ব কারণে দিব্যদৃষ্টি দেবার প্রয়োজন অনুভব করেছিলেন, অর্জুন বা সঞ্জয়ের অনুরোধে দেননি।

ভগবান শ্রীকৃষ্ণের প্রয়োজন ছিল অর্জুনকে পরিষ্কারভাবে বোঝানোর যে অর্জুনের উচিত যুদ্ধ করা আর সেকারণেই তিনি অর্জুনকে বিশ্বরূপ দেখতে নির্দিষ্ট সময়ের জন্য দিব্যদৃষ্টি দিয়েছিলেন।

আর ব্যাসদেব ধৃতরাষ্ট্রকে অনেক বুঝিয়েছিলেন, ধৃতরাষ্ট্র যেন দুর্যোধনকে যুদ্ধে সম্মতি না দেয় কিন্তু নিজের ছেলে অধর্ম পথে গিয়ে যুদ্ধ করতে যাচ্ছে তাতে বাধা না দিয়েও ছেলে রাজা হয়ে সম্পত্তি এবং সম্মান পাবে সেই লোভে ধৃতরাষ্ট্র ব্যাসদেবের অনুরোধ মানেনি তাই ব্যাসদেব নিজের ছেলে ধৃতরাষ্ট্রকে দেখাতে চেয়েছেন যে তারই লোভে কিভাবে তার সম্পূর্ণ বংশ ধ্বংস হয়ে যাবে। এই কারণে তিনি ধৃতরাষ্ট্রকে দিব্য দৃষ্টি দিয়ে যুদ্ধ দেখাতে চেয়েছিলেন।

ধৃতরাষ্ট্র জন্মান্ধ তাই সে কাউকে দেখে চিনতে পারবে না বলে তার অনুচর সঞ্জয়কে দিব্যদৃষ্টি দিতে বলেছিল তাই ব্যাসদেব সঞ্জয়কে দিব্যদৃষ্টি দিয়েছিলেন। কিন্তু এই দৃষ্টি দিয়ে সে যুদ্ধের আগে বা পরে অন্য কোথাও কোন কিছুই দেখতে পায়নি।

১৩৫। প্রশ্ন : সব পাপ ধ্বংস করে আবার পুণ্যও অর্জন করতে হবে তাকি আর এক জন্মে কারুর পক্ষে সম্ভব হয়?

উত্তর : যদি দৃঢ়প্রতিজ্ঞ হয়ে করতে চাও এবং তার জন্য চেষ্টা কর তবে অতি সহজে তার ফল পাবে তাতে কোন সন্দেহ নেই। স্বয়ং ভগবান চৈতন্য মহাপ্রভু আবির্ভূত হয়ে এই যুগেই বলে দিয়ে গেছেন, "কলি যুগে হরি নাম জপ ছাড়া মুক্তির আর কোন উপায় নেই।"

হরি নামের প্রভাব অন্য যুগেও দেখতে পাই যেমন ধ্রুব সত্য যুগে "ওঁম নমঃ ভগবতে বাসুদেবায়" বলে মাত্র ৬ মাস জপ করার পরেই বিষ্ণু তার কাছে এসে তাকে কোলে নিয়ে তার ইচ্ছা পূরণ করেছিলেন। ধ্রুব যা পাওয়ার জন্য ধ্যান করছিল বিষ্ণু তার চাইতে অনেক বেশী তাকে দিয়েছেন।

বালক প্রহ্লাদের কাহিনী পড়লে দেখা যায় তার বাবা হিরণ্যকশিপু প্রহ্লাদকে মেরে ফেলার কত চেষ্টা করেছে কিন্তু কিছুতেই কিছু করতে পারেনি কারণ প্রহ্লাদ সর্বসময় বিষ্ণু নাম জপ করেছে। তাই বিষ্ণু তাকে সব কষ্টের থেকে বাঁচিয়ে রেখেছেন।

ত্রেতা যুগেই রত্নাকর দস্যু মানুষ খুন করে তাদের থেকে লুটে নিয়ে সংসার চালাত। প্রচুর পাপের ফলে সে 'রাম' নাম উচ্চারণ করতে পারেনি তাই দেবর্ষি নারদ মুনি তাকে 'মরা, মরা' বলে জপ করতে আদেশ দিয়েছিলেন। 'মরা মরা' বলতে বলতে 'রাম নাম' উচ্চারণ হবার ফলে একদিন তিনি বাল্মীকি মুনি নামে পরিচিত হয়ে 'রামায়ণ' মহাকাব্য রচনা করলেন আর স্বয়ং ভগবান রাম এই পৃথিবীতে আবির্ভূত হয়ে সেই হিসেবেই জীবন কাটিয়ে গেলেন।

তুমি কি রত্নাকর দস্যুর চেয়েও বেশি পাপ করেছ বলে মনে কর? শুরুতেই যদি হতাশ হয়ে বসে পড় তাহলে তো আরম্ভ করার আগেই হেরে গেলে।

১৩৬। প্রশ্ন : প্রহ্লাদ যখন বলেছিল, "এই স্তম্ভের মধ্যেও ভগবান আছেন, সে কি ভগবানকে সেখানে দেখতে পেয়েছিল? ভগবান কি তখন তার মধ্যেও ছিলেন?

উত্তর : না, সেই সময় প্রহ্লাদ নৃসিংহ দেবকে স্তম্ভের মধ্যে দেখতে পায়নি কারণ ভগবান সেখানে সত্যিই আছেন কিনা তার প্রমাণ পাবার জন্য প্রহ্লাদের তাঁকে সেখানে দেখার প্রয়োজন হয়নি। প্রহ্লাদ জানতো যে স্বয়ং ভগবান মানুষ রূপে এই পৃথিবীতে জন্মগ্রহণ করে আমাদের জানান এবং শেখানোর জন্য শাস্ত্রে যা লিখে রেখে গেছেন– 'ভগবান সর্বত্র বিরাজমান' তা মিথ্যা হতে পারে না অর্থাৎ স্তম্ভের মধ্যে যে ভগবান থাকবেন তাতে কোন প্রশ্নই নেই।

যে কোন মানুষের মধ্যে যদি এধরনের দৃঢ় বিশ্বাস থাকে তবে ভগবান কখনও তার কথা মিথ্যা প্রমাণ করান না। কিন্তু এ কথাও মনে রেখ– ভগবান সব জায়গায় থাকলেও তিনি বের হয়ে আসবেন কিনা তা নির্ভর করবে ভগবানের লেখা শাস্ত্রের প্রতি বক্তার বিশ্বাসের গভীরতার উপর।

যাদের এই জড় জগতের দুঃসহ যাতনা ভোগ করার পাপ এখনও অনেক বাকি তাদের এরকম বিশ্বাস এখনও আসবে না।

১৩৭। প্রশ্ন : আমাদের মধ্যে যে পরমাত্মা বা বিবেক আছেন তিনিই কি ক্ষীরোদকশায়ী বিষ্ণু?

উত্তর : হ্যাঁ। আমার ৯১ এবং ৯২ নং প্রশ্নের উত্তর দুটি দেখে নিও তবে আরও পরিষ্কারভাবে বুঝতে পারবে।

১৩৮। প্রশ্ন : অনেকে বলেন ভগবান সর্বত্র আছেন কিন্তু সেটা কি করে সম্ভব? তিনি কি সব নোংরা জায়গা, সব নোংরার মধ্যেও থাকবেন?

উত্তর : ভগবানের বাইরে কোন কিছু নেই, একথা যদি সত্য হয়, তবে এটাও সত্যি হবে যে সব কিছুই ভগবানের মধ্যে, তাই না? এসব কথা মিথ্যে হতে পারে না কারণ এটা আমাদের ধর্মগ্রন্থে লেখা আর ধর্মগ্রন্থ ভগবানের ১৭তম অবতার শ্রীকৃষ্ণ দ্বৈপায়ণ-ব্যাসদেব আবির্ভূত হয়ে লিখে রেখে গেছেন।

তুমি, আমরা সবাই এখানে বসে কথা বলছি, আমাদের এখানে কোন জায়গাতেই কোন নোংরা নেই, আমাদের হাত-পা সারা শরীর পরিষ্কার কিন্তু আমাদের শরীর কেটে যদি ভিতরটা দেখা যায় তবে কি সেখানে কোন নোংরা দেখতে পাওয়া যাবে না? নিশ্চয়ই পাওয়া যাবে।

ছোট একটা উদাহরণ দিচ্ছি– আমাদের জানতে হবে যে মানুষের মধ্যে এবং সবকিছুর মধ্যেই ভাল এবং মন্দ দুই গুণই বর্তমান। আমরা খারাপ গুণ কখনই ব্যবহার করতে চাই না কিন্তু কোন কোন সময় আমরা চেষ্টা করেও সংযত থাকতে পারি না, আমাদের খারাপ গুণগুলো বেরিয়ে পড়ে তাই আমরা সাধারণ মানুষ বলে গণ্য হই। কিন্তু ভগবান কোন সময়ে কোন কারণেই খারাপ গুণ তাঁর মধ্যে থাকা সত্ত্বেও তা প্রকাশ করেন না তাই আমরা কোন দিনই সেগুলো তাঁর মধ্যে দেখতে পাব না বা তার মধ্যে আছে বলে প্রমাণও করতে পারব না। তবে এটুকু আমরা সঠিকভাবে বলতে পারি যে, তাঁর মধ্যেও খারাপ গুণ নিশ্চয়ই আছে নতুবা আমরা পেলাম কোথা থেকে কারণ আমরা তো তাঁর থেকেই এসেছি বা জন্মেছি।

১৩৯। প্রশ্ন : শ্রীরামচন্দ্র স্বয়ং ভগবান হয়ে কি করে বালী আর সুগ্রীব দুই ভাই-এর দ্বন্দ্ব যুদ্ধের মাঝে একজনের পক্ষ হয়ে অন্যকে মারলেন, এটা কি উচিত কাজ করেছেন?

উত্তর : এই ব্যাপারের একটু আগের ঘটনার ইতিহাস জানলে বুঝতে পারবে যে কেন শ্রীরামচন্দ্র বালীকে মেরেছিলেন।

দুই ভাই এর নিজস্ব ঝগড়া হলেও একজন যদি আর একজনকে দুর্বল জেনে তার উপর অত্যাচার করে তার সর্বস্ব গ্রাস করে তবে ভগবানের এব্যাপারে বিচার করা উচিত বলেই মনে হয়।

প্রথম কথা– সুগ্রীবের কথা না শুনে তাকে ভুল বুঝে বালী বড় ভাই হয়ে ছোট ভাই সুগ্রীবের রাজত্ব কেড়ে নিয়ে, তার স্ত্রীকে নিজের স্ত্রী করে রেখে দিয়ে সুগ্রীবকে তার রাজ্য থেকে তাড়িয়ে দেয়।

সুগ্রীব শ্রীরামচন্দ্রের স্ত্রী সীতাদেবীকে খুঁজে বের করার ব্যাপারে সাহায্য করে এবং তার বিনিময়ে সে রামচন্দ্রকে তার রাজত্ব এবং স্ত্রীকে ফিরে পাবার জন্য সাহায্য করতে অনুরোধ করে। এছাড়া বালীকে ব্রহ্মা বর দিয়েছিলেন– "যে বালীর সঙ্গে মুখোমুখি যুদ্ধ করতে আসবে, তার অর্ধেক শক্তি সঙ্গে সঙ্গে বালীর কাছে চলে আসবে।"

যে সময় শ্রীরামচন্দ্র যুদ্ধ করে সীতাদেবীকে উদ্ধার করার কথা ভাবছেন তখন নিজের শক্তি হারিয়ে ফেলা বুদ্ধিমানের কাজ হবে না। অপর পক্ষে বালীর কাছে হেরে গেলে সর্বহারা সুগ্রীবের প্রার্থনাও পূর্ণ করতে পারবেন না, সীতা দেবীর উদ্ধারও হবে না।

বালীর স্ত্রী তারা বালীকে অনুরোধ করেছিল, সে যেন এ যুদ্ধ করতে না যায় কারণ স্বয়ং ভগবান শ্রীরামচন্দ্র সুগ্রীবকে রক্ষা করতে এসেছেন, সুতরাং বালী সব জেনেই যুদ্ধ করতে এসেছিল। ভগবান শ্রীরামচন্দ্র সর্বহারা সুগ্রীবকে সাহায্য না করে থাকতে পারলেন না, তাই শ্রীরামচন্দ্রের বাধ্য হয়ে পেছন থেকে তীর মেরে বালীকে মারা ছাড়া আর কোন উপায় ছিল না। কিন্তু মৃত্যুর মুহূর্তে যখন বালী শ্রীরামচন্দ্রকে প্রশ্ন করেছিল,

"তুমি আমাকে এইভাবে মারলে কেন?"

তখন রামচন্দ্র বালীকে বিশ্বরূপ দেখিয়ে মোক্ষ দান করেছিলেন এবং বালীকে আশ্বস্ত করে বলেছিলেন, "আগামী জন্মে দ্বাপর যুগে আমি আবার এই পৃথিবীতে আসব তখন তুমি 'জরা' নামের ব্যাধ হয়ে আমাকে তীরবিদ্ধ করে মেরে ফেলে এর প্রতিশোধ নিও।

তখন বালী খুশী হয়ে তার ছেলে অঙ্গদকে অনুরোধ করে সে যেন সুগ্রীবের সঙ্গে থেকে শ্রীরামচন্দ্রকে সব কাজে সাহায্য করে।

১৪০। প্রশ্ন : ধর্ম-বই পড়ে অনেক সময় আমি অনেক কিছু বুঝতে পারি না। যেমন এক জায়গায় পড়েছি প্রথম রাসনৃত্যের সময় শ্রীকৃষ্ণের দক্ষিণ অংশ থেকে শিব বেরিয়ে এসেছেন, আবার অন্যত্র পড়েছি ব্রহ্মার দুই ভ্রুর মাঝখান থেকে মহাদেব রুদ্ররূপে বেরিয়ে এসেছেন। এটা একটু পরিষ্কার করে বলবেন, কোন্‌টা ঠিক?

উত্তর : দুটোই ঠিক। শ্রীকৃষ্ণের থেকে যে শিব বের হয়ে এসেছিলেন তিনি হলেন সদাশিব অর্থাৎ তিনি হলেন আসল শিব, তিনি আধ্যাত্মিক জগতে থাকেন, তার সঙ্গে আমাদের পার্থিব জগতের বিশেষ কোন কাজ নেই। যাঁরাই আধ্যাত্মিক জগতের অধিবাসী তাঁদের সঙ্গে জড় জগতের কোন সম্পর্ক নেই। আর ব্রহ্মার দুই ভ্রুর মাঝখান থেকে যিনি বেরিয়েছেন তিনি সদাশিবেরই অংশ। ইনি এই ইউনিভার্সের উপরের বাঁদিকে থাকেন, তিনি প্রলয়ের সময় ধ্বংস করেন এই ব্রহ্মাণ্ডকে।

যেমন গর্ভোদকশায়ী বিষ্ণুর ব্যাপারে লেখা দেখবে যে মহাবিষ্ণুই নিজেকে এক্সপ্যাণ্ড করে গর্ভোদকশায়ী বিষ্ণু হয়ে ব্রহ্মাণ্ডের মধ্যে এসে ঢুকলেন। বিস্তৃতভাবে পড়লে দেখবে গর্ভোদকশায়ী বিষ্ণু এসেছেন শ্রীকৃষ্ণের এক্সপেনশান প্রদ্যুম্ন থেকে আর ক্ষীরোদকশায়ী বিষ্ণু এসেছেন

কৃষ্ণের এক্সপেনশান অনিরুদ্ধর থেকে। এরা মহাবিষ্ণুর ভিতর হয়ে জড় জগতে এসেছেন।

আসলে কোনটাই তুমি ভুল বলতে পার না, তাই এ বিষয়ে লেখার সময়ে কেউ অত বেশি চিন্তা করেন না।

আমি একটা উদাহরণ দিয়ে ব্যাপারটা পরিষ্কার করে দিচ্ছি। তোমাকে এ গ্লাস জল খেতে দেওয়া হল, তুমি জিজ্ঞাসা করলে, "এ জলটা কোথাকার জল?"

প্রথম উত্তর– "এটা পুকুরের জল।"

দ্বিতীয় উত্তর– "এটা কুয়োর জল"।

তৃতীয় উত্তর– "এটা জাগের থেকে দিয়েছি।"

এই তিনটি উত্তরের মধ্যে কোন একটি উত্তরকে কি ভুল বলতে পারবে?

১৪১। প্রশ্ন : সম্পূর্ণ জড় জগতে যত ব্রহ্মাণ্ড আছে সবগুলোতেই কি গর্ভোদকশায়ী এবং ক্ষীরোদকশায়ী বিষ্ণু আছেন?

উত্তর : হ্যাঁ, কিন্তু সারা জড় জগতের জন্য মহাবিষ্ণু শুধু একজনই আছেন। মহাবিষ্ণু ব্রহ্মার একশ বছর পর্যন্ত যোগ নিদ্রায় শুয়ে থেকে তাঁর নিঃশ্বাস-প্রশ্বাসের দ্বারা জড় জগতের সৃষ্টি এবং ধ্বংসের কাজে সাহায্য করে থাকেন।

১৪২। প্রশ্ন : অর্থাৎ মহাবিষ্ণু শ্বাস নিলে সৃষ্টি শুরু হয় আর শ্বাস ত্যাগ করলে সৃষ্টির সব ধ্বংস হয়ে যায়, তাই কি?

উত্তর : 'হ্যাঁ'।

১৪৩। প্রশ্ন : এতে মনে হয় সৃষ্টি আর ধ্বংস খুব তাড়াতাড়িই হয়, তাই না?

উত্তর : সময়ের হিসাবটা আমি একটু বর্ণনা করে বোঝাই তবে তুমি বুঝতে পারবে এটা খুব কম বা বেশি সময়। আমাদের ৪টি যুগ আছে :

সত্য বা ক্রিতাযুগ– ১৭২৮০০০ স্বর্ণ যুগ
ত্রেতা যুগ– ১২৯৬০০০ রৌপ্য যুগ
দ্বাপর যুগ– ৮৬৪০০০ ব্রোঞ্জ যুগ
কলিযুগ– ৪৩২০০০ আয়রন যুগ।

আমাদের ৪ যুগ মিলে ৪৩২০০০০ সৌর বছর। একে মহাযুগ বা দিব্যযুগ বলে। এই ৪ যুগ অর্থাৎ ৪৩২০০০০ বছর যখন ১০০০ বার ঘুরে আসে তখন আমাদের ৪৩২০০০০০০০ বছর হয় আর আমাদের ব্রহ্মার দিনের ১২ ঘণ্টা = ব্রহ্মার ১ কল্প শেষ হয়। এই সময় ব্রহ্মার রাতের ১২ ঘণ্টা অর্থাৎ ২য় কল্প শুরু হয় আর ব্রহ্মা ঘুমাতে যান।

ব্রহ্মার রাত্রি শুরু হবার সঙ্গে সঙ্গে আমাদের ব্রহ্মাণ্ডের স্বর্গ, মর্ত্য, পাতাল অর্থাৎ স্বর্গ থেকে পাতাল পর্যন্ত সব গ্রহ ধ্বংস হয়ে যায়। এই ধ্বংসকে নৈমিত্তিক ধ্বংস বা পার্শিয়েল এ্যানিহিলেশান বলা হয়। এই ধ্বংসে স্বর্গলোকের উপর থেকে ৪টি লোক-মহর্লোক, জনলোক (এই লোকে সপ্তর্ষিরা থাকেন), তপলোক আর সত্যলোক (এটি সৃষ্টিকর্তা ব্রহ্মার লোক) এদের ধ্বংস হয় না। এই সময় যদি মহর্লোক বেশি উত্তপ্ত হয়ে যায় তবে তাঁরা জনলোকে চলে যান।

ব্রহ্মার ২ কল্প = ২৪ ঘণ্টা অর্থাৎ ১ দিন (দিন+রাত্রি) শেষ হয়ে সকাল হলে আমাদের ৮৬৪০০০০০০০ বছর পর আবার ব্রহ্মা সৃষ্টি করেন কিন্তু এবার স্বর্গ থেকে পাতাল পর্যন্ত অর্ধেক সৃষ্টি করতে হয়।

ব্রহ্মার ১ দিন (দিন+রাত্রি = ২৪ ঘণ্টা) ×৩০×১২×১০০= ব্রহ্মার ১০০ বছর পরমায়ু = আমাদের ৩১১.০৪ ট্রিলিয়ান বছর = ব্রহ্মার ৭২০০০ কল্প = মহাবিষ্ণুর ১টি শ্বাস।

মনু হলেন রাজ্য শাসনকর্তা, তাঁর শাসন কালকে মন্বন্তর বলে। ১ মন্বন্তরে প্রায় ৭১ মহাযুগ। ১ কল্পে ১৪ জন মনু শাসন করেন। প্রতি মন্বন্তরে নতুন মনু রাজত্ব করেন।

ব্রহ্মার যখন ১০০ বছর পূর্ণ হয় তখন আমাদের ব্রহ্মাণ্ড এবং সম্পূর্ণ জড় জগৎ ধ্বংস হয়ে যায়, একে প্রাকৃতিক প্রলয় বা ফাইনাল এ্যানিহিলেশান বলে। এই সময় আমাদের সৃষ্টিকর্তা ব্রহ্মা দেহত্যাগ করেন। উপরের ৪টি লোকের যথা– সত্যলোক, তপলোক, জনলোক, মহর্লোক -এর অধিবাসীরা সবাই তখন আধ্যাত্মিক জগতে চলে যান। স্বর্গ থেকে পাতাল পর্যন্ত সব জীবদের দেহান্ত হয় এবং তাদের জীবাত্মারা মহাবিষ্ণুর শরীরের মধ্যে গিয়ে আশ্রয় নেয়। জড় জগতের গ্রহ ইত্যাদি যত যা আছে সব ধ্বংস হয়ে যায়; কোন কিছুই আর কোথাও থাকে না, সব মহাবিষ্ণুর মধ্যে গিয়ে জমা হয়।

বর্তমানে ব্রহ্মার বয়স ৫০ বছর পূর্ণ হয়ে ৫১ বছরের প্রথম দিন চলছে। আমাদের ব্রহ্মাণ্ড ১৫৫.৫২১৯৭ ট্রিলিয়ান বছর ধরে অবস্থান করছে এবং আরও ১৫৫.৫১৮০৩ ট্রিলিয়ান বাকি আছে সব কিছু ধ্বংস হয়ে যাবার।

১৪৪। প্রশ্ন : এত সংবাদ আমরা কিভাবে জানতে পারলাম?

উত্তর : মুনি-ঋষিরা ধ্যান করে, তাঁদের দিব্যদৃষ্টি দ্বারা সমস্ত কিছু দেখে জানিয়েছেন। আগে এই সব ঘটনা মানুষেরা শ্রুতির মাধ্যমে মনে রাখতো কিন্তু ভগবান জানেন যে, কলিযুগে মানুষেরা স্মৃতিশক্তির অভাবে কোন কথাই মনে রাখতে পারবে না। ফলে ধর্ম লোপ পাবে। তাই স্বয়ং ভগবান শ্রীকৃষ্ণ তাঁর ১৭তম অবতারে শ্রীকৃষ্ণদ্বৈপায়ন ব্যাসদেব নামে আবির্ভূত হয়ে সব শাস্ত্র লিখে রেখে দিয়ে যান। এই ধর্ম গ্রন্থ পড়েই আমরা সব জানতে পারি।

১৪৫। প্রশ্ন : যদি কেউ বলে, এসব কথা সত্যি কিনা কি করে বুঝব?

উত্তর : যেমন করে সে বুঝেছে যে, যাকে 'মা' বলে ডাকে সে তার 'মা'। এ পৃথিবীতে এরকম বহু লোক আছে, যাদের কৃত পাপ-কর্মের ফল ভোগার জন্য দীর্ঘকাল এই পৃথিবীতে থাকতে হবে। এরা যদি ইচ্ছা এবং চেষ্টা করে তাহলে এপাপ কাটিয়ে ফেলে ধর্মের পথে এগুতে পারে কিন্তু তারা সেই পথ বেছে নেয় না, আর সে রকম লোকেরা ধর্ম শাস্ত্রও পড়ে না, বা তা শুনলেও বিশ্বাস করার চেষ্টা করে না। এদের কেউ সাহায্য করতে পারবে না। বহু যুগ পরে যখন এদের পাপ শেষ হবে তখনই তারা এসব শুনে বিশ্বাস করবে।

১৪৬। প্রশ্ন : আমাদের ব্রহ্মার তো ৪টি মাথা, সব ব্রহ্মারই কি চারটি মাথা?

উত্তর : না, ব্রহ্মাণ্ডের আকারের উপর নির্ভর করছে। একটি মাথার ব্রহ্মাও আছেন আবার এমন ব্রহ্মাও আছেন, যারা খুব বড় ব্রহ্মাণ্ডের ব্রহ্মা। তাঁদের ১০০ মিলিয়নেরও বেশি মাথা আছে, যা গুণে শেষ করা যায় না।

১৪৭। প্রশ্ন : ব্রহ্মাণ্ডের কি কোনও ছবি আছে, যা দেখে আমরা আধ্যাত্মিক জগৎ এবং জড় জগৎ ভাল করে দেখে মনে রাখতে পারব?

উত্তর : হ্যাঁ, আছে। গুগুলেতে যদি লেখ "ম্যাপ অব স্পিরিচুয়েল ওয়ার্ল্ড" তবে তার ছবি আসবে তার নীচের দিকে গেলে আমাদের ইউনিভার্সও দেখতে পাবে। ❑

# সন্ন্যাসী ও রাজনর্তকী

সারদা সরকার

*[এই কাহিনীর পটভূমিকা ঊনবিংশ শতাব্দীর রাজস্থান। বর্ধিষ্ণু জনপদ জয়পুরের খেতড়ির রাজপ্রাসাদে একদিন দিগ্বিজয়ী সন্ন্যাসী স্বামী বিবেকানন্দের আশীর্বাদে বদলে গিয়েছিল রাজনটী ময়নাবাই-এর জীবন। শ্রীরামকৃষ্ণ যেমন বদলে দিয়েছিলেন নটী বিনোদিনীর ইতিহাস, তেমনই স্বামীজিও প্রভাব ফেলেছিলেন এই রাজপুতানী নর্তকীর ওপর। তবু ফেলে আসা অতীত বড় নীরব। বিগত শতকের রাজকাহিনীতে পৌঁছাতে কল্পনার সাহায্য ছাড়া আর কোনও উপায় ছিল না। ইতিহাস নির্ভর কল্পিত এই কাহিনীটি মূল সত্যকে সামনে রেখেই লেখা]।*

জয়পুরের চাঁদপোল বাজারে কেরামতি বাইজির মুজরোখানা। সন্ধে হলে আতরের গন্ধে, ঘুঙুরের শব্দে বেলিফুলের মালা লম্বা বেণীতে জড়ানো নাচনেওয়ালিদের ছন্দবদ্ধ পায়ের তালে পুরো এলাকা যেন জেগে ওঠে। সবজিমণ্ডির আশপাশের লোকেদের কৌতূহল বড় কম নয়, এখানে গান শুনতে আসেন বড় বড় রাজা-রাজড়ারা। আবার গরিব-দুঃখী অনাথ আতুরকেও কেরামতি বাইজি বুকে তুলে নেন। সরমা কাঞ্চানিয়া এমনই এক অনাথ মেয়ে। পাড়াতুতো কাকার হাত ধরে এসে পড়েছিল কেরামতি বাইজির কাছে; তার তখন চার বছর বয়স। বাবা-মা দু'জনকে হারিয়ে যখন অনাথ বালিকা অসহায় উদভ্রান্ত, তখন কেরামতি তাকে কোলে করে নিয়ে এসেছিলেন মুজরোখানায়। রূপে-গুণে অসাধারণ এই নারীকে চিনে নিতে ভুল হয়নি কেরামতির। খাঁটি জহুরির চোখ তার। এ মেয়ে যে নেহাত নগরবালিকা নয়, বরং রাজনর্তকী হওয়ার যোগ্য একথা বুঝে গিয়েছিলেন বৃদ্ধা বাইজি। তাই তাকে মনের মতো করে তালিম দেন কেরামতি। আজ তার ষোলো বছরের জন্মদিন– পরিপূর্ণ যুবতী সে। তার প্রথম মুজরা।

রাজা-রাজড়ায় ভরে গেছে মেহফিল। চোখে সুরমা, পায়ে পাঁয়জোড়, জরির ওড়নায় মুখ ঢাকা। শলমা চুমকির ঘাঘরা, জড়োয়ার গয়নায় গা ঢাকা পড়ে গেছে। মাথার লম্বা বেণীতে রজনীগন্ধার মালা পাকে-পাকে জড়ানো। পানপাতার মতো মুখে মিষ্টি হাসি মাখানো। আতরের গন্ধে যেন দুনিয়া মাতাল হয়ে উঠেছে। মাথার ওপরে আকাশ জোড়া তারার ঝাড় লণ্ঠন আর পায়ের নিচে চাঁদের শ্বেতপাথরের থালা– আর সেই চাঁদের ছায়ার ওপরে রাঙা দু'টি পায়ে তা তা থই নাচের বোল ফুটছে। 'তোরে ন্যায়না জাদু ভরে'– মেহফিল ঠুংরির গান ছেয়ে ফেলেছে বিশ্বচরাচর আর তার সুরে সুরে সরমার সারা শরীরে উন্মাদ তরঙ্গ। প্রতাপসায়র তালাওয়ে আজ যেন হাজার ফুল ফুটেছে। আকাশ ভরা অন্ধকারের মাঝে চাঁদের আলো হয়ে উঠেছে সে। এ যেন প্রাগৈতিহাসিক অন্ধকার নিশ্চল প্রস্তরীভূত হয়ে আছে মেহফিলের ভিতরে উনিশ শতকের মাঝরাতটিতে। আসরে উপস্থিত রাজন্যেরা বাকরুদ্ধ। এই রূপ দগ্ধ করে না, শুধু মুগ্ধ করে, এই রমণীকে কামনা করা যায় না, শুধু উৎসর্গ করা যায় দেবপূজায়।

পছন্দ হয়েছিল যোধপুরের রাজা যশোয়ন্ত সিং-এর। সরমার স্থান হল রাজদরবার সংলগ্ন মেহফিলখানায়। কিন্তু যোধপুরের রাজগুরু দয়ানন্দ সরস্বতী ব্যাপারটা ভালোভাবে নিলেন না। যশোয়ন্তের একটুও ইচ্ছে ছিল না সরমাকে ফেরত পাঠাতে– রূপ-গুণ-মায়া জড়ানো চোখের দৃষ্টি। দেখলে যে কোনও পুরুষের বুকের ভিতরটা কেঁপে ওঠে। কিন্তু রাজগুরুর নির্দেশ, অমান্য করা অসম্ভব। তাই বার্তা পাঠালেন প্রিয় সুহৃদ খেতড়ির মহারাজা অজিত সিংহকে। মহারাজা অজিত সিংহ নিজে সংগীতজ্ঞ, বীণাবাদকও বটে। তাঁর রাজমন্দিরে গোপীনাথজীর পুজোয় নৃত্যগীতের দায়িত্বে থাকবে সরমা। প্রতিটি রাজপুতানী গোপীনাথজীর আজন্ম পুজো করে এসেছে তাই এই সৌভাগ্যে বড়ই খুশি হয়, সে হাত জোড় করে মাথায় ঠেকিয়ে বলে জয় কিষণজি-জয় গোপীনাথ।

রাজপুতানী তার স্বামীর নামে মাথায় মণি পরে। প্রধানা নর্তকীর জীবন গোপিনাথজীকে সঁপে দেওয়া। তার রূপ-যৌবনে শুধুমাত্র গোপীনাথজীর অধিকার। শত শত পুরুষ তার পায়ে লুটালেও চিরকুমারী থাকা তার জীবনের ব্রত।

খেতড়িতে রাজনটীদের প্রাসাদ কানোরিয়া হাভেলি। একদল নর্তকীর মধ্যে ভামরিবাই, জানকিবাই তার সখী হয়ে গেল এক নিমেষে। মহারাজ সরমার নতুন নাম দিলেন ময়নাবাই। প্রথম দিন থেকেই ময়নাবাই প্রধানা নর্তকী। প্রতিষ্ঠা করা রাজবিগ্রহ গোপীনাথের পূজার প্রথম অধিকার একমাত্র তার। রাজদরবারের দেওয়ালের বিশাল আয়নার সামনে যখন সে দাঁড়ায়, প্রখর রূপের তেজে সবার চোখে ধাঁধা লেগে যায়। দরবার ঘরের ছাদে যেখানে হাজারবাতির একটা ঝাড় লণ্ঠন ঝোলে সেই লণ্ঠনের চারপাশে বৃত্তাকারে সারা ছাদে কুচি কুচি আয়নার কারুকাজ। নাচের বিভঙ্গে যখন ময়নাবাই-এর শরীরে সাগরের জোয়ার আসে তখন ছাদের প্রতিটি আয়নায় তার প্রতিফলন হয়। কোমরে ত্রিধাতুর কোমরবন্ধে ফণাসহ কালসর্প মাথা তুলে দাঁড়িয়ে থাকে। নাভি থেকে পা অবধি মাটিতে লুটায় সোনা-রূপোর কাজ করা রেশমি ঘাগরা। বুকের কাঁচুলি ঘিরে হীরে-মণি মাণিক্যের সাতনরী হার। মাথার মণিতে হীরের বৃত্তে সোনার গোপীনাথজির মূর্তি।

রাজপুতানী তার স্বামীর নামে মাথায় মণি পরে। প্রধানা নর্তকীর জীবন গোপিনাথজীকে সঁপে দেওয়া। তার রূপ-যৌবনে শুধুমাত্র গোপীনাথজীর অধিকার। শত শত পুরুষ তার পায়ে লুটালেও চিরকুমারী থাকা তার জীবনের ব্রত।

নাটমন্দিরের মার্বেল পাথরের দালানের একদম মাঝখানে গোপীনাথজীর হাতে সুদর্শন চক্র আঁকা আছে, তার কেন্দ্র থেকে নাচ শুরু হয়। ময়নাবাই ভামরিবাই জানকিবাই আরও অনেকে সেই চক্র ঘিরে দাঁড়িয়ে থাকে। তাদের গোলাপি মুখমণ্ডলের মতো আলতা পরা পা যখন সেই চক্র স্পর্শ করে, নর্তকীদের নৃত্যরতা তন্বী দেহে বিদ্যুৎ খেলে যায়। ছন্দে সুরে তালে সারা রাজদরবারের ভূমিতে আলতা রঙের পায়ের ছাপে একে একে আঁকা হতে থাকে হাজার পাপড়ির একটি ফুল। রাজপুতানী বীরাঙ্গনাদের মতো পবিত্র নিষ্পাপ। ফুল ফোটার খবর পেয়ে গর্ভমন্দিরে জেগে ওঠেন গোপীনাথজী। যতক্ষণ না রাজদরবারের শ্বেতপাথরের মেঝের ফুল ফুটে ওঠে ততক্ষণ গোপীনাথজীর ধ্যান ভাঙে না। শেষ পাপড়িটা আঁকা হয় ময়নাবাই-এর পায়ের মুদ্রায়। মুনশি জগমোহন গিয়ে রাজপুরোহিতকে খবরটা দেন। তারপরে নাটমন্দিরে বেজে ওঠে শাঁখ, কাঁসর, ঘণ্টা।

ময়নাবাই আর কিশোরীটি নেই– তার এখন একুশ বছর বয়স। মুনশি জগমোহন ময়নাবাই-এর রূপে অন্ধ। মুনশিজি খেতড়ি এস্টেটের সেক্রেটারি কিন্তু রাজপুতানার মানুষের কাছে সে তাজিমি সর্দার। স্বয়ং রাজাও মুনশিজিকে দেখলে আসন ছেড়ে উঠে দাঁড়ান এমনই তাঁর প্রতিপত্তি। কিন্তু নিরহংকারী অনাড়ম্বর আগাগোড়া নিপাট ভালো মানুষ। ময়নাবাই-এর একচিলতে হাসির জন্য সে জীবনও দিয়ে দিতে পারে। নৃত্যগরবিনী ময়নাবাই গোপীনাথজীর প্রেমে বিভোর, তাই ভুলেও তাকিয়ে দেখেনি তাঁর দিকে কখনও। কিন্তু হঠাৎ এমন কী হল যে মুনশি জগমোহনের ডাক পড়ল ময়নাবাই এর কোঠি ঘরে? পাহারাদারের হাতে পাঠানো চিঠিটা পড়ে একবার কানোরিয়া হাভেলির জানালার দিকে সম্মতিসূচক মুখ তুলে তাকাল জগমোহন।

সময়টা ১৮৯১ সালের শ্রাবণ, ঝুলন মাস। স্বামী বিবেকানন্দ আসছেন খেতড়িতে প্রথমবার। সারা রাজ্যের প্রজারা জড়ো হয়েছে স্বামীজীকে দেখার জন্য। মুনশি জগমোহনের হাত ধরে স্বামীজী নামলেন চতুর্দোলা থেকে। মহারাজা অজিত সিংহ সাষ্টাঙ্গে প্রণাম করলেন স্বামীজীকে। নিজের হাতে পা ধুইয়ে দিলেন স্বামীজীর। প্রাসাদের জানালা থেকে দেখল ময়নাবাইয়ের দু'টি সজল চোখ। স্বয়ং নারায়ণ যেন ধুলোয় নেমে এসেছেন। খেতড়ির মাটি আজ ধন্য। স্বামীজী কোথায়? এ তো স্বয়ং গোপীনাথজী পথ চলছেন সকলের সঙ্গে। নর্তকীর খুব ইচ্ছা হল স্বামীজীর পা ছুঁতে। মনে হল চোখের জলে ভিজিয়ে দিতে স্বামীজীর পা দু'খানা। আজ প্রথম স্বামীজীর হাত ধরে মুনশিকে দেখে হিংসেয় জ্বলে উঠল তার মন। স্বামীজীর কাছে যেতে হলে এই মুনশিই একমাত্র উপায়!



সেই রাতে জগমোহন এসেছিল ময়নাবাইয়ের কাছে– কানের কাছে ফিসফিস করে বলেছিল– 'আজ আমি যা চাইব তাই দিতে হবে কিন্তু। ভালো খবর আছে।'

শুনে ময়নাবাই আত্মহারা– স্বামীজী কাল সন্ধেবেলা আসবেন নাচ দেখতে। দু'চোখ বেয়ে সুখের ঝরনা বয়ে চলেছে। কখন সন্ধে আসবে এই প্রতীক্ষায় কেটে গেল সারাটা দিন।

মুনশি জগমোহন রাজা অজিত সিংহকে বলে ঠিক করেছেন যেন আজকে গোপীনাথজীর আরতির আগে এবং নাচের সময় স্বামী বিবেকানন্দ উপস্থিত থাকেন।

রাজদরবারে! বিবেকানন্দ! হ্যাঁ, এই নামও তো মহারাজা অজিত সিংহই রাখতে অনুরোধ করেছিলেন একসময়। তার আগে স্বামীজী বিভিন্ন নাম নিয়ে ঘুরে বেড়াতেন পরিব্রাজক হয়ে। মহারাজা অজিত সিংহ অনুরোধ করলেন এই নামখানি আর বদল না করতে। সেই থেকে স্বামীজী হয়েছিলেন বিবেকানন্দ! খেতড়ির জীবন্ত গোপীনাথজী।

আজ ফুলের সাজ ময়নাবাইয়ের। হলুদ ফুলের বাজুবন্ধে গায়ের রং মিশে গেল। একশো আট পদ্মমালায় তাকে আজ দেবী মনে হচ্ছে। কপালে এঁকেছে সিঁদুরের টিপ কনে-চন্দন। মাথায় অপরাজিতার মুকুট, খোপায় মল্লি ফুলের মালা।

নাচ শুরু হল, একটু পরেই স্বামী বিবেকানন্দ এসে পড়বেন। দরবার ঘরের মর্মর সুদর্শন চক্রের কেন্দ্র থেকে নর্তকীর পা প্রতিদিনের মতো ছুঁয়ে নেয় নটরাজকে। আজ তার মধ্যে রাধারানির অনুভব। কৃষ্ণপ্রেমে আকুল চিরবিরহিণী। গোপীনাথজী আজ মূর্তি থেকে বেরিয়ে মানুষের রূপে এসেছেন। তাঁকে দেখে প্রাণ ভরে গেছে এক অভূতপূর্ব আনন্দে। ময়নাবাই তো কেবল বাইজী নয়– তার জীবনে মাত্র দু'টি ভালোবাসা। একজন হল নৃত্যকলা আরেকজন হল গোপীনাথজী। তার দেহটা বারনারীর হতে পারে কিন্তু অন্তরে সে শুদ্ধ, পবিত্র। নাচের শুরুতে বিবেকানন্দ আসেননি। আরও মন ঢালতে হবে। পায়ের ছাপে আঁকা হয় একে একে পদ্মের পাপড়িরা। হঠাৎ তালভঙ্গ হয়! থমকে থেমে যায় নাচ! মুনশি জগমোহনের চোখে জল, মহারাজা অজিত সিংহকে বলছেন স্বামীজী আসবেন না। উনি সন্ন্যাসী মানুষ। তিনি কেমন করে উপস্থিত থাকতে পারেন এমন নাচগানের আসরে? বাইজী নাচ দেখা কি সন্ন্যাসীর মানায়?

বিদ্যুৎ বয়ে গেল সভার মধ্যে? এ কী শুনছে সে? তিনি যে স্বয়ং গোপীনাথ! যার জন্য সারাজীবন শবরীর প্রতীক্ষায় বসে আছে ময়নাবাই, সেই তিনি আসবেন না? কেন? বাইজী বলে? নৃত্য যে নটরাজের সৃষ্টি! ঝুলন পূর্ণিমার রাতে রাজপুতানার মাটিতে তো

স্বয়ং কিষাণজীও নৃত্যে মাতেন– শত গোপিনী প্রত্যেকেই তাঁকে পায় নিজের মতো করে।

নাচ থেমে গেল। ফুল আজ আর ফুটবে না। আজ সন্ধেবেলা এমনিই আরতি হোক গোপীনাথজীর।

হাউ-হাউ করে কাঁদছে খেতড়ির ময়নাবাই। সুন্দরী তন্বী রাজনর্তকী দুনিয়াকে সুর, তাল, ছন্দে ভাসিয়ে দেয় সে। যার রূপ-যৌবনের জন্য পতঙ্গের মতো ছুটে আসে সম্ভ্রান্ত রাজকর্মচারীরা তবু তার হৃদয়, মন, অস্তিত্ব জুড়ে থাকেন শুধু গোপীনাথজী। তার এই কান্না কি শুধু অহংকার চূর্ণ হয়ে গেছে বলে? রূপের অহংকার! নাচের অহংকার! এমনকী ভক্তির অহংকারও তো বটে! কিন্তু সমদর্শী সন্ন্যাসীর এ কেমনতর অবিচার? সন্ন্যাসীর কাছে পাপ-পুণ্য সব তো সমান। তার পা অবশ হয়ে গেছে। নিস্তেজ হয়ে বসে পড়ে গোপীনাথজীর মূর্তির পায়ের কাছে। বাঁশির মতো সুরেলা কণ্ঠ তাঁর। গান হাহাকার হয়ে ছড়িয়ে পড়ল আকাশে-বাতাসে।

প্রভু মোরে অবগুণ চিত না ধরো
সমদরশী হ্যায় নাম তিহারো, অব মোহি পার করো
এক লোহা পূজামেঁ রাখত, এক ঘর অধিক পরো,
সো দুবিধা পারস নেহি দেখত, কাঞ্চন করত খরো
এক নদিয়া এক নার কহাবত, ম্যাঁয়লো হি নীর ভরো,
যব মিলে দোনো এক বরণ ভয়োঁ, সুরসরি নাম পরো
তন মায়া যো ব্রহ্ম কহায়ত, সব সু মিল বিধরো,
অবকি বের মোহি পার উতারো, নহি প্রাণ জাত টরো।

গান শেষ হলে কারুর মুখে কথা সরে না দু'চোখে মুক্তোর বিন্দু। এমনকী মহারাজ অজিত সিংহও প্রচণ্ড মর্মাহত।

'ময়নাবাই চোখ খুলে দেখ! কে এসেছেন তোমার সামনে।'

মুনশি জগমোহন ডাকছে। সামনে দাঁড়িয়ে আছেন মহারাজা অজিত সিংহ আর তাঁর পিছনে স্বামীজী। স্বামী বিবেকানন্দ।

প্রতিভাদীপ্ত তরুণ সন্ন্যাসী– উজ্জ্বল আয়ত চোখে হাসির আভা, রাজোচিত চলনভঙ্গিমা, গেরুয়া বসন, মাথায় পাগড়ি, হাতে দণ্ড, মুখশ্রীতে সরলতা মাখানো। তাঁকে দেখলেই যে ভালোবাসতে ইচ্ছে করে।

কিছুক্ষণ চোখকে বিশ্বাস হয় না। দু'জনেই বিস্ময়ে স্তব্ধ। স্বামীজী এসেছেন নর্তকীর কাছে? একবার গোপীনাথজীর দিকে দেখছে একবার স্বামীজীর আবছা অবয়বের দিকে আড়চোখে দেখছে ময়নাবাই। কিন্তু এ কি ভ্রম হল? সামনে গোপীনাথজীর মূর্তি কোথায় গেল? তাঁর জায়গায় স্বামীজীর পাথরের মূর্তি যে রাজনর্তকীর দিকে মিটিমিটি করে হাসছে, অভিমানিনী ময়নাবাই স্বামীজীর দিকে আর সোজাসুজি তাকাবে না ঠিক করেছে তাই বুঝি এই হল গোপিনাথের? কান্নার দমকে শরীরটা কেঁপে কেঁপে উঠছে বার বার! শ্রাবণ মাসের সন্ধ্যায় আকাশও অঝোরে কেঁদে চলেছে। অস্ফুট স্বরে নর্তকী বলছে, 'প্রভু আমি যে বারবনিতা, আর তুমি বিবাগী সন্ন্যাসী। কেন এলে আমার কাছে? তোমার কাছে আমার বাইজি নামটাই বড় হল? যে ধাতু দিয়ে কৃষ্ণজীর বিগ্রহ তৈরি হয় সেই ধাতুতেই তো অস্ত্রও তৈরি হয়, কিন্তু পরশপাথর যখন তাদের ছুঁয়ে ফেলে তারা দু'জনেই তো সোনা হয়ে যায়। তুমি তো সেই পরশপাথর স্বামীজী? তবে আমাকে এমন অপমান করলে কেন? তোমাকে যে খেতড়ির প্রতিটা পশু-পাখিও প্রাণ ঢেলে ভালোবাসে! তুমি তাদের ভালোবাসা বুঝলে না?'

এমন সময় কানে এল, 'মা'–

কে ডাকে? জলদগম্ভীর কণ্ঠে কে বাইজিকে মা বলে ডাকল? ভুল হয়নি তো শুনতে? না ওই তো আবার ডাকে, 'মা! মা! মাগো!'

মা বলে তো তাকে কেউ ডাকেনি আজ অবধি? সে সকলের ময়নাবাই! সুন্দরী রূপসী নাচনেওয়ালি! তাই ফিরে দেখতেই হল।

স্বামীজীর দু'চোখে জলের ধারা। দু'হাত বাড়িয়ে প্রণামের ভঙ্গিতে গান ধরলেন উদাত্ত স্বরে। যে গান সে রোজ গায়। গাইতে গাইতে হৃদয়ের আবেগে কণ্ঠ রুদ্ধ হয়ে এল স্বামীজীর। এ যে গোপীনাথজী আর ময়নাবাইয়ের একান্ত নিজের গান। এমন গান বিবেকানন্দ জানলেন কী করে?

'হলত সুখ পালত সুখ, নিত সুখ সিমরণু, নাম গোবিন্দ কা সাদা লিজে। মিটে হে কামানি পাপ চিবানী-সাথ সংগত মিল মুয়া জিজৈ, শরণ সমরথ অকথ অগোচর পতিত উদ্ধারণ নাম তেরো, সুরকে স্বামী প্রভু অন্তরযামী, সরব পূরণ প্রভু ঠাকুর মেরো।'

অর্থাৎ গোবিন্দের নাম নিলে ইহকাল, পরকাল, চিরকালের সুখ পাওয়া যায়। সাধুসঙ্গে তো মৃত ব্যক্তির মধ্যেও জীবনের সঞ্চার হয়। হে বাক্যমনাতীত তোমার নাম নিলে পতিতও উদ্ধার পায়। তুমি সেই অন্তরযামী, পাপ পুণ্যের অতীত চিরন্তন, আমাদের তোমার শরণাগত করে নাও। গান শেষ হলে প্রণামের ভঙ্গিতে মাথা নোয়ালেন স্বামী বিবেকানন্দ। "মা! তুমি আমাকে ক্ষমা কর জননী! তুমি আমার চোখ খুলে দিয়েছ! মাগো একবিন্দু জল সে যমুনাতেই থাকুক অথবা নালানর্দমাতেই থাকুক, গঙ্গায় মিশলে তো সে পবিত্র হয়ে যায়! তুমি তো সেই গঙ্গায় এসে পড়েছো ময়নাবাই। বিবেকানন্দ যে সেই গঙ্গা, মাগো! ওঠো, জাগো! তত্ত্বমসি! তুমিই সেই! যে ব্রহ্ম তোমার মধ্যে আছে সেই ব্রহ্মই আমার মধ্যেও বিরাজমান! এত বড় সত্যটা আমি কেমন করে ভুলে গিয়েছিলাম? আমি কীসের সন্ন্যাসী! তুমি তো মা! সন্তানকে ক্ষমা করতে পারবে না?" মন্দিরের সামনের চত্বরে বসে পড়লেন স্বামীজী, গুরুর পায়ে মাথা রেখে প্রণাম করল খেতড়ির রাজনর্তকী। জীবন্ত গোপীনাথজীর পা দু'টি ধুয়ে যাচ্ছে চোখের জলে। ময়নাবাই আজ পাষাণী অহল্যার মতো জেগে উঠেছে। মর্যাদা পুরুষোত্তম শ্রীরামচন্দ্রের পায়ের ছোঁয়া লেগে যেমন নতুন জীবন শুরু হয়েছিল অহল্যার, তেমন আজ নতুন জীবন শুরু হল কানোরিয়া কোঠির বাইজীদের। যেন গোপীনাথজী সামনে এসে দাঁড়িয়েছেন, একে একে প্রণাম করল ভামরিবাই, জানকিবাই আরও অনেকে।

"আজ থেকে তুমি সন্ন্যাসিনী হলে। শ্রীরামকৃষ্ণ এবং জননী সারদা তোমাকে ঘিরে থাকবেন আজীবন, আমি আবার আসব এখানে, তখন তোমার সঙ্গে আবার দেখা হবে। গোপীনাথজীকে তুমি প্রাণভরে গান শুনিয়ো আমি যেখানেই থাকি, ঠিক শুনতে পাবো। ততদিন তোমাকে শ্রীরামকৃষ্ণ রক্ষা করবেন।"

গল্প কিন্তু এখানেই শেষ নয়, বরং বলা যায় এখান থেকে শুরু। স্বামী বিবেকানন্দ কথা রেখেছিলেন। দু'বছর পর ১৮৯৩ সালের বৈশাখ মাসে কুমার জয়সিংহের জন্ম হয়। স্বামীজী ২১ এপ্রিল খেতড়িতে পৌঁছেছিলেন সেবার। রাজরানি স্বামীজীর চরণে গুরুপূজা করে স্বামীজীর হাতে তুলে দিলেন নবজাতককে। সকলের আদরের জয়সিংহকে। সকলে জয়ধ্বনি করে উঠল। 'জয় স্বামী বিবেকানন্দের জয়! জয় মহারাজ অজিত সিংহের জয়।' তোমাদের বন্ধুত্ব জন্মজন্মান্তরের, এই বন্ধুত্ব চিরস্থায়ী হোক।

স্বামীজী সংস্কৃত উচ্চারণে স্বস্তিবাচন পড়লেন, প্রাণভরে আশীর্বাদ করলেন সদ্যোজাতকে। পান্নাতালাওয়ে সেদিন একটি সুশোভিত ময়ূরপঙ্খী জাহাজ সাজানো হয়েছিল। ময়নাবাই তখন স্বামীজীকে দু'টি গান শুনিয়েছিলেন, সেই দুইখানি গান স্বামীজী তাঁর ডায়েরিতে লিখে রাখেন, মাঝে মাঝে উনি সেই গান গাইতেন। সুরদাসের ভজন 'দয়ানিধে তোরি গতি লখি ন পরে' গানটি গাইতে গাইতে তাঁর মনে হত সর্বং খল্বিদং ব্রহ্ম। এক ব্রহ্মসত্তা সর্বভূতে বিরাজিত। মনুষ্যত্ব সবার ওপরে সেখানে ধর্ম অধর্ম কারণ অকারণ কিছুই থাকতে পারে না। সামান্য বাইজী তাঁকে বুদ্ধত্ব প্রাপ্তিতে সাহায্য করেছিলেন সেকথা স্বামীজী ভুলতে পারেননি। কানোরিয়া কোঠির বাইজীদের জীবনেও আমূল পরিবর্তন এসেছিল ততদিনে। শ্রীরামকৃষ্ণ ও সংঘজননী সারদা মায়ের পটে প্রতি সন্ধ্যায় আরতি হত। মুনশি জগমোহন সেদিন স্বামীজীকে বোম্বে অবধি পৌঁছে দিয়েছিল, সেখান থেকে সাগর পেরিয়ে বিদেশে যাবেন– জয় হোক বিবেকানন্দের এই কথাই বুঝি বলেছিল সেদিন খেতড়ির সব মানুষ। আর ময়নাবাইয়ের কথা তো আলাদা; সে তো জননীও বটে! বিবেকানন্দ যে তাকে মা বলে ডেকেছিলেন। মুনশিজি ফিরে এসে ময়নাবাইকে বলেছিলেন– মহারাজার কথা মতো রেশমের আলখাল্লা ও পাগড়ি বানিয়ে, পেনিনসুলার এবং ওরিয়েন্ট নামের আমেরিকাগামী জাহাজে প্রথম শ্রেণির টিকিট কেটে স্বামীজীকে তুলে দেবার কথা। তিনি যেন রাজগুরুর সম্মানেই ভ্রমণ করতে পারেন। বলেছিলেন, "জানো ময়নাবাই, রেশমের পোশাকে স্বামী বিবেকানন্দকে সত্যি রাজা মহারাজের মতো লাগছিল। ভারতবর্ষকে সম্মানের সঙ্গে বিদেশে নিয়ে যেতে একমাত্র এই নির্ভীক সন্ন্যাসীই পারেন"। জাহাজ ঘাটার বর্ণনা শুনতে শুনতে কখন ময়নাবাইয়ের চোখ ঝাপসা হয়ে গিয়েছিল। তার একটাই কথা, "স্বামীজী আমার নন্দলালা হে গোপীনাথজী আমার নন্দলালকে বিজয়ী করো।"

বিজয়ী স্বামীজী শেষবারের মতো খেতড়িতে এসেছিলেন ১৮৯৭ সালের ১২ ডিসেম্বর, রাজস্থলীতে তখন বেশ শীত। দীর্ঘমরুপথ চড়াই-উতরাই পেরিয়ে ক্লান্ত স্বামীজী এসে পৌঁছলে রাজা তাঁকে ছয়ঘোড়ার গাড়িতে করে নিয়ে এলেন। রাজ্য জুড়ে তখন মহা উৎসব। রাজাও ইয়োরোপ ভ্রমণ শেষে ফিরেছেন আর রাজগুরুও। দিকে দিকে আলোর রোশনাই, ভোজ, আতসবাজি, পান্নাসার তালাওয়ে ময়ূরপঙ্খি নৌকোতে করে সব প্রজারা বেড়াতে বেরিয়েছে, জায়গায় জায়গায় তাঁবু খাটিয়ে নগরবাসীরা নৃত্যগীত করছে, দোকানে পসারিণী মিষ্টিহাসিতে ক্রেতাকে অভিবাদন জানাচ্ছে, কেনার শেষে হাতের মণিবদ্ধ জড়িয়ে দিচ্ছে সদ্যফোটা জুঁইফুলের একটি একানে মালা। স্বামীজী এসেছেন শুনে দলে দলে প্রজারা দু'টি করে রুপোর টাকা দিয়ে প্রণাম করল। রাজস্থানী কায়দায় তার নন্দলালকে প্রণাম করেছিল ময়নাবাইও। পঞ্চপ্রদীপে আরতি করে বলেছিল, "সাধুজী আমাদের কী উপায় হবে?" স্বামীজী বলেছিলেন, "মা গো, শ্রীরামকৃষ্ণ যেদিন থেকে পৃথিবীতে এসেছেন সেদিন থেকে সবার মুক্তির পথ উন্মুক্ত হয়ে গেছে। তুমি তীর্থভ্রমণ কর আর অনাথ আতুরদের সেবা কর। জীব সেবাই শিব সেবা। নিজেকে বিলিয়ে দাও অনাথ শিশুদের মধ্যে। তুমি দেবীমা হও, তোমার মধ্যে জগন্মাতার প্রকাশ হোক।"

তারপর অনেক দিন কেটে গেছে, খেতড়ির রাজা দেহ রেখেছেন ১৯০১ সালে, স্বামীজীও চলে গেলেন তার এক বছর পরেই। ময়নাবাই আর ভামরিবাই বৃন্দাবনের পথে পথে ভিখারিনি হয়ে ঘুরে বেড়াতেন আর কয়েকটি পথশিশুকে নিয়ে অনাথ আশ্রম চালাতেন। শরীর ভেঙে পড়ায় শেষজীবনে ফিরে আসেন খেতড়িতেই। তার কোনও আক্ষেপ, ভয়, কোনও নিরাশা ছিল না– স্বয়ং গোপীনাথ যে তাকে পথ চলতে শিখিয়েছিলেন। নন্দলালা স্বামীজী তার সঙ্গে জীবনের শেষদিন অবধি ছিলেন।

তীর্থযাত্রার সময় শেষবারের মতো নৈনি সরোবরে স্বামীজীর সঙ্গে দেখা হয়েছিল ময়নাবাই আর ভামরিবাইয়ের। ভগিনী নিবেদিতা লিখছেন, 'স্বামীজী বাইজীদের আশীর্বাদ করছেন, তাদের সঙ্গে কথা বলছেন দেখে সাধারণ মানুষের রাগ রোষ হয়েছে কিন্তু স্বামীজী তা গ্রাহ্য করেননি।' সেটাই তো স্বাভাবিক, ময়নাবাই তো সাধারণ বাইজী নয়, তিনি যে তার মা!

খেতড়ির প্রতিটি মরুকণায় কান পাতলে শুনতে পাওয়া যাবে সন্ন্যাসিনী ময়নাবাই আর স্বামীজীর কাহিনী। সুখমহল, সর্দমহল, পান্নাতালাও সর্বত্র এখনও মিশে রয়েছে ভক্ত সুহৃদ অজিত সিংহ, মুনশি জগমোহন, ময়নাবাই এঁদের স্বামীজীর প্রতি অচলা ভক্তির কথা। এখানে হাওয়ায় হাওয়ায় ইতিহাস ফিসফিস করে আজও 'প্রভুজি মেরে অবগুণ চিত না ধরো।' ❑

# ভগবান শ্রীকৃষ্ণের সাথে অর্জুন ও উদ্ধবের সাক্ষ্যাকার

কান্তি বন্ধু ব্রহ্মচারী

বর্তমান বিশ্ব প্রযুক্তি বিদ্যায় অনেক এগিয়ে এসেছে। বিভিন্ন দেশে টেলিভিশনে টকশোতে জাতীয়, আন্তর্জাতিক সমস্যা নিয়ে আলোচনা হয় বিজ্ঞজনদের সাথে, তাতে অনেক প্রশ্ন উঠে আসে এবং সমাধানও বেরিয়ে আসে।

প্রাচীনকালেও এ ধরনের ব্যবস্থা ছিল। তারই প্রকাশ বহুগ্রন্থ ও শাস্ত্র। যা আমাদেরকে সমস্যা সমাধানের পথ দেখিয়ে দেয়।

ভগবান শ্রীকৃষ্ণ সাক্ষাৎকার দিয়েছেন এরকম দু'জনার সাথে, একথা কোথায় আছে? গীতাতে ও ভাগবতে। গীতাতে কথা বলেছে কার সাথে? অর্জুনের সাথে, ভাগবতে বলেছে উদ্ধবের সাথে।

শ্রীকৃষ্ণ পৃথিবীর মাটিতে ছিলেন ১২৫ বৎসর।

১০ বৎসর আট মাস ছিলেন বৃন্দাবনে, অর্জুনকে উপদেশ দিয়েছেন কুরুক্ষেত্রের যুদ্ধের মাঠে ৪০ বৎসর বয়সে। লীলার শেষ অবস্থান ছিল দ্বারকাতে। তাঁর রাজধানীতে। শ্রীকৃষ্ণের রাজধানী এখনও আছে ভারতের গুজরাট প্রদেশে আরব সাগরের তীরে।

শ্রীভগবানকে অর্জুন প্রশ্ন করেছেন বিভিন্নভাবে। সে সমস্ত কথা মানুষের মনে আজও জাগে।

সাধারণ মানুষ আসে কর্মফল ভোগের জন্য। যতক্ষণ না পর্যন্ত কর্মফল শেষ হয়, ততক্ষণ আসতেই থাকে। অনেক জন্ম অতিক্রম করার পর মনুষ্য-জন্ম লাভ হয়। আর এই মনুষ্য-জন্ম লাভের সার্থকতা ভগবান লাভের যোগ্যতা। সাধনার বলে মানুষ দেবতায় উন্নীত হতে পারে।

অর্জুন জানতে চাইছে শ্রী ভগবানের কাছে, তুমি যে কথাগুলি বলছ আমার সাথে, একথাগুলি এর আগেও বলেছ অনেকের সাথে, যেমন মনু, ইক্ষ্বাকু, সূর্যকে, তুমি ও আমি তো সমসাময়িক, যাদের কাছে বলেছ, এরা তো অনেক কাল আগের, আমি তো তোমার কথা মেনে নিতে পারছি না।

অর্জুন তোমার ও আমার বহু জন্ম কেটে গেছে, তোমার মনে নেই, আমার আছে।

দেখতে দু'জনার অবয়ব মানুষের মত হলেও আমি মনুষ্য দেহধারী ভগবান, পৃথিবীর প্রয়োজনে, আমি আসি আবার চলে যাই, প্রয়োজন মনে করলেই আসি, আমার জন্মও দিব্য কর্মও দিব্য। একথা যে জানে সে আমাকে সঠিকভাবে জানতে পেরেছে।

সাধারণ মানুষ আসে কর্মফল ভোগের জন্য। যতক্ষণ না পর্যন্ত কর্মফল শেষ হয়, ততক্ষণ আসতেই থাকে। অনেক জন্ম অতিক্রম করার পর মনুষ্য-জন্ম লাভ হয়। আর এই মনুষ্য-জন্ম লাভের সার্থকতা ভগবান লাভের যোগ্যতা। সাধনার বলে মানুষ দেবতায় উন্নীত হতে পারে। যদি কোন মানুষের এক জন্মে দেবত্বে উন্নীত হওয়া সম্ভব না হয়, তবে সে অনেকখানি এগিয়ে থাকতে পারে। যেকোন প্রাণীর মৃত্যুতে দেহটি বিনাশ হয়, আত্মার বিনাশ নেই। পরবর্তী জন্মে পূর্বজন্মে যতখানি এগিয়ে ছিল, পরবর্তী জীবন আবার সেখান থেকে শুরু হয়। মৃত্যুতে শোক করার কিছু নেই।

এজন্য তোমাকে বলছি, কর্তব্য করাই ধর্ম। কর্তব্য অবহেলা পাপ। আমার কোন কাজ নেই ধরাধামে। তবুও আমি কাজ ছেড়ে অলস সময় কাটাই না। আরও বলছি শোন, কাজ করবে অনাসক্তভাবে, কাজেই তোমার অধিকার ফলের দিকে চেয়ে কাজ করবে না।

শুভ কাজের ফল, শুভই তোমার জন্য বহন করে আনবে। কর্মফলের হাত থেকে কেউই রক্ষা পায় না।

অর্জুনের আর একটি প্রশ্ন খুবই সর্বজনীন, অর্জুন জানতে চাইছে শ্রীভগবানের কাছে, আমি চাই না কোন খারাপ কাজ করতে। করি কেন? অনিচ্ছা সত্ত্বেও খারাপ কাজ করে ফেলি, এর কারণ কি?

শোন অর্জুন, পৃথিবীর যে কোন দেশে যে কোন মানুষই হোক না কেন কেউই তিনটি গুণের বাইরে নয়। কি কি গুণ তাও বলছি শোন। সত্ত্ব, রজঃ, তমঃ।

এই ৩টি গুণ অবিরাম ক্রিয়া করছে মানুষের মধ্যে। যে গুণের প্রবলতা দেখা দেয়, তখন মানুষটি সেগুণের অধিকারী হয়। রজঃ এবং তমঃ গুণ মানুষকে বিভ্রান্ত করে। আশাকে দুরাশায় পরিণত করে, পরে সমূলে বিনাশ করে।

শুদ্ধ সত্ত্বগুণের অধিকারী হলে মানুষ তখন দেবতুল্য হয়। রজঃ এবং তমঃ গুণ মানুষকে পশুতে পরিণত করে।

তবে যেকোন মানুষ শুদ্ধ সত্ত্বগুণের অধিকারী হতে হলে তাকে অবিরাম অধ্যবসায় এবং অনুশীলনের ভেতর দিয়ে এগিয়ে যেতে হবে।

অর্জুন সংগে সংগে জানতে চাইছে, শ্রীভগবানের কাছে, আমার এ গুণগুলি অর্জন করতে হলে, আমি কি করব। কোন্ পথ অনুসরণ করব। শ্রী ভগবান বললেন– শোন অর্জুন, ২৬ টি গুণের অধিকারী দেহে পরিপূর্ণ সত্ত্বগুণময় হয়, তোমার ভয় নেই, তুমি ২৬ টি গুণ নিয়েই জন্মেছ।

শ্রীভগবানের সাথে কথা বলার পর অর্জুনের ভেতরে যে অহংকার বোধ ছিল, তা আস্তে আস্তে কেটে গেল।

আজ সমস্ত বিশ্বে সহিংসতা, প্রতিদিন বহু প্রাণ যাচ্ছে– এর কারণ, তমঃ, রজঃ গুণের প্রভাব এত বেশি, মানুষের মত আমাদের দেহ হলেও, আমরা মানুষের মত আচরণ ভুলেই গেছি অনেক জায়গায়।

শ্রীকৃষ্ণের আর একটি সাক্ষাৎকার আছে উদ্ধবের সাথে, উদ্ধব শ্রীকৃষ্ণের একান্ত অনুরাগী ভক্ত এবং সম্পর্কে কাকাত ভাই। অর্জুনের ধারণা যুদ্ধ বিদ্যায় আমি বিশেষ পারদর্শী। এটি তার অহংকারও বটে।

অর্জুন যেমন কৃষ্ণের বন্ধু অনুরূপ উদ্ধবও শ্রীকৃষ্ণের বন্ধু। থাকে কৃষ্ণের কাছেই, দেখতে কৃষ্ণের মতই। উদ্ধবের ধারণা, আমিই কৃষ্ণের ভক্তদের মধ্যে সবচেয়ে আপন এবং সবার চেয়ে শ্রেষ্ঠ। এ অহমিকাবোধ কাজ করছে অনেক দিন ধরে।

কৃষ্ণ আছেন মথুরায় অনেক দিন ধরে, প্রায়ই বাবা নন্দরাজা, যশোদা মায়ের কথা মনে পড়ে, মথুরা ছেড়ে কৃষ্ণ যেতে পারে না বৃন্দাবনে নানা কারণে। জানতে ইচ্ছে করে মা, বাবা কেমন আছে। উদ্ধবের চেহারা কৃষ্ণের মত। সম্পর্কেও কাকাত ভাই, হঠাৎ এক দিন খুব ভোরে উঠে, কৃষ্ণ কাছে ডাকলেন উদ্ধবকে, শ্রীকৃষ্ণের চোখে জল ঝরছে। উদ্ধবের হাত দু'খানা টেনে ধরে নিজের হাতের মধ্যে, উদ্ধবের দিকে চেয়ে বললেন যাও, বৃন্দাবনে গিয়ে মা-বাবার সংবাদ নিয়ে এসো। আমি যেতে পারি, যাব না নানা কারণে, দীর্ঘদিন বাবা-মা দেখছে না আমাকে, আমি দেখছি না মা-বাবাকে, বৃন্দাবনবাসীরাতো পাগলপারা বিরহ কাতরা, বেঁচে থেকেও যেন মরা, আমি তাদেরকে বলেছিলাম কংস বধ করে চলে আসব। যাওয়া হচ্ছে না। কখন যাবে, কোন পথে যাবে, কিভাবে, গিয়ে কি করবে, সব আমি তোমাকে বলে দিচ্ছি।

আমি যে রথে চলাফেরা করি, তুমি সে রথেই যাবে। যাওয়ার পথে প্রথম প্রণাম করে যাবে আমার গুরু সন্দীপনি মুনিকে। তাঁকেই শ্রদ্ধা নিবেদন করবে, সবার আগে।

উদ্ধব যখন মথুরা থেকে বৃন্দাবন গিয়ে পৌঁছে তখন সন্ধ্যা লাগে লাগে। রথখানা দেখেছেন বৃন্দাবনবাসীরা বহু দূর থেকে, ধূলা উড়িয়ে একখানা অতীব সুন্দর রথ আসছে বৃন্দাবনের দিকে। বসা আছে রথে শ্রীকৃষ্ণের মতই একজন দেখতে। সবাই তাকিয়ে আছে, বাছুর ও গাভীগুলি ডাকছে হাম্বা হাম্বা করে, কৃষ্ণ আসছেন মথুরা থেকে বৃন্দাবনবাসীকে দেখতে। উদ্ধব বুঝতে পারছে না। বাছুরগুলি এভাবে কেন ডাকছে। বৃন্দাবনবাসীরা তাকিয়ে আছে রথের দিকে। ভাবছে, কৃষ্ণ যদি এসেই থাকে, তবে কেন বসে আছে রথে। উদ্ধবের চিন্তা বদলে গেল নিমিষে। আমি জানতাম, আমি সবচেয়ে ভালবাসি কৃষ্ণকে। কৃষ্ণ ভালবাসে আমাকে। এখন দেখছি, আমার চেয়ে অধিক ভালবাসে, বৃন্দাবনের গো বৎসেরা, বৃন্দাবনবাসীদের ভালবাসার কাছে আমি হেরে গেলাম। ❑



এতৈর্বিমুক্তঃ কৌন্তেয় তমোদ্বারৈস্ত্রিভির্নরঃ।
আচরত্যাত্মনঃ শ্রেয়স্ততো যাতি পরাং গতিম্ ॥

*[ অ : ১৬, শ্লোক : ২২ ]*

**অনুবাদ ঃ** হে কৌন্তেয়, তিনটি নরকদ্বার হইতে মুক্ত হইলে মানুষ ঈশ্বরারাধনাদিরূপ স্বীয় কল্যাণসাধনে সমর্থ হয় এবং সেই শ্রেয়ঃ অনুষ্ঠানবশত ইহলোকের সুখভোগ ও মনুষ্যজন্মের সার্থকতারূপ শ্রেষ্ঠ গতি (মোক্ষ) লাভ করে।

*[ অ : ১৬, শ্লোক : ২২ ]*

# সনাতন ঃ সার্বজনীন ধর্ম

রামকৃষ্ণ তালুকদার

যে অনুসন্ধানে সনাতন ধর্মাবলম্বীরা সবচেয়ে বেশি উদ্যম ও শ্রম ব্যয় করেছে তা হলো আত্মা, ঈশ্বরের অস্তিত্ব এবং দৃষ্টি সীমার বাইরে ভবিতব্যের আবিষ্কার করা। যুগ যুগ ধরে মনীষীরা তপস্যা ও অনুসন্ধানের মাধ্যমে ইন্দ্রিয়াতীত জগতের আভাস দেখতে পেয়েছিল।

আমরা সাধারণ দৃষ্টিতে দেখতে পাই পৃথিবীর কোন ধর্মই আধুনিককালে সৃষ্টি হয়নি। প্রতিটি ধর্মেরই বিভিন্ন সম্প্রদায় তাদের একই ধর্মগ্রন্থকে বিভিন্নভাবে ব্যাখ্যা দিয়ে থাকে। হিন্দু, বৌদ্ধ, খ্রীষ্টান ও ইসলাম ধর্মের মধ্যে অনেক সম্প্রদায় আছে। হিন্দুদের মধ্যে সম্প্রদায়ের সংখ্যা অনেক বেশি। বাস্তবিকভাবে, ধর্ম যখন প্রাণহীন হয় তখন তার মধ্যে কোন ধর্মীয় সম্প্রদায় থাকে না।

বিশ্বে যতদিন মানবজাতির চিন্তাশক্তি থাকবে, ততদিন সম্প্রদায় থাকবে চিন্তাধারার স্বাভাবিক গতিকে অব্যাহত রাখতে। আধ্যাত্মিকতা সনাতনী ধর্মের মূল ভাবধারা। ঈশ্বরের প্রকৃত সংজ্ঞা নির্ণয় করতে যেয়ে এটাই উপলব্ধিতে এসেছে যে মানুষের আত্মা এক ঐশ্বরিক বস্তু এবং ঈশ্বরের অবস্থান সর্বব্যাপী।

বেদের আয়তন এবং বিশালতা এত ব্যাপক যে কোন বৃহদাকার কক্ষে সংকুলান হবে না। সনাতন ধর্মাবলম্বীদের যুক্তিসঙ্গত বিশ্বাস যে এত বিশাল আয়তনের বেদসমূহ সুদূর অতীতের কোন মানুষদের দ্বারা রচিত হতে পারে না। এ হলো ঐশ্বরিক জ্ঞানের পূঞ্জীভূত বাণীসমূহ।

সনাতন ধর্ম প্রাকৃতিকভাবে সৃষ্ট এবং ধর্মের সর্বত্রই বিশ্ব ঐক্যের কথা প্রচারিত হয়েছে। ব্যক্তি বিশেষের দ্বারা প্রতিষ্ঠিত কোন ধর্মই সার্বজনীনভাবে গ্রহণযোগ্য হতে পারে না। কারণ এক ব্যক্তির কথাকে স্বীকৃত সত্য বলে ধরে নিয়ে সমগ্র আধ্যাত্মিকতা ও নীতিতত্ত্বকে সত্য বলে স্বীকার করা যায় না। সনাতন ধর্মে কোন ব্যক্তি বিশেষের কথাকে স্বীকৃত সত্য বলে স্বীকার করে নেওয়ার প্রয়োজন হয় না, কারণ এর নীতিতত্ত্ব মানবজাতির সনাতন আধ্যাত্মিকতা ও প্রকৃতির উপর প্রতিষ্ঠিত। একইসাথে মহাপুরুষ ও অবতার উপাসনার পথও খোলা আছে সনাতন ধর্মাবলম্বীদের কাছে।

সনাতন ধর্মের প্রধান ধর্মগ্রন্থ বেদের জ্ঞান সমুদ্রের মত বিশাল এবং এ জ্ঞানকে বুঝতে হলে অনেক জীবনের প্রয়োজন। বেদ হচ্ছে একমাত্র প্রামাণ্য দলিল যেখানে প্রত্যেকের অধিকার আছে নিম্নোক্ত শ্লোক থেকে তা প্রতীয়মান ঃ

ফথেমাং বাচং কল্যাণীমানদানি জনেভ্য ঃ।  
ব্রহ্মারাজস্যভ্যাং সূদ্রায় চার্যয় স্বায় চারণায় ॥

—শুক্ল যজুর্বেদ (২৬/২)

সনাতন ধর্মের বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে তত্ত্বগত মতপার্থক্য থাকলেও দুইটি মূল বিষয়ে ঐক্যের কথা স্বীকার করা হয়, তা হলো ঃ ঈশ্বর ও আত্মা। প্রথমত, সকলেই বিশ্বাস করেন, যিনি সমগ্র বিশ্বব্রহ্মাণ্ড সৃষ্টি, রক্ষা ও পালন করছেন তিনিই ঈশ্বর।

দ্বিতীয়ত, আত্মার পুনর্জন্ম তত্ত্ব। এ তত্ত্বানুযায়ী নিজ নিজ কর্মানুযায়ী আত্মা বারবার একের পর এক দেহ ধারণ করে জন্ম-মৃত্যুর চক্রে আবর্তিত হয়ে থাকে। উপনিষদসমূহও বেদের জ্ঞানের অন্তর্গত, তাই উপনিষদগুলিকে বেদান্ত নামে অভিহিত করা হয়। আর শ্রুতি শাস্ত্রের শ্লোকগুলি উপনিষদ থেকে গৃহীত।

বেদের আয়তন এবং বিশালতা এত ব্যাপক যে কোন বৃহদাকার কক্ষে সংকুলান হবে না। সনাতন ধর্মাবলম্বীদের যুক্তিসঙ্গত বিশ্বাস যে এত বিশাল আয়তনের বেদসমূহ সুদূর অতীতের কোন মানুষদের দ্বারা রচিত হতে পারে না। এ হলো ঐশ্বরিক জ্ঞানের পূঞ্জীভূত বাণীসমূহ। বেদের রচয়িতাকে কেউ কোনদিন দেখেনি এবং রচয়িতার কথা কল্পনাও করা যায় না। মুনি ঋষিরা অসামান্য চিন্তা শক্তির অধিকারী ছিলেন। অনাদিকাল থেকে চলতে থাকা বেদসমূহকে ঋষিরা প্রত্যক্ষ করেছেন এবং মন্ত্রসমূহের বিধানগুলির রচয়িতা মাত্র। বেদসমূহের মধ্যে এবং কেবলমাত্র বেদসমূহের মাধ্যমেই বিশ্বসৃষ্টি সম্ভব হয়েছে। জ্ঞান বলতে যা কিছু বুঝায় তা সবই বেদে আছে। বেদের প্রতিটি শব্দই শাশ্বত, পবিত্র ও আদি অন্তহীন। সনাতন ধর্মে অনেক ধর্মসম্প্রদায় আছে, এটাই ধর্মের বিশেষত্ব। কারণ এ ধর্মের তত্ত্বগুলি আকাশের মতই সুবিশাল ও অনন্ত। মানুষ যেভাবেই অনুসন্ধান করুক না কেন সেই তত্ত্বগুলোকেই প্রতিষ্ঠিত করে চলবে। তাই সম্প্রদায়গত বিবাদ সৃষ্টি না করে বিভিন্ন সম্প্রদায় থাকা অভিপ্রেত।

আমাদের শাস্ত্রে আছে ঃ  
"একং সদ্বিপ্রা বহুধা বদন্তি"

অর্থাৎ যা কিছুর অস্তিত্ব আছে তা সব এক এবং অস্তিত্বময় সবকিছুই বহু নামে অবিহিত; তাই সম্প্রদায়গুলি অস্তিত্বময় যে কোন কিছু নিয়ে বিভিন্ন দৃষ্টিতে অনুসন্ধান করতে পারে।

অনন্ত বিশ্বপ্রকৃতির সাথে আদি অন্তহীন পবিত্র ধর্মগ্রন্থ বেদ সহাবস্থানে অবস্থিত। এক সম্প্রদায়ের কাছে বেদের একটি অংশ অন্য অংশ থেকে বেশি পবিত্র বা গ্রহণযোগ্য বলে গণ্য হতে পারে,

কিন্তু বেদ হচ্ছে আমাদের ধর্মগত মতপার্থক্য বিষয়ক শেষ বিচারালয়।

সকল সনাতন ধর্মাবলম্বীরা বিশ্বাস করে যে মানুষ কেবলমাত্র পার্থিব দেহ বা মন নয়; কারণ দেহ ও মনের পরিবর্তন আছে। মানুষ হচ্ছে দেহ ও মন থেকে অতীত এমন কিছু যা হচ্ছে মানুষের আত্মা যার কোন আদি অন্ত বা মৃত্যু নেই। আত্মা হলো অনন্ত যার কোন সৃষ্টি বা ধ্বংস নেই। এক অবস্থা থেকে অন্য অবস্থায় পরিবর্তন হয় মাত্র। এ হলো আত্মার অবিনাশিতাবাদ তত্ত্ব। তাই আত্মাকে আত্মারূপে উপলব্ধি করাই হলো ধর্ম। আত্মা সম্পর্কে শ্লোক আছে ঃ

“আশ্চর্যবৎ পশ্যতি কশ্চিদেনমাশ্চর্যবদ্ বদতি অথৈব চান্যঃ।
আশ্চর্যবচ্চৈনমন্যঃ শৃণোতি শ্রুত্বাপ্যেনং বেদ ন চৈব কশ্চিৎ” ॥ ২/২৯

অর্থাৎ, কেউ আত্মাকে দেখে আশ্চর্যান্বিত হয়। কেউ বা আত্মাকে আশ্চর্য বস্তুরূপে বর্ণনা করে। কেউ আশ্চর্য বস্তুরূপে শোনে। আর কেউ কেউ তাৎক্ষণিকভাবে উপলব্ধি করতে পারে না।

গীতা বেদের সারসংক্ষেপ এবং উপনিষদের ভাষ্য। গীতার মূল চরিত্র হলো কৃষ্ণ। অনাসক্তির তত্ত্ব গীতার গুরুত্বপূর্ণ ভাবধারা হলো ফলাফলের আশা না করে কর্মের খাতিরেই কর্ম করে যাওয়া এবং উপাসনার খাতিরেই উপাসনা করা। কুরুক্ষেত্রের যুদ্ধে কৃষ্ণ অর্জুনকে উপদেশ দিয়ে বলেছিলেন– “যাই ঘটুক না কেন যুদ্ধ করে যাও” কারণ যে কেউ অতীতে কোন কর্ম করে থাকলে সে কর্মের ফল তাকে ভোগ করতেই হবে। গীতায় কৃষ্ণ আরও বলেছেন ঃ

সক্তাঃ কর্মণ্যবিদ্বাংসো যথা কুর্বন্তি ভারত।
কুর্যাদ বিদ্বাংস্তথাসক্তশ্চিকীর্ষুর্লোকসংগ্রহম্ ॥ (গীতা ৩/২৫)

যার অর্থ, জ্ঞানহীন লোকেরা কর্মফলের ও লাভের আশায় কর্ম করে যেখানে জ্ঞানী ব্যক্তিরা একই কাজ নিরাসক্তভাবে ফলাফলের আশা ছাড়াই করেন।

কৃষ্ণ জাতি-বর্ণ-নির্বিশেষে সকল মানুষের কাছে ধর্মের দরজা উন্মুক্ত করেন। তাঁর মনের প্রতি দেহের পূর্ণ নিয়ন্ত্রণ ছিল, যার ফলে তিনি যা চিন্তা করতেন, তাই কর্মে রূপায়িত করতে পারতেন।

প্রকৃতিগতভাবে সৃষ্ট সমস্ত কিছুই সার্বজনীন। সনাতন ধর্ম প্রাকৃতিক ভাবধারার উপর সৃষ্ট বলে ধর্মের তত্ত্বগুলো সুদৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত যা কেবলমাত্র নির্দিষ্ট কিছু যুক্তির উপর প্রতিষ্ঠিত নয়। ❑



পত্রং পুষ্পং ফলং তোয়ং যো মে ভক্ত্যা প্রযচ্ছতি।
তদহং ভক্ত্যুপহৃতমশ্নামি প্রযতাত্মনঃ ॥

*[ অ : ৯, শ্লোক : ২৬ ]*

অনুবাদ ঃ যে শুভবুদ্ধি নিষ্কাম ভক্ত আমাকে ভক্তিপূর্বক পত্র, পুষ্প, ফল ও জল অর্পণ করেন, আমি তাঁহার সেই ভক্তিপূত উপহার প্রীতির সহিত গ্রহণ করি।

*[ অ : ৯, শ্লোক : ২৬ ]*

# রাস উৎসব

## (সাধকের বার্তা থেকে সংকলিত)

রস আর ভক্তিতে কোনো পার্থক্য নেই এটা বোঝাতেই বোধহয় রসময় ভগবান শ্রীকৃষ্ণ তাঁর রাসলীলা করেছিলেন শ্রীরাধাসহ গোপীগণকে নিয়ে। ভক্তবৎসল ভগবানের সেই অমোঘ রাসলীলা বৈষ্ণব রসমাধুর্যকে এক অনন্য মাত্রা এনে দিয়েছে। বৈষ্ণব পরিভাষায় রস পঞ্চপ্রকার– সেগুলি হল যথাক্রমে দাস, সখ্য, বাৎসল্য, শান্ত, মধুর। 'বৈষ্ণবলীলা মাধুর্য্যে' এই রস আস্বাদনের ক্ষেত্রে বলা হয়েছে যে শ্রীকৃষ্ণরূপে শ্রীভগবান বিষ্ণুর জগৎ মধ্যে অবতীর্ণ হওয়ার মূল কারণটিই হল রসাস্বাদন। ভগবান ও ভক্ত উভয়ের লীলামাধুরী রসবৈচিত্র্যেই পরিপূর্ণ হয়ে রয়েছে। এক অমৃতময় আনন্দধারায় অবগাহন করে সাধকের চিত্তে এই ভক্তিরস দেবলোকের আশীর্বাদ হয়ে নেমে আসে। শ্রীমদ্ভাগবত শাস্ত্র একেই নাম দিয়েছে 'ভক্তিরস' বলে। আবার শ্রীচৈতন্যচরিতামৃতে আছে– 'প্রেমরস নির্যাস করিতে আস্বাদন। / রাগমার্গ ভক্তি লোকে করিতে প্রচারণ ॥'-ই-বৈষ্ণবীয় রাগাপুগা ভক্তিমার্গের কারণ। আবার পুরাণেও এ প্রসঙ্গে অনেক কথা বলা হয়েছে, যেমন বৃহদারণ্যক উপনিষদের কথায় জানা যায়,- 'স বৈ নৈব রোম, যস্মাদ্ একাকী ন রমতে।' পরমপুরুষ তাঁর জ্যোতির্লোকে একা, রসাস্বাদন করতে অপারগ বলেই আপনার মধ্যে অবস্থিত অমৃতরস আস্বাদন করতেই এক থেকে দুই হলেন, অর্থাৎ বিশেষভাবে স্ত্রীরূপ ও পুরুষ রূপ পরিগ্রহ করলেন। ভক্তিমার্গ সাধনায় রসবৈচিত্র্যে মধ্যে দুইটি ধারার কথাই এজন্য বিশেষ করে জানা যায়, যার মধ্যে একটি হল, বিধিমার্গ ও অপরটি রাগমার্গ, ভাগবতই যার উৎস বলে পরিচিত। আমাদের ভারতবর্ষে রাগানুগা ভক্তির উৎকৃষ্ট উদাহরণের কোনো অভাব নেই।



এরপর আসা যাক্ অন্য প্রসঙ্গে। আমাদের সুবিশাল ভারতবর্ষের উত্তরপূর্বের একটি ক্ষুদ্র রাজ্য মণিপুর। যেখানে বাসরত মানুষদের মধ্যে অর্থাৎ মণিপুরিদের কাছে সংবৎসরের সব থেকে বড় উৎসবই হল রাসপূর্ণিমা। ইতিহাস বলে, অষ্টাদশ শতাব্দীতে মণিপুরের রাজা ছিলেন মহারাজ ভাগ্যচন্দ্র এবং তাঁর দ্বারাই প্রবর্তিত শ্রীকৃষ্ণের রাসলীলানুকরণ বা রাসপূর্ণিমা নামের মণিপুরিদের সর্ববৃহৎ অনুষ্ঠানটি এখানে প্রায় দেড়শত বছর ধরেই সাড়ম্বরে পালিত হয়ে আসছে।

রস থেকেই রাস শব্দের উৎপত্তি এবং এই 'রাস' হচ্ছে বৈষ্ণবীয় রস পর্যায়ের মধ্যে সর্বোত্তম পর্যায়, অর্থাৎ মধুর রস। আর লীলা'র অন্য অর্থ খেলা। অর্থাৎ রাসলীলার মানে শ্রীকৃষ্ণ, শ্রীরাধা ও তাঁদের লীলা পরিকরদের সঙ্গে মধুর ক্রীড়া।

কথিত আছে রাজর্ষি ভাগ্যচন্দ্র একদিন নিদ্রিত অবস্থায় স্বপ্নে দেখতে পান রাধা ও কৃষ্ণের রাসলীলা। তারপর তিনি স্বপ্নের মত করেই কয়েকজন কুমারী মেয়েকে দিয়ে সেই স্বপ্নের মত রাসলীলা করান। তাঁর নিজ কন্যা কুমারী বিশ্বাবতীকে শ্রীরাধা এবং মন্দিরের শ্রীগোবিন্দকে শ্রীকৃষ্ণের ভূমিকায় অবতীর্ণ করে উপস্থাপন করেন রাসলীলার রাসনৃত্য। এবং শোনা যায়, তিনি নিজেই ঐ রাসে মৃদলবাদক ছিলেন। তাতে তিনি কিছু নিজস্ব তাল ব্যবহার করেন যার ধারা এখন পর্যন্ত বর্তমান। রাজা ভাগ্যচন্দ্রের মৃত্যুর পর মহারাজ চন্দ্রকীর্তি এই উৎসবকে আরও বেশি জনপ্রিয় করে তুলতে এই উৎসবকে মণিপুরিদের মধ্যে ভালভাবে ছড়িয়ে দেন।

মণিপুরিদের তিনটি গোত্র– মৈতেই, বিষ্ণুপ্রিয়া এবং সবশেষে মৈতেই পাঙান। বিষ্ণুপ্রিয়া ও মৈতেই গোত্রের লোকেরা সনাতন ধর্মে বিশ্বাসী। এরা গৌড়ীয় বৈষ্ণব সম্প্রদায়ভুক্ত। আর মৈতেই পাঙানরা কিন্তু ইসলাম ধর্মে বিশ্বাসী। আদর্শগতভাবে প্রভেদ থাকলেও একথা বলা যায় নিঃসন্দেহে যে গোত্র নির্বিশেষে সব মণিপুরিরই প্রধান বার্ষিক উৎসবই হল এই রাসপূর্ণিমার রাসলীলা।

রস থেকেই রাস শব্দের উৎপত্তি এবং এই 'রাস' হচ্ছে বৈষ্ণবীয় রস পর্যায়ের মধ্যে সর্বোত্তম পর্যায়, অর্থাৎ মধুর রস। আর লীলা'র অন্য অর্থ খেলা। অর্থাৎ রাসলীলার মানে শ্রীকৃষ্ণ, শ্রীরাধা ও তাঁদের লীলা পরিকরদের সঙ্গে মধুর ক্রীড়া। বিশেষ করে মণিপুরি সমাজে রাসনৃত্য উৎসবটির ক্ষেত্রে আবার ছয়টি ভাগ রয়েছে। এগুলি হল যথাক্রমে– মহারাস, বসন্তরাস, নিত্যরাস, কুঞ্জরাস, গোপীরাস ও উদ্‌খুলরাস ইত্যাদি এবং এর মধ্যে মহারাস হচ্ছে বিশেষ বৈশিষ্ট্য পূর্ণ। ভগবান শ্রীকৃষ্ণের গোচারণার কথা স্মরণ করেই রাসপূর্ণিমায় রাসলীলা উৎসবের শুরুটা করা হয় গোষ্ঠলীলা বা রাখালদের সম্মিলিত নৃত্য দিয়ে। প্রাতেই এ নৃত্য হয় এবং এর



বিশেষত্ব হল এই যে যাঁরা রাখাল নৃত্য করেন, তাঁরা প্রথম সেই নৃত্যমণ্ডপেই গোল হয়ে বসে প্রথমে গোপী ভোজন করেন। এই বিশেষ গোপী ভোজনের বিশেষত্ব হল এটি বিভিন্ন সবজি দিয়ে তরকারি ও ভাত প্রস্তুত করা হয় এবং এই খাবার খেয়েই রাখাল নৃত্য শুরু করেন শিল্পীরা। সকালে শুরু হয়ে রাখাল নৃত্য একটানা চলে বিকেল পর্যন্ত। মণিপুরি শিশু-কিশোরেরা এই নৃত্যে অংশ গ্রহণ করে। যারা নৃত্য করে তারা এক ধরনের বিশেষ পোশাক পরে নেয়। অতি ঝলমলে এই পোশাকের নাম 'পলয়'। এই বিশেষ পোশাকের পরিকল্পনা কিন্তু আজকের নয়। এটি করেছিলেন সেই পুরাতন রাজা ভাগ্যচন্দ্র। রাখাল নৃত্যের মূল বিষয়বস্তুটি হল ভগবান শ্রীকৃষ্ণ ও তাঁর সখীদের নিয়ে। গোলাকার মণ্ডপে কখনও একক, কখনও দ্বৈতভাবে, আবার কখনও বা সম্মিলিতভাবে অর্থাৎ দল বেঁধে এই নৃত্য পরিবেশিত হয়।

সন্ধ্যার পর শুরু হয় রাস পূর্ণিমার বিশেষ পর্যায় নৃত্য রাসলীলা বা রাসনৃত্য। রাসনৃত্য পরিবেশন করেন মণিপুরি কুমারী মেয়েরা। রাস নৃত্যের সময়ও সেই পোশাক গলায় পরানো হয়। গলায় পোশাকের মাথার উপরিভাগের নাম 'কোকুতন্বি' এবং এ পোশাকের বিশেষত্ব এখানেই যে, এ পোশাকের মুখের উপর পাতলা স্বচ্ছ আবরণ থাকে; তার নাম 'মাইমুখ'। গায়ে থাকে সোনালি ও রূপালি চুমকি বসানো অতি সুন্দর কারুকার্যে প্রস্তুত ঘন সবুজ ভেলভেটের ব্লাউজ। পরনে থাকে ঘন সবুজ রঙের পেটিকোট যা শক্ত বকলশের দ্বারা গোলাকৃতি ও ভাঁজমুক্ত করা হয় এবং অজস্র চুমকি ও ছোট ছোট আয়নার কারুকাজ করা থাকে যার উপর সামান্য আলো পড়লেও সেটি জলমল করে ওঠে। পলয়ের এই অংশের নাম 'কুমিন'। এর সাথে নৃত্যশিল্পীরা কলখা, খবাংচিক ইত্যাদি স্বর্ণালঙ্কার পরেন। রাস নৃত্যের মূল বিষয়বস্তুই হল রাধা ও তাঁর সখীদের নিয়ে। এই বিশেষ নৃত্যের মাধ্যমে রাধাকৃষ্ণের প্রেমের শুরু, মান-অভিমান এবং পরিশেষে যুগল-মিলন দেখানো হয়।

ভারতবর্ষের মধ্যে আরো বিভিন্ন স্থানেই রাসপূর্ণিমার উৎসব পালিত হয়ে থাকে এবং আমাদের বাঙালি অধ্যুষিত রাজ্য পশ্চিমবঙ্গের মধ্যে কিন্তু নবদ্বীপ, কৃষ্ণনগর, শান্তিপুর ইত্যাদি উল্লেখযোগ্য। নবদ্বীপের এক বিশিষ্ট আকর্ষণই তার রাস উৎসব। নবদ্বীপ ও শান্তিপুরের রাস মেলা, আজ বঙ্গ সংস্কৃতির অঙ্গ তাই নবদ্বীপের রাসের খ্যাতি অনন্য। কার্তিক-অগ্রহায়ণ মাসের রাসে মূর্তি পূজায় বৈচিত্র্য আছে নবদ্বীপে। রাসকালে শাক্তমতে পূজার্চনাও এক বৈচিত্র্য। শাক্ত দেবী দুর্গা, কালী, শবশিবা, মহিষমর্দিনী, ভুবনেশ্বরী ছাড়াও চার শতাধিক দেব-দেবীও পূজিত হন রাসে। যেমন– যোগনাথতলার গৌরাঙ্গী, তেকড়িপাড়ার বড় শ্যামা, বঙ্গপাড়ার নীল বিন্ধ্যবাসিনী, ব্যাদরা পাড়ার শবশিবা, আমড়াতলার মহিষমর্দিনী ও বামাকালী, চরিচড়াপাড়ার ভদ্রকালী, ব্যানার্জ্জীপাড়ার দেবীগোষ্ঠ ইত্যাদি। এখানে শ্রীবাস অঙ্গনের কাছে সমাজবাড়ি, হরিসভা, নতুন আখড়া, বড় আখড়া, রাসলীলা মঠ উল্লেখ্য। নিরঞ্জন শোভাযাত্রা বের হয় পরদিন দুপুর থেকে সন্ধ্যায় পোড়ামাতলা রোড ধরে। নাচ, গান ও বাজনায় মুখরিত শোভাযাত্রায় খেমটা নাচও অংশ নেয় নবদ্বীপে। দূর-দূরান্ত থেকে বহু দর্শক আসেন এখানে ভাঙা রাসের শোভাযাত্রা দেখতে।

আবার শান্তমুনির বাসস্থান শান্তপুর বা শান্তিপুরও নবদ্বীপ ও মায়াপুরের মত বৈষ্ণবদের একটি অন্যতম পীঠস্থান। ১৪৩৪ খ্রীষ্টাব্দে শ্রীহট্টের নব গ্রামে কমলাক্ষর জন্ম। বেদ চতুষ্টয় অধ্যয়ন করে বেদ-পঞ্চানন বা অদ্বৈত আচার্য্য হন কমলাক্ষ। ১২৫ বছর বয়সে তিনি দেহত্যাগ করেন, আর কথিত রয়েছে সেই আচার্য্যের কঠোর সাধনায় আকৃষ্ট হয়ে অবতার পুরুষ মহাপ্রভু শ্রীচৈতন্য জন্ম নেন নবদ্বীপে। গৌরাঙ্গ, নিত্যানন্দ ও অদ্বৈতাচার্যের মহামিলন ঘটে বাবলা গ্রামের শ্রীপাটে। এমন কি মহাসাধক বিজয়কৃষ্ণ গোস্বামীর জন্মও এই শান্তিপুরের অদ্বৈত বংশে। শ্যামচাঁদ, গোকুল চাঁদ, জলেশ্বর ছাড়াও অসংখ্য মন্দির রয়েছে শান্তিপুরে।

শান্তিপুরের বিশেষ আকর্ষণই হল কার্তিক পূর্ণিমায় (নবদ্বীপের পরদিন) রাস উৎসব। অজস্র বারোয়ারী পূজো হয় সেদিন। মণ্ডপের সাজ-সজ্জা ও বৈদ্যুতিক আলোর সমারোহ হয় দেখবার মত। দূর-দূরান্ত থেকে আসা মানুষের ঢল নামে মন্দিরে মন্দিরে। গোস্বামী বাড়ি, মদনগোপাল ঠাকুর বাড়ি, রাধাবল্লভজিউ, বিজয়কৃষ্ণ গোস্বামী বাড়ি এর মধ্যে উল্লেখ্য। ৪ দিন ধরে চলে এই উৎসব। ৩য় রাতে'র ভাঙা রাসের বর্ণাঢ্য শোভাযাত্রার প্রশস্তি আজ জগৎব্যাপী। নানান পৌরাণিক



আখ্যানবর্ণিত মৃৎ মূর্তি, সঙরূপী নানান অবতার, ১০৮ ঢাকির নাচ ও বিবিধ আলোক সজ্জায় মেতে ওঠে শান্তিপুর ওই বিশেষ রাতে। কুমারী মেয়েরা দেবীর সাজে সজ্জিত হয়ে আসন নেয় হাওদায়। এরমধ্যে অভিনবত্ব আছে আকর্ষণীয় রাইজারা হাওদার। রসকদম্ব ভগবান তাঁর ভক্তিরসে জগৎকে প্লাবিত করতেই এই বিশেষ উৎসবের সূচনা করেছিলেন যার অমৃত আনন্দ ধারায় আজও আমরা আকণ্ঠ নিমজ্জিত হয়ে রয়েছি। ❑

# দোলযাত্রা ও মহাপ্রভু শ্রীকৃষ্ণ চৈতন্য

চৈতন্যময় নন্দ

দোলযাত্রা আমাদের জনজীবনের কর্মস্থলে এক সর্বজনীন মহোৎসব রূপে সুবিদিত। একান্ত প্রিয় শারদোৎসবে মানুষ যে আনন্দে মেতে ওঠে, দোল-উৎসবও সেইরূপ মানুষের প্রাণে জাগিয়ে দেয় এক অপার্থিব উৎসাহ আনন্দ। শ্রীকৃষ্ণ ভগবানের চন্দনযাত্রা, স্নানযাত্রা, রথযাত্রা, ঝুলনযাত্রার মতো অনেকগুলি পর্ব-দিবস বিদ্যমান। তার মধ্যে দোলযাত্রার ঐতিহ্য অতি বিচিত্র ও বিভিন্ন, যা বৈশিষ্ট্যমণ্ডিত ও সমন্বয়ধর্মিতায় অনুস্যূত। সামাজিক জীবনে প্রতিপালিত। যা মন্দিরে-মন্দিরে সমস্ত শ্রেণির মানুষের সিংহাসনসহ শ্রীরাধাগোবিন্দের দোলারোহণ দর্শন, ফল্গুৎসব বা আবির খেলা, বিগ্রহের গায়ে আবির স্পর্শ করানো ও সেবা-পূজার অবাধ অধিকারের মধ্য দিয়ে ধর্মীয় উদারতার সাক্ষ্য বহন করে চলেছে অনন্তকাল ধরে। তাই শ্রীগোবিন্দের এই দোলন রঙের উৎসব, মিলনের উৎসব, গ্লানি ও মালিন্য থেকে মুক্ত হবার এক সংঘবদ্ধ প্রয়াস।

এই লোকপ্রিয় অনুষ্ঠান সংজ্ঞাত নানারূপে নানা নামে। ঋতুরাজ বসন্তের সমাগমে নূতন পত্রে প্রকৃতি হয় রঞ্জিত। তাই শীত শেষে আগত বসন্তের আকাশে-বাতাসে জাগে এক সঞ্চরণ। চেতন-অচেতন, স্থাবর-জঙ্গম সকলে উদ্দীপ্ত ও পুলকিত হয় ঋতুরাজের হিমেল রৌদ্রস্নাত মাধুর্যে। আনন্দের দ্যোতনায় এই পরমোৎসব অভিহিত ‘বসন্তোৎসব’ বলে। আবার একে বলে ‘মদন উৎসব’ও। দোল-উৎসব বিভূষিত ‘হোলি’-উৎসব রূপে। হোলি শব্দটি সংস্কৃত শব্দ হোলিকা থেকে এসেছে। হোলি উৎসবের আর এক নাম ‘ফাল্গুনী উৎসব’।

দোলযাত্রার পুণ্য ঐতিহ্য বহন করছে সেই আদি কাল থেকে শ্রীবৃন্দাবন। পরস্পর পরস্পরকে আবির কুঙ্কুমে রঞ্জিত করে ত্রিভঙ্গ মুরারি আনন্দকন্দ গোকুলের নন্দদুলাল শ্রীকৃষ্ণ এবং নূপুর-ঝংকারিণী নৃত্য-পটীয়সী ব্রজললনাগণ এই দোল উৎসব উপলক্ষে একাত্ম হয়ে যেতেন। সুস্নিগ্ধ কদম্ব বৃক্ষতলে দোলায় উত্তোলিত রাই-কানু। বিশ্বপ্রকৃতির সেই অপরূপ শোভার মধ্যে এই ফাল্গুনী পূর্ণিমাতে গোপিনীরা তাঁদের দোল দিয়ে প্রেমানন্দে বিভোর হতেন। বৃন্দাবনবিহারীর এই বিশ্বপ্রেমের আদর্শ অনুসরণে আজও ধর্মপ্রাণ নরনারীগণ ভগবানের দোলোৎসবে নাম-কীর্তন, পূজা ও আবির কুঙ্কুমে হোলিখেলায় প্রবৃত্ত হয়। বিশেষ করে পাড়ায়-পাড়ায় ছোট ছোট ছেলে-মেয়ে, কিশোর-তরুণ, আবাল-বৃদ্ধ-বনিতা নির্বিশেষে সবাই দোলের উৎসব আনন্দে মুখরিত হয়ে ওঠে। এই সময় পরিবারের সকলে একসঙ্গে মিলিত হয়ে পরস্পর আবির লেপন করে প্রেমালিঙ্গনে আবদ্ধ হন। অনুরণিত হয়, ‘দোলে দোদুল দোলে ঝুলনা, দোলে কৃষ্ণ দোলে ঝুলনা, দোলে রাই দোলে ঝুলনা।’

বিবিধ পুরাণ, উপপুরাণ, লোকপুরাণ, সাহিত্য ও সংগীতে দোলযাত্রার এই মহান উৎসব পরিপুষ্ট ও বিকশিত। পুরাণের মত অনুযায়ী রাজ ইন্দ্রদ্যুম্ন ব্রহ্মার কথিত এই দোলযাত্রা অনুষ্ঠান প্রথম শুরু করেন শ্রীজগন্নাথদেবের দোল-উৎসবের মাধ্যমে। এই তিথি-উৎসবের উদ্‌যাপনের বিধিব্যবস্থা নিয়ে পদ্মপুরাণ মুখর। এখানে বলা হয়েছে, “কলিযুগে এই দোল পূর্ণিমা সমারোহ সমস্ত উৎসবের মধ্যে প্রধান। ফাল্গুন মাসের শুক্লা একাদশী থেকে এর আরম্ভ, পঞ্চমীতে তা সমাপন ঘটবে। এই উৎসব তিন দিন কিংবা পাঁচ দিন ধরে চলবে। যথাবিধ ভক্তি সহকারে সিত, রক্ত, গৌর ও পীত এই চার রকমের ফল্গুচূর্ণের সঙ্গে নানা রকম সুগন্ধ দ্রব্য মিশিয়ে শ্রীকৃষ্ণকে সন্তুষ্ট করবে। শ্রীকৃষ্ণকে দক্ষিণ মুখে দোলায় বসাবে, যারা দোলায় অধিষ্ঠিত শ্রীকৃষ্ণকে দর্শন করবে, তারা সকল অপরাধ থেকে মুক্তি পাবে।” মহিমান্বিত এই পার্বণের রহস্য নিয়ে স্কন্দ পুরাণের অভিমত, “শ্রীভগবানকে দোলারোহণে দর্শন করার সৌভাগ্য হলে গোহত্যাদি যাবতীয় উপপাতক পাক জনিত পাপ বিনষ্ট হয়ে যায়। মানুষ আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক সবরকম কষ্ট থেকে নিস্তার পায়। এই দোলোৎসব দর্শন করলে ব্রাহ্মণ চার বেদে জ্ঞানলাভ করে, ক্ষত্রিয় রাজা চক্রবর্তী রাজ হয়, বৈশ্য ধনবান ও শূদ্র পাপ থেকে মুক্ত হয়।”

মনে আছে নবমীর রাতে বারোয়ারি পুজোর মণ্ডপের পাশে যাত্রার আসর বসত। একবার বিখ্যাত নট্ট কোম্পানি এসে পালা গেয়ে গিয়েছিল। সেই পালা শুনতে চারপাশের আট-দশটা গ্রাম উজাড় করে ঝাঁকে ঝাঁকে মানুষ চলে এসেছিল। পুজোর আনন্দ তো ছিলই। সেই সঙ্গে এই বিনোদনটুকু সেই সময় যে কত বড় প্রাপ্তি, বলে বোঝানো যাবে না।

বৈষ্ণবশাস্ত্র হরিভক্তিবিলাসেও চৈত্র শুক্লা তৃতীয়া থেকে একমাস দোল পালনের কথা বলা আছে। ব্রহ্মপুরাণে আছে দশ দিন ধরে প্রত্যহ দোলোৎসব করার বিধান। দোলযাত্রার অন্যতম অঙ্গ হোলি-উৎসব সম্পর্কে প্রচলিত আছে অনেক পৌরাণিক কাহিনি। তার মধ্যে অন্যতম পতিব্রতা হোলিকার করুণ উপাখ্যান। হোলিকা ছিল ভক্ত প্রহ্লাদের পিতা দৈত্যরাজ হিরণ্যকশিপুর বোন। প্রহ্লাদকে বধ করার সকল চেষ্টা চরিত্র যখন একেবারে নিরর্থক হল, হিরণ্যকশিপু তখন স্বীয় ভগিনী হোলিকাকে আহ্বান জানান প্রহ্লাদের নিধনে সে যেন তার সতীত্বের তেজে অগ্নির শক্তিমত্তাকেও নির্জীব করে দেয়। অগ্রজের এই কঠোর আদেশ শুনে হোলিকা প্রথম প্রথম দোটানায় পড়লেও রাজরোষে নিপতনের ভয়ে অবশেষে সে ভ্রাতৃআজ্ঞা পালনের জন্য তৈরি থাকল। শিশু

প্রহ্লাদকে বুকের মধ্যে জড়িয়ে নিয়ে হোলিকা প্রবেশিত হল প্রজ্বলিত অগ্নিকুণ্ডে। সতীত্বের তেজে নিজের আত্মরক্ষা করা তো দূরের কথা, মিথ্যা ও পাপের আশ্রয় নিতে গিয়ে তাতেই বিনষ্ট হল হোলিকার সতীধর্ম। অচিরেই বহ্নিতে সে ভস্মিত হল। আর শ্রীহরির নামের শক্তিতেই প্রহ্লাদ দাহ্যমান অগ্নিস্তূপের মধ্যেও সম্পূর্ণ অক্ষত অবস্থায় উদ্ধার পেলেন। মনের আনন্দে তখন হরিধ্বনি করে এই ভক্তরাজ ফিরে গেলেন তাঁর মায়ের কোলে।



ভারতের নানা স্থানে হোলি উপলক্ষে যে বহ্নি-উৎসব হয়, তা হল হোলিকার এই অশুভ কার্যের স্মৃতিরূপে দুষ্টশক্তির নিধন। দোল পূর্ণিমার আগের দিন সন্ধ্যায় শুকনো ঘাস, পাতা, খড়, বাঁশ ইত্যাদির দ্বারা বিশাল স্তূপ করে 'বুড়ির ঘর' বা 'নেড়া পোড়ানো'য় বালক, বৃদ্ধ, যুবক সকলে আনন্দে মেতে ওঠে। দোলযাত্রার এই বিচিত্র ঐতিহ্য আমাদের প্রাণে জাগিয়ে দেয় এক অনুপম, অপূর্ব ঘটনার মহান স্মৃতি। আজ থেকে পাঁচশো বত্রিশ বছর আগে এমনই এক ফাল্গুনী দোল পূর্ণিমার স্নিগ্ধ সন্ধ্যায় অনুপম রূপ আর অফুরন্ত অনুগ্রহ নিয়ে ধরাধামে অবতীর্ণ হয়েছিলেন 'অন্তঃকৃষ্ণবহির্গৌর' 'রাধাভাবদ্যুতিসুবলিত' যুগধর্মপাল, পরম প্রেমাবতার শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু। ভারতের ধর্ম, কৃষ্টি যখন অবমানিত, সংহতি ও সংস্কৃতি যখন লুপ্ত হওয়ার উপক্রম, তখন ধর্মের চির প্রাসঙ্গিকতাকে প্রমাণ করার জন্য তাঁর অমিয় প্রকাশ জাতীয় জীবনের এক মহত্তম ঘটনা।

এই বঙ্গের শ্যামল মাটিতে শ্রীচৈতন্য মূর্তি পরিগ্রহ করে এসেছিলেন তিনি সমগ্র জাতির ঘুমন্ত চেতনাকে জাগ্রত করতে। অহিংসা, প্রেম আর মানবতার অত্যুজ্জ্বল আলোকে মহাপ্রভু শ্রীগৌরাঙ্গের মহান আদর্শ ধর্ম, সমাজ ও রাজনীতিতে আজও চিরভাস্বর, চিরনবীন। তাঁর মহিমা ও প্রেমের স্নিগ্ধতায় সমগ্র মানব সমাজ উদ্ভাসিত। কবি সত্যেন্দ্রনাথ দত্ত লিখেছেন, 'বাঙালীর হিয়া অমিয় মথিয়া নিমাই ধরেছে কায়া।' বাংলার অন্তর জীবনে প্রাণশক্তি ফিরে এসে নবযুগের যে সূচনা হয়েছিল শ্রীচৈতন্যের আগমনে কবি তার পরিচয় সুন্দরভাবে দিয়েছেন।

ভারতের অন্যতম সমাজ সংস্কারক শ্রীচৈতন্যদেবের প্রভাব আমাদের জাতীয় জীবনে যে যুগান্তর এনেছিল এ কথা অনস্বীকার্য ও ঐতিহাসিক সত্য। রাষ্ট্রীয় ও সামাজিক জীবনে সে সময় এসেছিল এক চরম অবক্ষয়ের যুগ। গোটা জাতি যখন মানসিক ও আত্মিক অধঃপতনে অবসাদগ্রস্ত, জাতিভেদ ও বর্ণবৈষম্যের বিষবাষ্পে আচ্ছন্ন, ভ্রাতৃঘাতী হানাহানিতে বিধ্বস্ত, নারী সমাজ, দরিদ্র ও নিম্নবর্গের দল ছিল সমাজে অবহেলিত, আচারের নামে অনাচারে জর্জরিত জনজীবন যখন বেদনার্ত ও বিভ্রান্ত, এহেন সর্বনাশা বিপদের দিনে ভারতাত্মা শ্রীচৈতন্যদেব ছিলেন সদা জাগ্রত। সেই অসহনীয় নৈরাজ্যের যুগে তখন উৎপীড়িত সমগ্র জাতিকে মনুষ্যত্বের উদ্বোধনে ভক্তি ও প্রেমধর্মের দ্বারা একসূত্রে গেঁথে জাতীয়তাবাদের মন্ত্রে মহাপ্রভু নবজীবন দান করে পরিত্রাণ করেছিলেন। ইতিহাসের একান্ত দুঃসময়ে যদি এই পুরুষোত্তমের শুভাবির্ভাব না হ'ত তাহলে এদেশের ইতিহাস প্রবাহিত হত সম্পূর্ণ এক ভিন্ন পথে। জাতপাত, ধর্মান্ধতা, ঘৃণা, বিদ্বেষ, ব্যভিচার, ভ্রষ্টাচার আর ধ্বংসের পথে দেশ এগিয়ে যেত। মহাপ্রভু শুধুমাত্র ধর্মদ্রষ্টা ছিলেন না, তিনি ছিলেন সংঘশক্তির মন্ত্রদাতা ও জাতীয় চেতনার উদ্ভাবক। আর সমকালের শিল্প, সাহিত্য ও সভ্যতায় তাঁর অবদান ও প্রেরণা ছিল কালজয়ী ও অনবদ্য।

তাই এই প্রেমের দেবতা আধ্যাত্মিক ও সাংস্কৃতিক উভয় ক্ষেত্রেই ছিলেন এক যথার্থ রেনেশাঁর উদ্গাতা। মহানায়কের এই বিপুল প্রভাবে বিস্মিত হয়ে আর এক যুগনায়ক স্বামী বিবেকানন্দ তাঁর প্রতি অপরিমেয় শ্রদ্ধাভাব পোষণ করে মুক্তকণ্ঠে বলেছিলেন, "একবার মাত্র এক মহতী প্রতিভা সেই 'অবিচ্ছিন্ন অবচ্ছেদক' জাল ছেদন করিয়া উত্থিত হইয়াছিলেন ভগবান শ্রীকৃষ্ণচৈতন্য। একবার মাত্র বঙ্গের আধ্যাত্মিক তন্দ্রা ভাঙিয়াছিল, কিছুদিনের জন্য উহা ভারতের অপরাপর প্রদেশের ধর্মজীবনের সহভাগী হইয়াছিল। সমুদয় ভারতেই শ্রীচৈতন্যের প্রভাব পরিলক্ষিত হয়। যেখানেই লোকে ভক্তিমার্গ জানে, সেইখানেই তাঁহার বিষয় লোকে আদরপূর্বক চর্চা করিয়া থাকে ও তাঁহার পূজা করিয়া থাকে। আমার বিশ্বাস করিবার অনেক কারণ আছে যে, সমুদয় বল্লভাচার্য সম্প্রদায় শ্রীচৈতন্য সম্প্রদায়ের শাখা মাত্র। কিন্তু তাঁহার তথাকথিত বঙ্গীয় শিষ্যগণ জানেন না তাঁহার প্রভাব এখনও সমগ্র ভারতে কার্য করিতেছে। কিরূপেই বা জানিবেন? তিনি নগ্নপদে ভারতের দ্বারে দ্বারে বেড়াইয়া আচণ্ডালকে ভগবানের প্রতি প্রেমসম্পন্ন হইতে ভিক্ষা করিতেন।" ❑

# পিতৃপক্ষ ও দেবীপক্ষ

স্বামী হরিময়ানন্দ

আকাশে মেঘের ঘনঘটা ধীরে ধীরে ম্লান হয়ে আসছে। বৃষ্টি-ধোয়া গাছের পাতায় রোদের ঝিকিমিকি। প্রভাতে ঘাসের ডগায় শিশির বিন্দুতে রামধনুর বিচিত্র শোভা। চারদিক পরিপূর্ণ। বাতাসে ভেসে আসছে শিউলির গন্ধ। ঢেউয়ের মতো বাতাসে দুলছে পুকুরের পদ্মফুল। কাশফুলেদের মাঝেও সাজসাজ রব। স্বর্গীয় সুষমায় সেজে ওঠা প্রকৃতিও যেন নন্দিত দৃষ্টিতে অপেক্ষা করছে তাঁর আগমনের। মর্তলোক ও দেবলোকে চলছে আনন্দ-উৎসবের আয়োজন। পিতৃপক্ষ ও দেবীপক্ষের সন্ধিক্ষণ এসে উপস্থিত।

ভাদ্র মাসের কৃষ্ণপক্ষের প্রতিপদ থেকে শুরু করে একপক্ষ কালকে বলে পিতৃপক্ষ। দক্ষিণায়নের শেষপক্ষ এটি। স্মৃতিকারদের মতে এই সময় পূর্বপুরুষদের তৃপ্তি বা শান্তি কামনার জন্য তিল দিয়ে তর্পণ করতে হয়। প্রতিপদ থেকে পঞ্চমীর মধ্যে শ্রাদ্ধ করার উপযুক্ত সময়। তারও ভালো সময় ষষ্ঠী থেকে দশমী পর্যন্ত। একাদশী থেকে অমাবস্যা পর্যন্ত সব থেকে উপযুক্ত সময়। পিতৃপক্ষের শেষ অমাবস্যাকে বলে মহালয়া। মহান আলয় বা আশ্রয়। মহালয়াতেই পক্ষকাল ব্যাপী তিল তর্পণের সমাপ্তি। ওই দিন পার্বণ শ্রাদ্ধ করতে হয়। পর্ব বা বিশেষ উৎসবের দিনে যে শ্রাদ্ধ করা হয় তাকে বলে পার্বণ শ্রাদ্ধ। হিন্দুদের বিশ্বাস তিন পুরুষ আত্মা বাস করেন পিতৃলোকে। সেই কারণে শাস্ত্রে তিন পুরুষের শ্রাদ্ধের বিধান রয়েছে। পিতৃলোক হল মর্ত বা স্বর্গের মধ্যবর্তী লোক। পিতৃলোকের অধিপতি হলেন যমরাজ। ভাদ্র মাসের অমাবস্যা হল পিতৃপক্ষের সময়। পিতৃপক্ষের শুরুতে সূর্য তুলা রাশিতে প্রবেশ করে। এর এক মাস পর সূর্য বৃশ্চিক রাশিতে প্রবেশ করা পর্যন্ত সমস্ত আত্মা পিতৃলোকে বাস করেন।

> পিতৃপক্ষ ও দেবীপক্ষের মাঝখানে রয়েছে 'মহালয়া'। এ যেন আমাদের জন্ম ও মৃত্যুর মাঝখানে দাঁড়িয়ে থাকা বর্তমান জীবন। দু'টি অব্যক্ত ও অপ্রকাশের মাঝখানে একমাত্র প্রকাশ। ভালোভাবে বাঁচতে জানা আর ভালোভাবে মরতে জানা – একই কথা।

পিতৃলোক হল মৃত পূর্বপুরুষদের বাসভূমি। আর একটি রয়েছে দেবলোক। বহু প্রাচীন এই বিশ্বাস, শুধু হিন্দুদের মধ্যে নয়, প্রায় সবমতের মধ্যে দেখা যায়। এর মূলে কিছু সত্য অবশ্যই রয়েছে। বিষয়টিকে আমরা বেদান্তের দৃষ্টিতেও দেখতে পারি। বিভিন্ন স্বর্গ বা লোক আর কিছুই নয়, আমাদের নিজস্ব চিন্তা ও মনের বিভিন্ন স্তর। আমরা যে স্থানে প্রবেশ করার উপযুক্ত অধিকার লাভ করি সেগুলিই এক-একটি লোক। সেই লোকগুলিতেই আমাদের ইচ্ছার পূরণ হয়। স্থূল থেকে সূক্ষ্ম নানা প্রকার অপূর্ণ বাসনা আমাদের মধ্যে রয়েছে। আমরা সেই ইচ্ছার দ্বারা চালিত হই। মৃত্যুর পরও সুখ-কামনার নিবৃত্তি হয় না। সেই কামনাগুলো যেখানে পূরণ হতে পারে সেই অনুকূল স্থানে আমাদের গতি হয়। যদি সেই কামনা পার্থিব বা স্থূল জগতের বা ইন্দ্রিয় সুখের জন্য হয় তবে তা মৃত আত্মাকে আবার মর জগতে নিয়ে আসে। যদি সেই বাসনা সূক্ষ্মতর হয় তা পূরণের জন্য অনুকূল লোকে যেতে হয়।

মৃত্যুর পর কি আমাদের কোনও অস্তিত্ব থাকে যার উদ্দেশ্যে শ্রাদ্ধ বা তর্পণাদি করা হয়? হাজার হাজার বছর ধরে এই প্রশ্ন চলে আসছে মানুষের মনে। মৃত্যুর পরের অস্তিত্বের ধারণা কেবল হিন্দু নয়, অন্যান্য ধর্মের মধ্যেও দেখা যায়। উপনিষদের ঋষিরাও এই সব নিয়ে অনেক চিন্তা-ভাবনা করেছেন। চেষ্টা করেছেন এর যুক্তিসম্মত সমাধানের। আবার অনেক মানুষ আছেন যারা এই বিষয়টি এড়িয়ে গিয়েছেন। ভারতে প্রাচীনকাল থেকে জড়বাদী বা চার্বাকদের ধারণা আত্মা বলে কিছু নেই। দেহ ছাড়া আর কিছু নেই। দেহত্যাগ হওয়ার সঙ্গে সঙ্গে সব শেষ। ফলে ওই সব অবাস্তব চিন্তা না করে 'বাস্তব চিন্তা' করাই উচিত। 'খাও, পান কর মজা কর।' অবশ্য এখন আধুনিক চার্বাকদের সংখ্যা ক্রমশ বেড়েই চলেছে।

মৃত্যু আসলে কী? মৃত্যু সম্পর্কে আমাদের নানা বিচিত্র ধারণা রয়েছে। অনেকে আবার এসব নিয়ে ভাবতেই চায় না। জীবন নিয়ে এত গভীর আকর্ষণ যে, মৃত্যুরূপ সত্যকে ভাবতেই চায় না। এটি মানুষের পুরাতন একটি দুর্বলতা। মৃত্যু আমাদের জীবনে এমন এক সত্য যার থেকে দূরে সরে যেতে পারি না। একে অস্বীকার করা মূর্খতা। এড়িয়ে যাওয়া অসম্ভব। সশরীরে অমরত্ব লাভ ভ্রান্ত ধারণা। মৃত্যু জীবনের একটি অঙ্গ। মৃত্যু ছাড়া জীবন অসম্পূর্ণ। যে মুহূর্তে আমরা জন্মেছি, মৃত্যু সেই মুহূর্তেই শুরু হয়েছে। মৃত্যুহীন জীবন, ব্যথাহীন সুখ, অন্ধকারহীন আলো, অশুভহীন শুভ– কখনওই সম্ভব নয়। হয় আমাদের জন্ম-মৃত্যু দু'টোকে গ্রহণ করতে হবে অথবা এ দু'টোর উর্ধ্বে উঠতে হবে। মৃত্যু হল পরিবর্তন। অস্তিত্বের বিনাশ নয়। এই স্থানে, এই রূপে, এই সময়ে নেই। এর অর্থ অন্য স্থানে, অন্য রূপে, অন্য সময়ে নিশ্চয়ই বর্তমান। এতে ভয় পাওয়ার কিছু নেই।

মৃত্যুকে জয় করার ক্ষমতা আসে আমাদের যথার্থ স্বরূপকে জানতে পারলে। আমরা যে জন্মমৃত্যু রহিত, শাশ্বত, চৈতন্যস্বরূপ– এই বোধ যখন জন্মায় তখন আমরা মৃত্যুকে অতিক্রম করে যাই।

তিনটি অবস্থা জাগ্রত, স্বপ্ন ও সুষুপ্তি। এই তিন অবস্থার উর্ধ্বে রয়েছে আর একটি অবস্থা যার নাম তুরীয়। সেই অবস্থার জ্ঞান হয় তখন। ব্রহ্মের প্রতীক ওঁ-কার সাধনার দ্বারা আত্মজ্ঞান লাভ করা যায়। একটি উপমার দ্বারা বললে হয়তো সহজ হবে।

একদিন একবিন্দু জল মহাসাগরের বুকে এসে পড়ল। নিজেকে সে আর তখন পৃথক করে ভাবতে পারছে না। নিজেকে

ওই অবস্থায় দেখে সে কাঁদতে শুরু করল। মহাসাগর বিদ্রূপ করতে লাগল। কেন তুমি কাঁদছ? আমি জানি না, কখন তুমি আমার সঙ্গে যুক্ত হলে, তুমি তোমার সমস্ত ভাই-বোনের সঙ্গে যুক্ত হলে। সকল জলবিন্দু নিয়েই তো আমি। তুমিও এখন সেই সমুদ্র। তুমি যদি আমায় ত্যাগ করতে চাও তোমাকে মেঘের মধ্যে সূর্যকিরণ পর্যন্ত উঠতে হবে। সেখান থেকে তুমি একবিন্দু জল হয়ে তৃষিত পৃথিবীর বুকে আশীর্বাদ স্বরূপ নেমে আসবে।

বর্তমান বিজ্ঞানের যুগে মানুষের কাছে শ্রাদ্ধ ও তর্পণ এই সব ধারণা অমূলক ও অর্থহীন বলে মনে হতে পারে। কিন্তু একটু ভেবে দেখলেই বুঝতে পারব, যে সামাজিক পরিবেশের মধ্যে আমরা রয়েছি সেখানে ক্রমশ আত্মকেন্দ্রিক ও বস্তুনির্ভর জীবনযাত্রায় অভ্যস্ত হয়ে পড়েছি ও পড়ছি। আমার চারদিকে এক দুর্ভেদ্য অহংকারের প্রাচীর তুলে দিয়েছি। বৃহৎ জগৎ থেকে বিচ্ছিন্ন হয়ে বড় একা হয়ে গিয়েছি। এই আত্মকেন্দ্রিকতা থেকে বেরিয়ে আসতে হলে আমাদের তাকাতে হবে অতীতের দিকে। ইতিহাস কেবল মৃত কাহিনী মাত্র নয়। আমাদের অতীতকে আমরা অস্বীকার করতে পারি না। বহুকাল ধরে চলে আসছে ভারতীয় ভাবনায়– "পিতা স্বর্গঃ, পিতা ধর্মঃ, পিতাহি পরমন্তপঃ। পিতরি প্রীতিমাপন্নে প্রীয়ন্তে সর্বদেবতাঃ।" এই কথাগুলো ভুলে গিয়েছি বলে আজ আমাদের সমাজে পিতা-মাতা ও পুত্র-কন্যা পরস্পরের প্রতি ভক্তিশ্রদ্ধা ও ভালোবাসার দৃঢ় বন্ধন শিথিল হয়ে যাচ্ছে।



শ্রাদ্ধ অনুষ্ঠানে মৃতদের উদ্দেশ্যে নানা জিনিস, খাদ্য দ্রব্যাদি নিবেদন করার নিয়ম। মনে হতে পারে কী প্রয়োজন তাদের ওই সব জিনিসের? মৃতদের তো আর দেহ-ইন্দ্রিয় নেই যে তার দ্বারা এসব বিষয় ভোগ করবে। মৃতদের প্রয়োজনের থেকে অনেক বেশি প্রয়োজন আমাদের। 'শ্রদ্ধা' থেকে এসেছে 'শ্রাদ্ধ'। শ্রাদ্ধ অনুষ্ঠানে সশ্রদ্ধ চিত্তে স্মরণ করা হয় মৃত আত্মাদের। তাছাড়া শ্রাদ্ধের সময় যেসব জিনিস দান করা হয়, তা গ্রহণ করেন কোনও না কোনও দরিদ্র মানুষ। আমরা যেন অতীতকে কখনও অস্বীকার না করি। অতীতের ভিত্তিতে বর্তমান এবং বর্তমানের ভিত্তির ওপর গড়ে ওঠে ভবিষ্যৎ। আমরা রাজা, বাদশা, নবাবদের বংশ তালিকা পাঠ করি। অথচ আমরা অনেকেই আমাদের নিজ বংশের গৌরব গাথা বা বংশ তালিকা নিয়ে মাথা ঘামাই না। নিজের বংশের তিন পুরুষের নাম অনেকের কাছেই অজানা। পারলৌকিক ক্রিয়ার দ্বারা কেবল মৃতদের প্রতি নয়, গুরুজনদের প্রতিও শ্রদ্ধা ও যত্নের ভাব আসে।

এ কথা নিশ্চয়ই অস্বীকার করতে পারি না, আমরা সকলেই যে-যেখানে রয়েছি আমাদের পূর্বপুরুষ, সমাজ দেশ ও জাতির কাছে নানাভাবে ঋণী। সারা জীবন ধরে চেষ্টা করতে হয় তা পরিশোধ করতে। পিতৃপক্ষের একান্ত কর্তব্য হল তর্পণ। তর্পণ কথার অর্থ হল তৃপ্তি বিধান করা। পরলোকগত পিতা-মাতা, পিতামহ, মাতামহ সকলের উদ্দেশ্যে অঞ্জলি ভরে জল দিয়ে তাঁদের আশীর্বাদ প্রার্থনা করা হয়। শুধু তাই নয় পরিচিত অপরিচিত প্রিয় অপ্রিয় সকলের, এমনকী গাছ-পালা, পশু-পাখি, কীট-পতঙ্গ প্রভৃতি সকলের তৃপ্তি বিধানের জন্য অঞ্জলি দেওয়া হয়। 'সকলেতে আমি, আমাতে সকল'– এই সর্বব্যাপী ভাব প্রকাশ পেয়েছে তর্পণের ভেতর দিয়ে। সমস্ত জগৎব্যাপী জীবের সঙ্গে একাত্ম বোধে উদ্বুদ্ধ হওয়ার প্রেরণা দেয় তর্পণ।

তিল ও জল দিয়ে সাধারণত তর্পণ করতে হয়। তিলে থাকে স্নেহ পদার্থ তেল, যা মাতৃস্নেহের প্রতীক। আর জল হল প্রাণের মূল উপাদান। সেদিক থেকে দেখলে তর্পণ হল সর্বব্যাপী প্রাণশক্তির সঙ্গে মাতৃস্নেহের মহামিলনের শুভ মুহূর্ত।

পিতৃপক্ষ ও দেবীপক্ষের মাঝখানে রয়েছে 'মহালয়া'। এ যেন আমাদের জন্ম ও মৃত্যুর মাঝখানে দাঁড়িয়ে থাকা বর্তমান জীবন। দু'টি অব্যক্ত ও অপ্রকাশের মাঝখানে একমাত্র প্রকাশ। ভালোভাবে বাঁচতে জানা আর ভালোভাবে মরতে জানা– একই কথা।

দেবী দুর্গার আগমন শরৎকালে। শরৎকাল দক্ষিণায়নের মধ্যে পড়ে। এ সময় দেবলোক থাকে নিদ্রিত। তাই দেবীর মহাপূজার আগে বোধন বা জাগরণ করতে হয়। শরৎকালের বোধন তাই অকাল বোধন। মনে হতে পারে মহামায়াও তাহলে কখনও জেগে থাকেন আবার কখনও ঘুমিয়ে থাকেন। আসলে এই ঘুমিয়ে থাকা মায়ের নিদ্রা নয়। এই নিদ্রা আমাদের। আমরা আত্মচেতনায় নিদ্রিত। আমরা জেগে রয়েছি কামে, ক্রোধে, লোভে। মোহনিদ্রা ছেড়ে আত্মশক্তিতে জেগে ওঠার নামই বোধন।

দেবীপক্ষের তাৎপর্য হল মনের প্রস্তুতি। যে মন নিয়ে সংসারের নানা কাজে ব্যস্ত রয়েছি, সেই সংসার-মলিন মন নিয়ে মাতৃ আরাধনা করা যায় না। সেই মনের প্রস্তুতি হয় দেবীপক্ষে। অহংসর্বস্ব মনকে মার্জনা করতে হয় যাতে করে পরিণামে তা সমর্পণের যোগ্য হয়ে ওঠে।

দেবী দুর্গার আরাধনা হয় ঘটে, নবপত্রিকাতে ও প্রতিমাতে। বিভিন্ন পুরাণে পাওয়া যায় দেবীর রূপের বর্ণনা। দেবতারা নিজেদের তেজ দান করে সর্বময়ী দেবীর রূপ দিলেন। দেবীমাহাত্ম্যে সেই রূপগ্রহণের বর্ণনা অপূর্ব ও অদ্ভুত। সে বর্ণনায় দেবীর তেজোময়ী রূপের ভাবনা। সমস্ত দেবতার তেজ একত্র হয়ে আদি-অন্ত পর্বতের মতো বহ্নিমান হয়ে উঠল। সে তেজ যে কী আকার নেবে সে বিষয়ে দেবতারা তখনও জানতেন না। আকাশ জোড়া সে এক জ্যোতির্ময়ী নারী মূর্তি। তিনি দুর্গা, তিনি অম্বা।

তাঁর মাথার মুকুট আকাশ পর্যন্ত বিস্তৃত। পৃথিবী কাঁপছে তাঁর পদভারে। অট্টহাসির শব্দে দিগন্ত প্রতিধ্বনিত হতে লাগল। তুমুল অট্টহাসিতে চমকে উঠলেন মহিষাসুর।

সর্বব্যাপী মাকে যিনি অন্তরে ও বাহিরে উপলব্ধি করেন তিনিই শ্রেষ্ঠ মাতৃসাধক। মা, তুমিই পৃথিবী, জল, অগ্নি, বায়ু, আকাশ। তুমি মন, অহংকার, মহৎ ও প্রকৃতি। আবার তুমিই সেই আত্মা ও পরম তত্ত্ব। মাগো, তোমার পরে আর কী বা আছে? কিন্তু সেই দুর্লভ উপলব্ধি সকলের হয় না। জ্ঞান-ভক্তি-বিবেক আমরা সকলে চাইতে পারি না। আমরা চাই 'রূপং দেহি, জয়ং দেহি, যশো দেহি, দ্বিষো জহি'। এই সকাম প্রার্থনার দ্বারা যেমন জাগতিক বস্তু লাভের আকাঙ্ক্ষা রয়েছে। নিষ্কাম সাধকের এই প্রার্থনা আর এক ভিন্ন অর্থ নিয়ে আসে। মা, আমায় আধ্যাত্মিক রূপ দাও, আধ্যাত্মিক জয় ও যশ দাও। কী সেই আধ্যাত্মিক রূপ, জয় ও যশলাভ? মহামায়া জগজ্জননীর চিন্তা যেন ঘনীভূত হয়ে সাকার হয়ে ওঠে আমার মধ্যে। আধ্যাত্মিক ক্ষেত্রে যে সব শত্রু-কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ ও মাৎসর্য এই সব শত্রুদের ওপর যেন বিজয় লাভ করতে পারি। আর অধ্যাত্মিক অনুভূতি লাভে যেন শ্রেষ্ঠ স্থান লাভ করি।



ভগবতী দুর্গার দশ হাত দশ দিকের প্রতীক। দশ হাতে দশ প্রকার অস্ত্র ধারণ করে সমস্ত দিক-দিগন্ত সমাচ্ছন্ন করে রেখেছেন। আসুরিক শক্তির বিনাশ করছেন। সেই মহাশক্তি কখনও মাতারূপে আবার কখনও কন্যারূপে পূজিতা হন। তিনি বিরাজ করেন সকল নারীর মধ্যে। তাই তো কুমারী পুজোর আয়োজন। সুপ্ত ও বিক্ষিপ্ত মাতৃশক্তিকে কেন্দ্রীভূত করে জগৎ কল্যাণের কাজে লাগানোর নামই বোধন বা জাগরণ। কোনও ভেদাভেদ নেই, কোনও জাতিবিচার নেই– সকলেই একাকার মহামিলনের উৎসবে।

মা মহামায়া, জগজ্জননী আদ্যাশক্তি যে নামেই বলি না কেন তিনি আছেন চিরকাল এই জগৎ জুড়ে। সৃষ্টির আদি থেকেই সেই মাতৃশক্তি সঙ্গে আছেন। আমরা সকলেই সেই সৃষ্টির মধ্যে, কেউ সৃষ্টিছাড়া নই। মহাকালের চক্রে ঘুরতে ঘুরতে আমরা এগিয়ে চলেছি। চলেছি কোনও অসীম অনন্তের সন্ধানে। ধনী-নির্ধন, পণ্ডিত-মূর্খ সকলেই চলেছে জীবনের লক্ষ্যে। কোথা থেকে এলাম এ রহস্য অজ্ঞাত। কিন্তু আমাদের অস্তিত্বকে অস্বীকার করতে পারি না। আমি আছি, আমি আছি। এই 'কাঁচা' আমিটার গণ্ডি পেরিয়ে মাতৃসাধক বলতে চায়– 'আমি ও আমার'-এর পরিবর্তে 'মা ও মায়ের'। যা কিছু আছে সবই মা, মা ছাড়া আর কিছু নেই। 'সর্বরূপময়ী দেবী সর্বং দেবীময়ং জগৎ'। তখন সন্তান অবাক বিস্ময়ে দেখে বিশ্ব চরাচর জুড়ে একই সত্তা– মাতৃসত্তা।

ভক্তি অর্ঘ্য সাজিয়ে মাটির মাকে সাধক পরিণত করে চিন্ময়ী বিশ্ব জননীতে। বিশ্ব জননী হলেন সমস্ত শক্তির আধার। তিনি অরূপ হয়েও মাটির পৃথিবীতে রূপ ধারণ করে আসেন। সেই মায়ের পায়ে শ্রীরামকৃষ্ণ সমস্ত সাধনার ফল সমর্পণ করে দিয়েছিলেন। স্বামী বিবেকানন্দ সেই মহামায়া ভগবতীকে 'জ্যান্তদুর্গা' বলে প্রণাম করেছেন। আজ দেবীপুজার পুণ্যলগ্নে সেই অসুরবিমর্দিনী মহামায়াকে আবাহন করি। হে দেবি! কেবল প্রতিমাতে নয় তুমি এস আমার নিভৃত হৃদয় কন্দরে। প্রার্থনা করি 'প্রসীদ ত্বং মাতঃ'-মা, তুমি প্রসন্ন হও।

# পিতৃপক্ষে তর্পণ কোথায় কোথায় করলে সংসার সুখের হয়

গৌতম বিশ্বাস

হিন্দুদের বিশ্বাস ইহলোক যেমন বাস্তব তেমন পরলোকও সত্য। ইহলোকে যে-মানুষ মায়ার দ্বারা পরিচালিত হয়ে সংসারে প্রতিপালিত হয়েছে– শিশু থেকে যুবক, প্রৌঢ়ত্ব থেকে বৃদ্ধাবস্থায় পৌঁছে কালের নিয়মে গতপ্রাণ হয়েছে। সংসারের খেলা শেষ করে সে চলে গেছে অন্য ভুবনে। সেই জগতের দিনযাপনের ছবি আমাদের জানা নেই। কিন্তু সেই অবিনশ্বর আত্মার অস্তিত্বও আমরা মানি বলেই পরলোকবাসী পিতৃ-মাতৃকুলকে আহ্বান করে জল দান করি। পরলোকবাসীরা সেই জল গ্রহণ করে কৃতার্থ হয়ে ঊর্ধ্বগতি লাভ করেন। আর আমাদের জন্য রেখে যান মঙ্গলহিতকর অমোঘ আশিস। সনাতন হিন্দুধর্ম এত উদার, এত সর্বজনীন যে, পরলোকগত প্রিয়জন শুধু নয়, অচেনা-অপরিচিত, অর্ধামিক, সকল জীবের জন্য উদার আহ্বান জানায়– এসো, অতৃপ্তকে তৃপ্ত করে ধন্য হও– আব্রহ্মস্তম্ভ পর্যন্তং জগৎ তৃপ্যতু!

বায়ুপুরাণ, গয়ামাহাত্ম্য, স্কন্দপুরাণ ও বৌদ্ধধর্মগ্রন্থের পাতায় পাতায় পিতৃ-মাতৃ তর্পণ ও পিণ্ডদানের কথা উল্লেখ রয়েছে। পিতৃপক্ষের তর্পণ ও পিণ্ডদানের প্রকৃষ্ট স্থান হল গয়া। বিহারের গয়া ছাড়াও তর্পণ ও পিণ্ডদানের কথা উল্লেখ রয়েছে বিভিন্ন ধর্মগ্রন্থে।

উত্তরাঞ্চলের বদ্রীনারায়ণ মন্দিরের নিচ দিয়ে প্রবহমানা অলকানন্দার তীরে নারদশিলায়, রাজস্থানের পুষ্করের ব্রহ্মা সরোবরে, ভগবান বিষ্ণুর সুদর্শন চক্রে বিদীর্ণ হয়ে সৃষ্ট নৈমিষারণ্যের পাতালগঙ্গায় (চক্রতীর্থ) এবং তামিলনাড়ুর রামেশ্বর শিব-শক্তির অধিষ্ঠান অগ্নিতীর্থে।

এছাড়াও গঙ্গাজল দিয়ে গঙ্গার তীরেও তর্পণ করা যায়। এটা অনেকটা গঙ্গাজলে গঙ্গাপুজোর মতো। গঙ্গা ভিন্ন অন্য কোনও তীর্থের জল দিয়ে যদি তর্পণ করতে হয়, তাহলে সেই তীর্থের নামের সঙ্গে 'উদকং' বলতে হয়। যেমন নর্মদা নদীর জল হলে বলতে হবে– 'সতিলনর্মদোদকং'। গয়া, বদ্রীনারায়ণ, পুষ্কর, নৈমিষারণ্য এবং রামেশ্বর ভারতবর্ষের এই পাঁচটি জায়গায় তর্পণ

ও পিণ্ডদান করা অতি সৌভাগ্যের ব্যাপার। কিন্তু সবার পক্ষে ওই সব জায়গায় সচরাচর যাওয়া সম্ভব হয় না, তাই অনেকেই গঙ্গায় কিংবা পরিষ্কার জলাশয়ে তিলতর্পণ ও পিণ্ডদান করেন।

পিতৃগণকে আহ্বান করে পিতৃতীর্থযোগে নিম্নোক্তরূপে গোত্র, সম্বন্ধ ও নাম উল্লেখ করে মন্ত্রোচ্চারণ সহকারে পিতা, পিতামহ, প্রপিতামহ, মাতা, মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহ, পিতামহী, প্রপিতামহী, এই নয়জনের প্রত্যেককে যথাক্রমে তিনবার অঞ্জলি দিতে হয়। তারপর পিতা, পিতামহ, প্রপিতামহ, মাতা, মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহ, পিতামহী, প্রপিতামহী, মাতামহী, প্রমাতামহী, বৃদ্ধপ্রমাতামহী এই দ্বাদশ পুরুষের মধ্যে যাঁরা জীবিত থাকবেন তাঁদের বাদ দিয়ে উর্ধ্বতন পুরুষকে ধরে দ্বাদশ সংখ্যা পূর্ণ করতে হয়। তর্পণ দ্বিবিদ। নিত্য ও স্নানাঙ্গ। স্নান না করে তর্পণ করলে তাকে নিত্য তর্পণ বলে আর স্নানান্তে তর্পণ করলে তাকে স্নানাঙ্গ তর্পণ বলে। সকালে স্নানান্তের পর তর্পণ করা উচিত। প্রথমে সূর্য প্রণাম তারপর শাস্ত্রোক্ত নিয়মানুসারে তর্পণ করার সময় অনামিকা অঙ্গুলিতে কুশের অঙ্গুরীয় ধারণ করতে হয়। স্নান করে কপাল, বক্ষদেশ, কণ্ঠ, কর্ণযুগল, বাহুযুগল, নাভিদেশ প্রভৃতি স্থানে গঙ্গামাটি দিয়ে তিলক কেটে পিতৃ তর্পণ করতে হয়। যাঁর পিতা জীবিত, তিনি কেবল ললাটে তিলক ধারণ করবেন। এরপর তর্পণ করা শুরু হয়। তর্পণ করার আগে মন্ত্র এইভাবে বলতে হয়–



ওঁ বিষ্ণুরোম অমুকগোত্রঃ পিতা অমুক দেবশর্মা তৃপ্যতামতেৎ সতিলোদকং তস্মৈ স্বধা।

মহিলাদের ক্ষেত্রে অমুক গোত্রা মাতা অমুকদেবী ইত্যাদি। এরপরে ওই একই নিয়মে বিমাতা, পিতৃব্য, মাতুল, ভ্রাতা, ভগিনী, পিতৃতুল্য, মাতৃতুল্য ব্যক্তিদের উদ্দেশ্যে একবার অঞ্জলিভরে জল নিয়ে তর্পণ করতে হয়। এছাড়াও বন্ধু, প্রিয়জনদের উদ্দেশ্যে ওই একই নিয়মে তর্পণ করা যায়। শেষে পিতৃস্তুতি– ওঁ পিতা স্বর্গঃ পিতা ধর্মঃ পিতাহি পরমং তপঃ। পিতরি প্রীতিমাপন্নে প্রিয়ন্তে সর্বদেবতাঃ। তারপর পিতৃ প্রণাম করতে হয়–

পিতৃণ্নমস্যে দিবি যে চ মূর্ত্তাঃ স্বধাভুজঃ কাম্যফলাভিসন্ধৌ প্রদানশক্তাঃ।
সকলেপ্সিতানাং, বিমুক্তিদা যেঽনভিসংহিতেষু ॥

অনেকে মহালয়ার পনেরো দিন আগে প্রতিপদ থেকে পিতৃতর্পণ করেন। এই সময় পিণ্ডদানও করা যায়। পিণ্ডদানের কথা উঠলে প্রথমেই মনে পড়ে গয়ার কথা। তাই শুরুতেই গয়া দিয়েই শুরু করে চারটি স্থানের পিণ্ডদানের কথা আলোচনা করব।

বায়ু ও স্কন্দপুরাণে গয়াক্ষেত্রকে গয়াপুরী, গয়াশীর প্রভৃতি নামে উল্লেখ করা হয়েছে। আবার প্রাচীন বৌদ্ধগ্রন্থে গয়াসীস, গয়া-কাশ্যপ প্রভৃতি নামের উল্লেখ রয়েছে। তবে মোগল সম্রাট আকবরের সভাসদ আবুল ফজলের বিবরণীতে ব্রহ্মগয়া নামটির উল্লেখ রয়েছে। যা নাকি গয়ার প্রকৃত নাম। সেই প্রাচীনকাল থেকেই গয়া হিন্দুদের একটি পবিত্র তীর্থস্থান।

তবে এখনও তীর্থভ্রমণ করতে গেলে বিশেষত কুম্ভমেলা দর্শন ও গয়াতে পিণ্ডদান করতে গেলে, প্রথমেই ভারত সেবাশ্রম সঙ্ঘের কথাই সবার আগে সব বাঙালি মনে করেন। স্বরাজপুরী রোডের ওপর ভারত সেবাশ্রম সঙ্ঘের আশ্রম।

ভারত সেবাশ্রম সঙ্ঘ প্রতিষ্ঠা করেছিলেন স্বামী প্রণবানন্দজী। পিতৃপুরুষের পিণ্ডদানের জন্য পৃথিবীর সকল হিন্দুকেই গয়াতে আসতে হয়। স্বামী প্রণবানন্দজীও এসেছিলেন তাঁর পিতার কাজ করার জন্য। সে সময় তিনি পাণ্ডাদের হাতে খুবই অত্যাচারিত হয়েছিলেন। তখন থেকেই তিনি মনে মনে ঠিক করেছিলেন সুযোগ পেলে এই ব্যবস্থার পরিবর্তন করবেন। সুযোগও এল এর কয়েক বছর পরেই। সে সময় বিহারি পাণ্ডা বনাম বাঙালি তীর্থযাত্রীদের যুদ্ধ লেগেই থাকত। তখন বেঙ্গলি সেটলারস অ্যাসোসিয়েশন তীর্থযাত্রীদের সুরক্ষার জন্য স্বামী প্রণবানন্দজীকে গয়ায় একটি আশ্রম প্রতিষ্ঠা করার জন্য আহ্বান জানালেন। ১৯২৪ খ্রিস্টাব্দে তিনি গয়ায় আশ্রম প্রতিষ্ঠা করলেন। সেদিন থেকেই বাঙালি তথা ভারতবাসীরা গয়ায় গিয়ে নির্বিঘ্নে ভারত সেবাশ্রম সঙ্ঘের মাধ্যমে পিণ্ডদান করতে পারেন। পিণ্ডদানের পর আশ্রমে থাকা ও ভোজনের ব্যবস্থাও আশ্রম কর্তৃপক্ষ করেন। অনেকের মতে, গয়াতীর্থ সংস্কারের জন্যই স্বামী প্রণবানন্দজী মানুষের কাছে চিরস্মরণীয় হয়ে থাকবেন।

আমার মায়ের মৃত্যুর বছরখানেক পর তর্পণ ও পিণ্ডদান করার জন্য আমিও গয়াতে গিয়েছিলাম। আর গয়াতে একমাত্র বাঙালিদের থাকার জায়গা হল স্বামী প্রণবানন্দ প্রতিষ্ঠিত ভারত সেবাশ্রম সঙ্ঘের আশ্রম।

সকাল আটটা নাগাদ আশ্রমের পাণ্ডাজীর নির্দেশ মতো টাঙা চড়ে সকলে ফল্গুনদীতে গেলাম। নদী তো নয়, যেন মরুভূমি। জলের বদলে শুধু বালি আর বালি। আমাদের দেখে একটি ছেলে হাজির হল। বলল, এক ঘটি জল দশ টাকা। সকলে তাতেই রাজি। জল ছাড়া তো আর তর্পণ ও পিণ্ড দেওয়া সম্ভব নয়। ছেলেটি শাবল দিয়ে এক ফুট খুঁড়তেই ফল্গুর ধারার দেখা পাওয়া গেল। মাটির ঘটিতে জল ভরে নিয়ে এলাম ফল্গু নদীতটে। সেখানে কুশাসনে বসে ঘৃতপ্রদীপ জ্বেলে, কুশের আংটি ধারণ করে শুরু হয় মাতৃ-পিতৃশ্রাদ্ধ। সধবা রমণীদের তিল ও কুশ ব্যবহার নিষিদ্ধ। সে জন্য সধবা মহিলারা কুশাসনে বসে, কুশের আংটি পরে তিলদান ও পিণ্ডদান করেন না। কুশের পরিবর্তে দূর্বা এবং তিলের পরিবর্তে যব ব্যবহার করেন। কুশাসনের পরিবর্তে মহিলাদের পশম কিংবা কাপড়ের আসনে বসতে দেওয়া হয়। আমাদের সঙ্গে দু'জন মহিলাও পিণ্ডদানের জন্য এসেছিলেন।

যে কোনও পুজো ও শ্রাদ্ধের যেমন নিয়ম আছে, মন্ত্রপাঠ আছে, তেমনই তর্পণ ও পিণ্ডদানের কিছু কিছু নিয়ম আছে। মৃত পরমাত্মীয়দের অক্ষয় শান্তি কামনায় 'গয়ায়াং গয়াশিরসি ফল্গুতীর্থে পিণ্ডদানকর্ম' করা হয়। একে একে দেবতর্পণ, মনুষ্যতর্পণ, ঋষিতর্পণ, যমতর্পণ, পিতৃকুল, মাতৃকুলের মৃত আত্মীয়-স্বজনদের প্রতি সপিণ্ড, সতিল জলাঞ্জলি দেওয়া হল। ভীষ্মতর্পণ, সামান্যতর্পণ, রামতর্পণ, লক্ষ্মণতর্পণ এবং মৃত আত্মীয়দের আহ্বান, প্রণাম ও পিণ্ডদানের কাজ-কর্ম বিভিন্ন জায়গায় করতে হয়। সময় লাগে প্রায় ঘণ্টা তিনেক। মন্ত্রে বলা হয়– 'তস্য নিষ্ক্রমণার্থায় মাতৃপিণ্ডং দদাম্যহম।" সেখানকার ক্রিয়াকর্মাদি শেষ হলে নারায়ণের পাদপদ্ম দর্শন করে সেখানেও আরেক প্রস্থ পিণ্ডদান করতে হয়।

এই বিষ্ণুপাদ মন্দিরই গয়ার প্রাণকেন্দ্র। কৃষ্ণপ্রস্তর দ্বারা নির্মিত শ্রীবিষ্ণু মন্দিরটি ইন্দোরের মহারানি অহল্যাবাই ১৭৬৮ খ্রিস্টাব্দে নয় লক্ষ টাকা দিয়ে তৈরি করেছিলেন। স্বর্ণকলস ও স্বর্ণপতাকা শোভিত মন্দির গর্ভে শ্রীবিষ্ণুপাদপদ্ম বিরাজমান। ৫৮ বর্গফুট জায়গা জুড়ে মন্দিরটি বিস্তৃত। যেখানে বিষ্ণুপদচিহ্ন রয়েছে, তার উপর পিরামিডের মতো অষ্টকোণবিশিষ্ট হয়ে চূড়া উঠে গেছে। যার উচ্চতা একশো ফুট। চূড়ার উপরিভাগ এক মন সোনা দিয়ে নির্মিত। মন্দিরের দ্বার রুপো দিয়ে মোড়া। চরণচিহ্ন এক ফুটের একটু বেশি। পদচিহ্নের আঙুল উত্তরাভিমুখ। বিষ্ণুপাদপদ্মের চারদিক এক ফুট উঁচু পাথরের বেষ্টনী দেওয়া। বেষ্টনীর ভিতর দিক রুপো দিয়ে মোড়া। শ্রীবিষ্ণুপাদপদ্মের উপর একটি কলসিতে জল ও দুধ থাকে। সেখান থেকে সারাক্ষণই পবিত্র ফল্গুর জল ও দুধের ধারা পড়ছে পাদপদ্মের উপর।

পাশের নাটমন্দিরে বসে পিণ্ড তৈরি করে একটি পাত্রে সেগুলি তুলে শ্রীবিষ্ণুপাদপদ্ম মন্দিরে আনা হয়। শেষে গয়াক্ষেত্রে গয়াশিরে শ্রীবিষ্ণুপাদপদ্মের উপর একটি একটি করে পিতৃকুল ও মাতৃকুলের প্রয়াত প্রয়াতার উদ্দেশ্যে সতিল সপিণ্ড উৎসর্গ করলাম। প্রতিটি পিণ্ডের সঙ্গেই নিবেদিত হয় ফল্গুতীর্থোদক অঞ্জলি। এই তীর্থে পিতৃকুল ও মাতৃকুল ছাড়াও পরিচিত-অপরিচিত জানা-অজানা মৃত ব্যক্তির উদ্দেশ্যে পিণ্ড প্রদান করা হয়। যাঁরা উভয় কুলে এখনও গতিলাভ করতে পারেননি বা বন্ধু-বান্ধবরা এবং অপরিচিত ব্যক্তি যাঁরা উদ্ধার হয়নি তাঁদের উদ্দেশ্যেও পিণ্ডদান করা যায়। এমনকী দাঁত ওঠার আগেই যাদের মৃত্যু হয়েছে অথবা গর্ভবাসে, তাদেরও আত্মার শান্তির জন্য পিণ্ড দেওয়া যায়। যারা আগুনে দগ্ধ হয়ে মারা গেছে, অগ্নিসংস্কার করা সম্ভব হয়নি, যারা বজ্রাঘাতে বা চোরের দ্বারা নিহত হয়েছে, যারা বনে দাবদাহে কিংবা বনের পশুদের দ্বারা আক্রমণে নিহত হয়েছে তাদেরও উদ্ধারের জন্য গয়ার শ্রীবিষ্ণুপাদপদ্মে পিণ্ডদান করা যেতে পারে।

এমনকী স্বর্গে, অন্তরীক্ষে, পৃথিবীতে বান্ধবগণের মধ্যে কেউ অবস্থান করেন, মৃত্যুর পর অগ্নি দ্বারা সৎকার হয়নি, প্রেতরূপে অবস্থান করেন তাঁদের সকলের জন্য পিণ্ডদান করা যেতে পারে। সকল তীর্থযাত্রীদের কাছে এই বিষ্ণুপদই পরম বস্তু। এখানে পিণ্ডদান করলে মাতৃকুল ও পিতৃপুরুষের মৃত আত্মার শান্তি লাভ হয়। যিনি পিতৃকুল ও মাতৃকুলের উদ্দেশ্যে পিণ্ডদান করেন, মৃত আত্মাদের শান্তি লাভে তাঁর সংসারেও শান্তি নেমে আসে। যে কাজ এতদিন নানা বাধায় বাধাপ্রাপ্ত হচ্ছিল, সেগুলি তখন অনায়াসে সফল হতে থাকে।

এভাবেই ফল্গুনদীতে, প্রেতপর্বতে, শ্রীবিষ্ণুপাদমন্দিরে এই একই নিয়মে 'সতিল ফল্গুতীর্থোদকং পিণ্ড' প্রদান করা হয়।

যাঁদের অপঘাতে মৃত্যু হয়েছে তাঁদের পিণ্ড দেওয়া হয় প্রেতশিলায়। একটি টাঙা ভাড়া করে সেখানে যেতে হয়। গয়ার বামনিঘাট থেকে প্রায় পনেরো কিলোমিটার দূরে প্রেতশিলা। বহু লোকই প্রেতশিলায় আসেন পিণ্ডদান করতে। পাহাড়ের পাদদেশে রয়েছে ব্রহ্মকুণ্ড। পিণ্ডদানকারীরা ব্রহ্মকুণ্ডের জল ঘটি ভরে পাহাড়ে ওঠেন। অসমর্থ দুর্বল যাত্রীদের জন্য এখানে ডুলির ব্যবস্থাও আছে। আমার ক্রিয়াকর্ম তাড়াতাড়ি শেষ হওয়ায় প্রেতশিলা দেখার সুযোগ পেয়েছিলাম।

প্রেতশিলায় সকলেই সারিবদ্ধভাবে দাঁড়িয়ে মৃত আত্মীয়দের প্রেতাত্মাদের উদ্দেশ্যে জলতর্পণ করেন। পাহাড়ের শুরুতেই ভূতনাথ আর মা কালীর বিগ্রহ। এছাড়া সিঁড়ির দু'পাশেই অজস্র পাথরের দেব-দেবীর মূর্তি। আগে পাহাড়ে ওঠার কোনও সিঁড়ি ছিল না। পাহাড়ের ধাপের উপর উঠে অতি কষ্টে ৫৫০ ফুট উঠতে হত। বর্তমানে ওঠার জন্য সিঁড়িপথ হয়েছে। পর্বতশীর্ষে ভগবান ব্রহ্মার প্রস্তরময় পদচিহ্ন আছে।

সেখানে এক বিকটদর্শনা কালীমূর্তি আছে। পর্বতশীর্ষের মধ্যখানে প্রাচীর দিয়ে ঘেরা ব্রহ্মার পদচিহ্ন। কারও কারও অভিমত, ব্রহ্মার লিপি। এক সময় স্থানটি সোনা দিয়ে মোড়া ছিল। বর্তমানে সেসব আর নেই। যাই হোক, ব্রহ্মার পদচিহ্নের ওপরই পিতৃকুল, মাতৃকুলের উদ্দেশ্যে পিণ্ডদান করা হয়। পিণ্ড তৈরি হয় পঞ্চগব্য (গোময়, গোমূত্র, ঘৃত, দধি, দুগ্ধ) ও ছাতু দিয়ে। পিণ্ডের ওপর ফুল দেওয়া বিধেয়।

প্রেতশিলা পাহাড়ের পাদদেশে রয়েছে সতী, নিগ্র ও সুখ এবং পাহাড়ের ওপরে যম মন্দিরের কাছে রাম নামের একটি কুণ্ড আছে। কথিত আছে– শ্রীরামচন্দ্র এই রামকুণ্ডে স্নান করেছিলেন। আশ্বিন মাসে পিতৃপক্ষ উপলক্ষে বহু মানুষ প্রেতশিলায় আসেন। ধামিন ব্রাহ্মণরা প্রেতশিলায় পিণ্ডদানের কাজ করেন।

প্রেতপর্বতের ওপর একটি বিষ্ণু মন্দির আছে। মন্দিরে অধিষ্ঠিত কালো কষ্টিপাথরের বিষ্ণুমূর্তি। এই বিগ্রহের চারপাশে বহু ফটো রাখা। যাঁদের অপঘাতে মৃত্যু হয়েছে তাঁদের পিণ্ডদান করে উদ্ধার হওয়ার কামনার্থে প্রিয়জনদের ফটো বিষ্ণুমন্দিরে রেখে যান। এরকম কোনও শাস্ত্রীয় নিয়ম বা নীতি নেই, তবুও ভক্তি আর বিশ্বাসের ওপর ভর করেই প্রিয়জনের মুক্তি কামনা আর সংসারের মঙ্গলকামনায় এটা করেন।

শ্রীব্রহ্মার চরণপদ্মে পিণ্ডদান করে যেতে হয় শ্রীবিষ্ণুমন্দিরে। এই প্রসঙ্গে গয়াসুরের কথা না বললেই নয় তাই জানালাম। গয়াসুর ছিলেন অত্যন্ত বলশালী ও বৈষ্ণব। তাঁর বিশাল দেহ ছিল একশো পঁচিশ যোজন। তিনি কোলাহল পর্বতে কয়েক হাজার বছরে ধরে

নিঃশ্বাস বন্ধ করে তপস্যায় নিমগ্ন ছিলেন। তপস্যায় তুষ্ট হয়ে ভগবান বিষ্ণু তাঁর কাছে গিয়ে বললেন, ‘ তোমার তপস্যায় আমি তুষ্ট হয়েছি। তুমি আমার কাছে কী বর কামনা কর?’

গয়াসুর বললেন, ‘হে ভগবান! আপনি যদি আমার তপস্যায় তুষ্ট হন তাহলে এই বর দিন যাতে আমাকে যাঁরা স্পর্শ করবে তাঁরা সঙ্গে সঙ্গে পবিত্র হয়ে বৈকুণ্ঠধামে গমন করবেন।’

তাঁর কথা শুনে বিষ্ণু বললেন, ‘তথাস্তু’।

ফলে ব্রহ্মালোক, শিবলোক, বিষ্ণুলোক ও যমপুরী জনশূন্য হয়ে গেল। সকলেই গয়াসুরকে স্পর্শ করে বৈকুণ্ঠে গমন করতে লাগলেন।

এই ঘটনায় যমরাজ এবং ইন্দ্র প্রমাদ গুণলেন। তাঁরা তখন ব্রহ্মার কাছে গেলেন। ব্রহ্মা তাঁদেরকে নিয়ে ভগবান বিষ্ণুর কাছে গেলেন। সব শুনে বিষ্ণু ব্রহ্মাকে বললেন, আপনি গয়াসুরের কাছে গিয়ে যজ্ঞের জন্য তাঁর দেহ প্রার্থনা করুন। বিষ্ণুর কথামতো দেবতারা গয়াসুরের কাছে গেলেন। তাঁদের দেখে গয়াসুর সকল দেবতাকে প্রণাম করে বললেন, ‘আজ আমার জন্ম ও কঠোর তপস্যা সার্থক হল। স্বয়ং ব্রহ্মা আমার কাছে এসেছেন এটা যে আমার কাছে পরম সৌভাগ্যের। বলুন ভগবান, আপনাদের জন্য আমি কী করতে পারি’। ব্রহ্মা বেশি কথা না বাড়িয়ে গয়াসুরকে আসল কথা ব্যক্ত করলেন– সমগ্র পৃথিবী ভ্রমণ করেও যজ্ঞ করার মতো উপযুক্ত জায়গা খুঁজে পাওয়া গেল না। বিষ্ণুর বরে একমাত্র তোমার দেহ-ই যথার্থ শুদ্ধ ও পবিত্র। তাই যজ্ঞের জন্য তোমার দেহ আমাদের দান কর।

গয়াসুর ব্রহ্মার কথা শুনে অত্যন্ত প্রীত হয়ে বললেন, ‘এই দেহ আপনাদের দ্বারাই পবিত্র হয়েছে। অতএব এই শরীরের ওপর সম্পূর্ণ অধিকার আপনাদের আছে। আপনারা এই শরীরের ওপর যজ্ঞ করলে আমি অত্যন্ত আনন্দিত হব।’ এই বলে তিনি কোলাহল পর্বতের নৈর্ঋত দিক আশ্রয় করে উত্তরে মাথা ও দক্ষিণে পা দু’টি রেখে ভূমিতে শয়ন করলেন। গয়াসুরের শরীরের ওপর শুরু হল যজ্ঞ। যজ্ঞ হলেও গয়াসুরের শরীর অচল হল না। গয়াসুরের দেহ সচল থাকল। তখন স্বয়ং গদাধর বিষ্ণু ক্ষীরোদসাগর থেকে উঠে এসে ওই শিলার ওপর অবস্থান করে নিজের গদার আঘাতে গয়াসুরের দেহ নিশ্চল করে তাঁর মাথার উপর নিজের শ্রীপাদপদ্ম রেখে গয়াসুরকে বর দিলেন–

‘যাবৎ পৃথ্বী পর্বতাশ্চ যাবচ্চন্দ্রার্কতারকাঃ।
তাবচ্ছিলায়াং তিষ্ঠন্তু ব্রহ্মা-বিষ্ণু-মহেশ্বরা ৷৷
পঞ্চক্রোশং গয়াক্ষেত্রং ক্রোশমেকং গয়াশিরঃ।
তন্মধ্যে সর্ব্বতীর্থানি ত্রৈলোক্য যানি তানি বৈ ৷৷
শ্রাদ্ধং সপিণ্ডকং যেষাং ব্রহ্মালোকং প্রয়ান্ত তে।’

যতদিন পর্যন্ত পৃথিবী, পর্বত, চন্দ্র, সূর্য, নক্ষত্র থাকবে ততদিন পর্যন্ত ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর ও অন্যান্য দেবতাগণ এই শিলায় অধিষ্ঠিত থাকবেন। পাঁচ ক্রোশ গয়াক্ষেত্র ও এক ক্রোশ মাত্র গয়াশির। এর মধ্যে সমস্ত তীর্থ বিদ্যমান থেকে মানবের মঙ্গলবিধান করবে। এখানে যাঁর হিতার্থে সপিণ্ড শ্রাদ্ধ করা হবে তাঁর দেহ ব্রহ্মালোকে স্থান পাবে।

সেই থেকে গয়াসুরের নামে গয়াধাম এবং শ্রীবিষ্ণুর চরণচিহ্নের নাম হল শ্রীগদাধর পাদপদ্ম। গয়াসুরের প্রার্থিত বরে গয়ার সমস্ত তীর্থে স্নান, তর্পণ ও পিণ্ডদানে মানবকুল উদ্ধার হয়। গদাধর স্বয়ং বিশ্বভুবনের সকল মানুষের পাপ নাশ করেন। নৈমিষ, পুষ্কর, গঙ্গা, প্রয়াগ, বারাণসী, স্বর্গ, ভূতল এবং অন্তরীক্ষ থেকেও দেবতারা এসে সব সময় মানুষের হিতসাধন করেন।

প্রবাদ আছে, ব্রহ্মা স্বয়ং গদাধর মন্দিরে গদাধরের মূর্তি প্রতিষ্ঠা করেছিলেন। গদাধর ঘাটের পাথর বাঁধানো সিঁড়ি দিয়ে নামলেই ফল্গুর বালি। বালি খুঁড়লেই জল। মনে হয় যেন ভগবান বিষ্ণুর শরীরের সুগন্ধে ভরপুর ফল্গু নদী।

গয়ার বিষ্ণুমন্দিরে রোজ পুজো দিতে আসেন কমপক্ষে ১০০০ তীর্থযাত্রী। একাদশী, পিতৃপক্ষে, কার্তিকী পূর্ণিমার মতো বিশেষ বিশেষ দিনগুলিতে এই সংখ্যা কয়েক হাজারে গিয়ে পৌঁছায়। আর আশ্বিনের পিতৃপক্ষে বিষ্ণুপদে পিণ্ড দেবার জন্য দুই লক্ষের অধিক মানুষ আসেন নিজ আত্মীয়দের মুক্তি কামনার্থে।

প্রতিটি মানুষের পিতৃ-মাতৃ ঋণ থাকে। তাই পিতৃপক্ষে গয়াধামে পিতৃ-মাতৃলোককে আবাহন করে সতিল পিণ্ডদান করে কিছুটা হলেও মানুষেরা ঋণ মুক্ত হয়। পিতা-মাতার আদেশ পালন করা পুত্রের প্রথম ঋণ। পিতা-মাতা বৃদ্ধ হলে তাঁদের দেখাশোনা, সেবাশুশ্রূষা ও ভোজন করানো হল দ্বিতীয় ঋণ। আর পিতা-মাতার সদ্গতির জন্য গয়ায় পিণ্ডদান করা হল তৃতীয় ঋণ। তাই পিতৃপক্ষ উদ্‌যাপন গয়ার সবচেয়ে বড় উৎসব। পুত্রের কাছ থেকে পিণ্ডদান গ্রহণ করার জন্য মৃত প্রেতরা পিতৃপক্ষে আকুল হয়ে পৃথিবীর খুব কাছে এসে থাকেন। পিতৃপক্ষ তাই ঋণমুক্তির উৎসব। এই প্রসঙ্গে রামায়ণে রাজা দশরথের কথা উল্লেখ করা অপ্রাসঙ্গিক হবে না। রাজা দশরথ কীভাবে পুত্রের হাতে পিণ্ডগ্রহণের জন্য অধীর হয়ে অপেক্ষা করেছিলেন। কিন্তু সময় মতো পুত্র পিণ্ড দিতে না পারার জন্য তিনি কন্যারূপী পুত্রবধুর হাতেই পিণ্ড গ্রহণ করেন। সেই কথাই এবার জানাচ্ছি– দশরথের আদেশে শ্রীরামচন্দ্র, সীতা ও লক্ষ্মণ বনবাসে গমন করেন। তাঁরা কিছুকাল গয়ার ফল্গুনদীর তীরে বনবাস করেছিলেন। সেই সময়েই পিতা দশরথের শ্রাদ্ধের সময় উপস্থিত হল। রামচন্দ্র ভ্রাতা লক্ষ্মণকে শ্রাদ্ধের প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী আনতে পাঠালেন। কিন্তু শ্রাদ্ধের সময় প্রায় সমাগত অথচ লক্ষ্মণ তখনও পর্যন্ত শ্রাদ্ধের উপকরণ নিয়ে উপস্থিত হয়নি, তাই ভাইয়ের খোঁজে স্বয়ং রঘুনাথও সীতাদেবীকে রেখে নির্গত হলেন।

সীতাদেবী তখন একাকিনী। তিনি চিন্তা করতে লাগলেন, শ্রাদ্ধের সময় অতিক্রান্ত হতে চলেছে অথচ স্বামী ও দেবর লক্ষ্মণ উপস্থিত হননি। তিনি চিন্তা করে কোনও কূল-কিনারা করতে পারছেন না। এদিকে আর কিছুক্ষণের মধ্যেই রাক্ষসী কাল আরম্ভ হবে। তখন আর শ্রাদ্ধকার্য করা যাবে না এই ভেবে মা জানকী ফল্গুনদীতে বিধিমতো স্নান করে প্রদীপ জ্বালিয়ে হাতের কাছে যা সম্বল ছিল তাই দিয়েই স্বামীর পিতৃগণকে পিণ্ডদান করলেন। পিণ্ডদান করা মাত্র আকাশবাণী হল, ‘আজ আমরা পরিতৃপ্ত হলাম, তুমিও ধন্য হলে।’ সেই সময় আকাশবাণীর সঙ্গে সঙ্গে নানা অলংকারে সজ্জিত কয়েকটি হাত জনক নন্দিনী দেখতে পেলেন,

হাতগুলি তখন পিণ্ড গ্রহণেচ্ছু থাকার জন্য অঞ্জলিবদ্ধ অবস্থায় ছিল। সীতাদেবী আকাশবাণী শুনে এবং অঞ্জলিবদ্ধ হাতগুলি দেখে জিজ্ঞাসা করলেন, 'আপনারা কারা উপস্থিত হয়ে আমার হাত থেকে পিণ্ড গ্রহণ করলেন দয়া করে জানাবেন?' তখন অদৃশ্য থেকে পুনরায় উচ্চারিত হল, 'আমি তোমার শ্বশুর, আমার নাম দশরথ। তোমার দ্বারা শ্রাদ্ধকর্ম সফল হয়েছে, আমরা আজ পরিতৃপ্ত।' তখন জানকী বললেন, 'হে পিতা! আপনারা যে আমার হাতে পিণ্ড গ্রহণ করেছেন এ কথা আপনার পুত্র কিছুতেই বিশ্বাস করবেন না।' তখন দশরথ অদৃশ্য থেকে বললেন, 'হে নিষ্পাপ কন্যা, তুমি এ বিষয়ে কতকগুলি সাক্ষী রেখে দাও যাতে রাম এসে তোমার কথা বিশ্বাস করে।' সেই কথা শুনে জনক দুহিতা ফল্গুনদী, ধেনু, অগ্নি ও কেতকী ফুলকে সাক্ষী মানলেন। এর পরের ঘটনা হল, রামচন্দ্র সেখানে ফিরে এসে পিতৃদেবের উদ্দেশ্যে পিণ্ডদান করতে গেলে সীতাদেবী বললেন, শ্রাদ্ধের সময় অতিবাহিত হয়ে যাওয়ায় আমি বাধ্য হয়ে পিণ্ডদান করেছি এবং স্বয়ং শ্বশুরদেব আমার হাত থেকে পিণ্ড গ্রহণ করে পরিতৃপ্ত হয়েছেন। তখন শ্রীরাম ভাই লক্ষ্মণকে শুনিয়ে বললেন, 'আমরা শাস্ত্রমতো আহ্বান করেও পিতার দর্শন পাইনি, আর সীতা বিনা আহ্বানেই পিতার দর্শন পেয়েছেন।' এই বলে দুই ভাইয়ে হাসাহাসি করতে থাকলেন। তখন সীতা বললেন, 'হে রঘুনন্দন, আপনি আমাকে উপহাস করলেও এই বিষয়ে চারজন সাক্ষী আছে যাঁরা আমার দেওয়া পিণ্ডদান প্রত্যক্ষ করেছেন। তাঁরা হলেন ফল্গুনদী, ধেনু, অগ্নি ও কেতকী ফুল।' কিন্তু রামচন্দ্র যখন ওই চারজন সাক্ষীকে জিজ্ঞাসা করলেন তখন তাঁরা নিরুত্তর থাকলেন। এই অবস্থায় সীতাদেবী লজ্জায় ও দুঃখে মাথা নত করে নীরব থাকলেন। তাঁর মুখ থেকে আর কোনও বাক্য নিঃসৃত হল না। শুধু দু'চোখ থেকে নেমে এল ফল্গুধারা।

তখন রাম আবার নতুন করে শ্রাদ্ধের প্রস্তুতি করে পিতৃগণকে আহ্বান করতে লাগলেন। তখন সূর্যমণ্ডল থেকে আকাশবাণী হল, 'হে বৎস, তুমি কী জন্য পুনরায় আমাদের আহ্বান করছ। তোমার পত্নী জানকী আমাদের পরিতৃপ্ত করেছে। সুতরাং পুনরায় শ্রাদ্ধ করার আর কোনও প্রয়োজন নেই।' সেই সময় শুধু বটবৃক্ষ এর সত্যতা স্বীকার করেছিলেন।

জনক নন্দিনী সীতা তখন রাগে, দুঃখে ও অভিমানে ওই চার মিথ্যাবাদীকেই অভিশাপ দিয়ে বললেন, 'হে ফল্গুনদী, মিথ্যাচার করার জন্য আজ থেকে তুমি পাতালে প্রবাহিত হবে।' কেতকী ফুলকে জানকী বললেন, 'হে কেতকী ফুল, অসত্য ভাষণের জন্য তুমি সর্বদা শিবের অপ্রিয় হবে।' তারপর গোরুকে বললেন, 'হে নিষ্পাপ, মুখ দিয়ে মিথ্যা কথা বলার জন্য তোমার মুখ অপবিত্র হবে কিন্তু তোমার পুচ্ছদেশ হবে অতি পবিত্র।' অগ্নিকে বললেন, 'মিথ্যা ভাষণের জন্য তুমি দেবতাদের মুখ স্বরূপ হয়েও আজ থেকে সর্বভক্ষক হবে।'

অক্ষয়বটকে আশীর্বাদ করে বললেন, 'শীতকালে উষ্ণ হবে, গ্রীষ্মেতে শীতল' তিনি এও বললেন, 'ডালে ডালে হবে তব পল্লব বিস্তর। সুশীতল রাখিবে, যে যাবে তব তলে। সর্বদা আনন্দে রবে নিজ পত্র ফলে।'

মহিলারা পিণ্ডদানও করতে পারেন। সেই রামায়ণী যুগ থেকে মহিলাদের পিতৃ-মাতৃ তর্পণ করার প্রথা চলে আসছে।

প্রতিটি হিন্দুর কাছে গয়া মহাতীর্থ হিসেবে প্রসিদ্ধ। শুধু ভারতবর্ষ থেকে নয় ভারতের বাইরে থেকেও বহু লোক পিতৃপক্ষে পিণ্ড দিতে আসেন। শুধু হিন্দু নয় অন্য ধর্মাবলম্বীরাও গয়ায় এসে প্রিয়জনের মুক্তি কামনায় পিণ্ড অর্পণ করেন।

## বদ্রীনাথ

বদ্রীনাথেও বহু তীর্থযাত্রী পিণ্ড ও তর্পণ করেন। বদ্রীনাথ মন্দিরে ঢোকার মুখেই তপ্তকুণ্ড, প্রহ্লাদকুণ্ড ও নারদকুণ্ড। এই তিনটিতেই সাধারণত তীর্থযাত্রীরা স্নান করেন। এছাড়াও সেখানে আরও দুটি কুণ্ড আছে। যেমন কূর্মধারা ও ঋষিগঙ্গা। পাণ্ডাদের বললেই তারা সানন্দে দেখিয়ে দেয়। এই পঞ্চকুণ্ডের মতো এখানে পঞ্চশিলা আছে। যেমন নারদশিলা, বরাহশিলা, গরুড়শিলা, মার্কণ্ডেয় শিলা ও নৃসিংহশিলা।

এই পঞ্চগঙ্গার জল মাথায় দিয়ে পঞ্চশিলা দর্শন করে অলকানন্দার তীরে ব্রহ্মকপাল-এ পিতৃতর্পণ ও পিণ্ডদান করেছি। যেহেতু মা তখনও সুস্থ শরীরে তাই বদ্রীনারায়ণ থেকে গর্ভধারিণীর স্মরণ করে তাঁর অনুমতি নিয়ে পিতৃদেবের পিণ্ডদান করলাম। পঞ্চশিলার দর্শন করতে বেশিদূর যাওয়ার প্রয়োজন হয় না। শ্রীশ্রী বদ্রীনারায়ণের মন্দিরের নিচেই শিলাগুলির অবস্থান। এই শিলাগুলি দর্শন করলে জীবেরা সমস্ত পাপনাশ হয়ে বিষ্ণুলোকে গমন করে।

## ব্রহ্মকপাল

বদ্রীনারায়ণ মন্দিরের উত্তরদিকে তপ্তকুণ্ড থেকে মাত্র মিনিট চারেকের দূরত্বে অলকানন্দার তীরে এই তীর্থ অবস্থিত। কথিত আছে, পিতৃকুল, মাতৃকুল ও মৃত আত্মীয় স্বজনের উদ্দেশ্যে পিণ্ডদান করলে গয়া থেকে আটগুণ অধিক ফল লাভ হয়। এখানকার পৌরাণিক কাহিনী হল, দেবাদিদেব মহাদেব একদিন প্রজাপতি ব্রহ্মার কাছে গেলেন। ব্রহ্মা সেই সময় নিজ কন্যার রূপে মুগ্ধ হয়ে মৈথুনে আসক্ত। ব্রহ্মার সেই কাণ্ড দেখে বিস্মিত হয়ে মহাদেব তাঁকে বারংবার বিরত হতে বললেন। কিন্তু ব্রহ্মা তাঁর সমস্ত নিষেধ অগ্রাহ্য করলে মহাদেব তখন ক্রোধান্বিত হয়ে ব্রহ্মার পঞ্চম শিরটি ত্রিশূলবিদ্ধ করলেন। কিছুতেই ব্রহ্মার মুণ্ডটিকে ত্রিশূল থেকে মুক্ত করতে না পেরে শিব চিন্তিত হয়ে বিষ্ণুর শরণ নিলেন। ভগবান বিষ্ণু শিবকে বললেন, 'হে শিবসুন্দর, সর্বশ্রেষ্ঠ তপোভূমি উত্তরাখণ্ডের অন্তর্গত বদ্রীক্ষেত্রে তুমি যাও, সেখানকার স্থানমাহাত্ম্যেই তোমার ত্রিশূল থেকে ব্রহ্মার পঞ্চম শিরটি কুণ্ডের পার্শ্বে পতিত হয়ে যাবে। তারপর কুণ্ডে স্নান করে তোমার ব্রহ্মহত্যার পাপ দূর করবে। বিষ্ণুর নির্দেশে শিব বদ্রীক্ষেত্র অর্থাৎ বদ্রীতীর্থে গিয়ে গুপ্তকুণ্ডের পাশে গেলেন। সেখানে পৌঁছানো মাত্র ব্রহ্মার পঞ্চম মস্তকটি ত্রিশূল থেকে আপনা-আপনি খসে পড়ল। তারপর তিনি কুণ্ডে স্নান করলেন। যেখানে ব্রহ্মার পঞ্চম মস্তকটি ত্রিশূল থেকে আপনা-আপনি খসে পড়েছিল সেই জায়গাটিই বর্তমানে ব্রহ্মকপাল নামে পরিচিত। আর যে কুণ্ডে স্নান করে শিব ব্রহ্মহত্যার পাপ থেকে মুক্তি পেলেন সেই স্থানটির নাম ব্রহ্মকুণ্ড। এই বিশ্বাসের প্রতি আস্থা রেখে বহু লোকই জড়ো হয়েছেন

ব্রহ্মকুণ্ডের জল মাথায় দেওয়ার জন্য। আমিও সেই দলে লাইন দিয়ে কুণ্ডের পবিত্র জল মাথায় দিলাম। কুণ্ডের পাশে সারি সারি বোতল। জল বিক্রি হচ্ছে। যাঁর যত ইচ্ছা সেইমতো পর্যটক-ভক্তরা বাড়ির জন্য জল নিয়ে যাচ্ছেন।

### পুষ্কর

গয়া, বদ্রীনারায়ণের মতো পুষ্করেও পিণ্ডদান করার রীতি আছে। সৃষ্টির আদিতে অদ্বিতীয় পরমপুরুষ যখন ব্রহ্মাকে সৃষ্টি করলেন তখন চারদিকে শুধু জল আর জল, এই অন্তহীন মহাসলিলের মাঝে একটি পদ্মের ওপর বসে তিনি ভাসছেন। পদ্মের মৃণালটি এক নীলজ্যোতির্ময় পুরুষের নাভিকুণ্ড থেকে উত্থিত। সেই নীলজ্যোতির্ময় অলৌকিক পুরুষের মুখ থেকে দৈববাণী হল– তপঃ, তপঃ অর্থাৎ তপস্যা কর। তখন ব্রহ্মা তপস্যায় নিমগ্ন হলেন। কথিত, তার সেই তপস্যা থেকেই নাকি এই ধরণীর সৃষ্টি। তপস্যান্তে একটি যজ্ঞ করবেন বলে স্থির করেছেন ভগবান ব্রহ্মা। নানা জায়গা ঘুরে শেষ পর্যন্ত তিনি পবিত্র ভূমি পুষ্করকেই বেছে নিলেন।

ব্রহ্মা-সরোবরের তিনদিক পাহাড় দিয়ে ঘেরা, মনে হয় যেন প্রকৃতিদেবী এর শুচিতা রক্ষা করার জন্যই এই ব্যবস্থা করেছেন। এই জলাশয়ের মধ্যখানে একটি ছোট দ্বীপ আছে। বলা হয়, সেখানেই রয়েছে ব্রহ্মার সাধনস্থল। সরোবরের পাড় থেকে একটি ছোট শিবমন্দিরও চোখে পড়ে। এই জায়গাটি একদিকে যেমন ব্রহ্মার যোগতীর্থ, অন্যদিকে তীর্থরাজ। তাই এখানকার পবিত্র নির্মল জলে স্নান করলে ঊষর মরুস্থলীর ক্লান্তি নিমেষেই দূর হয়ে মন অত্যন্ত শান্তি লাভ করে। আমিও স্বচ্ছ, গভীর প্রাণসলিলে ডুব দিয়ে অনন্ত প্রেম-সাগরের অবগাহনের স্বাদ পেয়ে ধন্য হয়েছি। আমি প্রশস্ত শ্বেতপাথরের বাঁধানো ঘাটে গর্ভধারিণী মায়ের বাৎসরিক পারলৌকিক ক্রিয়াদি, পিতা-মাতার পিণ্ডদান এবং স্বর্গীয় আত্মীয়-স্বজনের আত্মার শান্তির উদ্দেশ্যে তর্পণ করে বহুদিনের বাসনা পূরণ করেছি।

পৃথিবীতে একমাত্র পুষ্করেই আছে ব্রহ্মার মন্দির। তাই পুজো, তর্পণ ও পিণ্ডদান পর্ব শেষ করে প্রথমেই পুজো ও দর্শন করতে গেলাম ব্রহ্মার মন্দির।

### নৈমিষারণ্য

কলিযুগ সমাগত দেখে প্রজাপতি মনু ভগবান শ্রীবিষ্ণুকে জিজ্ঞাসা করেন, কলিযুগে ধর্মভ্রষ্ট হয়ে ধর্মের বিলোপ ঘটবে। তখন মুনি-ঋষিগণ কোথায় তপস্যা করবেন? ভগবান বিষ্ণু বলেন, 'আমি সুদর্শন চক্র পৃথিবীতে নিক্ষেপ করেছি, যে স্থলে এই চক্র এক নিমেষ-কাল ঘূর্ণিপাক খেয়ে পুনরায় আমার হাতে ফিরে আসবে সেই স্থলই হবে তপস্যার জন্য অনুকূল এবং সেই স্থানের পরিমণ্ডলকে ঘিরে সদা জাগ্রত থাকবে ধর্ম। মনু তাঁর দিব্যদৃষ্টিতে দেখতে পেলেন ভগবান বিষ্ণুর সুদর্শন চক্র পৃথিবীতে প্রবেশ করে এক বিশেষ জায়গায় এক নিমেষকাল চক্রাকারে ঘুরে পুনরায় ভগবানের হাতে ফিরে এল। সুদর্শন চক্রের প্রচণ্ড গতিতে পৃথিবী পৃষ্ঠ বিদীর্ণ হওয়ার জন্য সেখানে পাতাল গঙ্গা উৎসারিত হয়ে ভূপৃষ্ঠে প্রবাহিত হতে থাকল। সেই জলধারার নামই হল ধেনুমতী নদী। যা বর্তমানের গোমতী নদী। সেই সঙ্গে সৃষ্টি হল গোলাকার এক জলাধার বা কুণ্ড। এরই নাম চক্রতীর্থ। সতীপীঠ ললিতা মাতা মন্দিরের দক্ষিণে। এই চক্রতীর্থই হল পৃথিবীর শ্রেষ্ঠ পিতৃতীর্থ। এই তীর্থের জল পিতৃপুরুষের উদ্দেশ্যে তর্পণ করলে পরমগতি লাভ করেন। চক্রতীর্থের কুণ্ডটিই হল ধেনুমতী নদীর উৎস। যেমন ত্র্যম্বকেশ্বরের ব্রহ্মগিরি পর্বতে গোদাবরী নদীর উৎস, অমরকণ্টকে নর্মদা ও শোন নদীর উৎস তেমনি চক্রতীর্থ ধেনুমতী নদীর উৎসস্থল। দেবতারাও এই স্থানকে পরম ভক্তিভরে শ্রদ্ধা করেন।

### রামেশ্বরম

লঙ্কা অভিযানের আগে শিবভক্ত রাবণকে পরাজিত করার জন্য এখানে দশরথ নন্দন শ্রীরামচন্দ্র শিবের পূজা দিয়েছিলেন। শ্রীরামের পূজা স্থলেই গড়ে উঠেছে আজকের রামনাথ স্বামী মন্দির। মন্দিরে তিনটি গোপুরমের মধ্যে সব থেকে বড়টি হল ১২৬ ফুট উঁচু। সিংহদ্বার দিয়ে মন্দিরে প্রবেশের পর রয়েছে ৩৮৫০ ফুট লম্বা বিশ্বের দীর্ঘতম অলিন্দ। দু'ধারে অপূর্ব কারুকার্য করা ১২০০ টি স্তম্ভ। এর ভাস্কর্য দেখে স্তম্ভিত হয়ে যেতে হয়। আদ্যাস্তোত্রে পীঠস্থানের বন্দনায় বলা হয়েছে–

'সেতুবন্ধনে রামেশ্বরী পুরুষোত্তমে বিমলা'

আদ্যাস্তোত্রর মতে সেতুবন্ধে পীঠদেবীর নাম রামেশ্বরী বলা হয়েছে। দ্বাদশ শিবলিঙ্গ রামেশ্বর মন্দির থেকে ৩৯ কিলোমিটার দূরে দ্বীপের পূর্বপ্রান্তে ধনুষ্কোটি। রামের সেতুবন্ধন নাকি সেখানেই হয়েছিল। সেতুবন্ধন করার আগে রাম সেখানে মা দুর্গা ও শিবের পুজো দিয়েছিলেন। অটোও রিজার্ভে যাতায়াত করে। সমুদ্র স্নান (অগ্নিতীর্থ) ও রামেশ্বর মন্দিরের ২২ তীর্থের জল দিয়ে স্নান করে ধনুষ্কোটিতে গেলাম পিণ্ডদানের উদ্দেশ্যে।

রামস্বামী মন্দিরের মধ্যে বাইশটি তীর্থ আছে। এগুলি এক একটি কুণ্ড। এক জায়গায় নয়। তবে একটির থেকে অন্যটির দূরত্ব খুব বেশি নয়। কোনওটি তিরিশ ফুট আবার কোনওটি হয়তো পাঁচশো ফুট দূরে। সবগুলিই রামেশ্বর মন্দির চত্বরের মধ্যেই। এদের আকার এবং পরিধির বিভিন্নতা লক্ষ্য করি। কোনওটি কুয়োর মতো, কোনওটি চৌবাচ্চার আকারে আবার পুকুরের আকারেও একটি কুণ্ড আছে। সমুদ্রের এত কাছে হওয়া সত্ত্বেও কুণ্ডগুলির জল কিন্তু নোনা নয় বরং অন্য জলের থেকে অধিক মিষ্টি। জলের তাপের বিভিন্নতা অনুভব করি। তবে জল উষ্ণ নয়। গরম গরম ভাব।

কথিত আছে শ্রীকৃষ্ণ এখানকার রুদ্রকুণ্ডে স্নান করে মাতুল কংস হত্যার পাপ থেকে মুক্তি পেয়েছিলেন। তর্পণ করে মন্দিরের তিন মাইল দূরে হনুমান স্থাপিত গন্ধমাদন পর্বত, সাচ্চি হনুমান মন্দির, পঞ্চমুখী হনুমান মন্দির, লক্ষ্মণ তীর্থ, সীতা তীর্থ, ভাসমান পাথর, নটরাজ মন্দির, ভদ্রকালী মন্দির, উজ্জয়নী মহাকালীর মন্দির প্রভৃতি মন্দির দর্শন শেষ করে ফিরে চললাম কলকাতার উদ্দেশ্যে। তাই ফিরে যাওয়ার সময় সুউচ্চ ইন্দিরা গান্ধী সেতুতে উঠে গাড়ি থেকে নেমে পড়ি। পিছনে ফেলে আসা রামেশ্বর দ্বীপকে আরও একবার ভালো করে দেখে নিলাম। এ দেখায় যেন কোনও তৃপ্তি নেই, তবুও যে মন মানে না। তাই যাত্রাপথে যতক্ষণ পারি তাকে স্মরণ করে বলেছি– 'তত্তোয়ং স্পৃশ্য, রাজেন্দ্র সর্বপাপৈঃ প্রমুচ্যতে।' ❑

# সিঁদুর খেলা

## শতরূপা সান্যাল

আবাসনের জনপ্রিয় দোলা বউদিই প্রথম সূচনা করেছিলেন। সে আজ বারো বছর আগের কথা। আবাসনে প্রথম বারোয়ারি দুর্গাপুজো হবে। সকলেই কম-বেশি উত্তেজিত। সবচেয়ে অগ্রণী দোলা বউদি। চাঁদা আদায় থেকে পুজোর আয়োজন, সন্ধের গান-বাজনা, আরতি সবেতেই তাঁর ভূমিকা অনস্বীকার্য প্রতিমা নিরঞ্জনের আগে রীতি অনুযায়ী মাকে বরণ করা, মিষ্টিমুখ করানো, তারপর সিঁদুর খেলা সবই হইহই করে কোমরে আঁচল জড়িয়ে আমাদের দোলা বউদি মাতিয়ে রাখতেন। প্রতি বছর এভাবেই পুজোর উৎসব আমাদের কাছে ধরা দিয়েছে। কিন্তু এবারে যেন তাল কেটে গেল, সুরটাও বেসুর মনে হল। যখন চারদিনের উৎসবের শেষে দুর্গাপ্রতিমাকে ট্রাকে তোলার আগে প্রতিমা বরণ আর সিঁদুর খেলার পর্ব শুরু হল, দেখলাম দোতলার বারান্দা থেকে দোলা বউদি উঁকি দিয়ে দেখছেন এই কর্মকাণ্ড। নিজেকে যথাসম্ভব আড়ালে লুকিয়ে রেখেছেন বউদি।



এই অদ্ভুত আচরণ কেন করলেন বউদি? সিঁদুর খেলা মানেই তো দোলা বউদির নেতৃত্বে আবাসনের তাবৎ মহিলাদের আনন্দ-হুল্লোড় এবারে তিনি একেবারেই অনুপস্থিত, মায় সিঁদুর খেলার অনুষ্ঠানেও? কেন? আমার আহাম্মকিতে আবাসনের বর্তমান কর্তা-কর্ত্রীরা হাঁ হাঁ করে উঠলেন। 'আরে তুই জানিস না, ছ'মাস হল দাদা মানে দোলা বউদির স্বামী মারা গেছেন। সেজন্যই হয়তো বউদি পুজোয় আসেননি। তাছাড়া, বিধবাদের সিঁদুর খেলায় অংশ নেওয়ার নিয়ম নেই।'

না, আমি জানি না। জানতাম না আনন্দ অনুষ্ঠানে বিধবাদের প্রবেশ নিষেধ। জানতাম না, নববধূকে বরণ করার অধিকারও বিধবার নেই। মঙ্গলানুষ্ঠানে বিধবার উপস্থিতি নাকি অমঙ্গল ডেকে আনে এ কেমন আধুনিকতা? পশ্চিমি পোশাকে, আধুনিক গ্যাজেট ব্যবহারে, আধুনিক ভাষায়, চাল-চলনে আমরা অত্যাধুনিক হয়েও মানবিক হতে পারিনি এখনও। অসভ্য মানুষ সভ্যতা সৃষ্টি করেছিল নিজেদের সুরক্ষার জন্য। সমাজ গড়ে উঠেছিল নিজেদের প্রয়োজনেই। সামাজিক রীতি-নীতি, সংস্কার গড়ে উঠেছিল তাৎক্ষণিক প্রয়োজনীয়তার ভিত্তিতে। সব কিছুর পিছনেই ছিল প্রয়োজন। নারীকে সন্তান ধারণের কারণেই মর্যাদা দেওয়ার রীতিও চালু হয়েছিল প্রয়োজনেই। সন্তানহীনা নারীর অমর্যাদার শুরুও সেখান থেকেই। বহু সন্তান পাওয়ার আশাতেই পুরুষের বহুবিবাহ বিধেয় ছিল। সমাজ ভাবত নারীকে উর্বরা হতে হবে, আকর্ষণীয়া ও সন্তানবতী হতে হবে। 'পুত্রার্থে ক্রীয়তে ভার্যা'একদা এদেশের মানুষ মজ্জায় মজ্জায় বিশ্বাস করতেন। ফলে পুত্রসন্তান না হলে নারীর লাঞ্ছনার শেষ ছিল না। আজ যে তার বিরাট পরিবর্তন ঘটেছে এমনটা অতি আশাবাদীরাও বলবেন না। কারণ আইন করে বহুবিবাহ বন্ধ করা হয়েছে ঠিকই, কিন্তু পুত্র সন্তান না দিতে পারা নারীর অসহায়তার কথা প্রায় প্রতিদিন কানে আসে। গর্ভাবস্থায় এত কন্যাভ্রূণ হত্যা করা হয় যে বহু রাজ্যে নারী-পুরুষের আনুপাতিক হার চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে। মেয়েদের সংখ্যা কমে যাচ্ছে প্রতি বছর।

> না, আমি জানি না। জানতাম না আনন্দ অনুষ্ঠানে বিধবাদের প্রবেশ নিষেধ। জানতাম না, নববধূকে বরণ করার অধিকারও বিধবার নেই। মঙ্গলানুষ্ঠানে বিধবার উপস্থিতি নাকি অমঙ্গল ডেকে আনে এ কেমন আধুনিকতা?

এক সময় এদেশে বাল্যবিবাহ, বহুবিবাহ, সতীদাহ ছিল জল ভাত। অর্থাৎ এই নিয়ম বা রীতিগুলির অমানবিক বা অবৈজ্ঞানিক দিক নিয়ে কেউ ভাবতেন না। এগুলোই ছিল স্বাভাবিক। বহু চেষ্টায় আইন হয়েছে, মানুষের মানসিক পরিবর্তনও হয়েছে উল্লেখযোগ্যভাবে। আজ কোথাও পাঁচ বছরের মেয়েকে বিয়ের পিঁড়িতে বসানো হলে তা নিয়ে রে রে পড়ে যায়, কোনও পুরুষ ভাঁওতা দিয়ে বহুবিবাহ করলে সটান শ্রীঘরে পাঠিয়ে দেওয়ার ক্ষমতা আছে সাধারণ মানুষের হাতে। এই পরিবর্তন কিন্তু রাতারাতি আসেনি। বহু সচেতন মানুষের সক্রিয় অংশগ্রহণের ফলে আজ এটা সম্ভব হয়েছে।

সামাজিক সব পরিবর্তনের জন্য সরকার বা আইনের দিকে তাকিয়ে থাকাটাও আমার মনে হয় এক ধরনের অলস ও পলায়নী মনোবৃত্তি। কেননা ঘরের মধ্যে, নিজেদের ঘনিষ্ঠ গণ্ডির মধ্যে মানুষ কতখানি মানবিক বা অমানবিক হবে, তার নিয়ন্তা সরকার বা আইন হতে পারে না। আনন্দ উৎসবে বিধবা নারীরা অংশগ্রহণ করবেন না, এটা যে শাস্ত্র বলে সেই শাস্ত্রকে না মানার অধিকারও মানুষের আছে। শাস্ত্র তো মানুষের জন্য, শাস্ত্রের জন্য তো মানুষ নয়। তাহলে আজ একবিংশ শতকের ভারতবর্ষে বিবাহিতা নারীর পতি-বিয়োগ হলে তাকে ব্রাত্য করে রাখার প্রাচীন অসভ্য রীতিটাকে মেনে চলতে হবে কেন? নারীর প্রতি হিংসার এ আরেক রূপ। এই রূপ তত ক্রুদ্ধ বা আক্রমণাত্মক নয় বলে, নিরীহ এক লোকাচার বলে আমরা মেনে নিয়েছি। কিন্তু নারীর অমর্যাদা অসম্মানের এ এক পরিচিত চেহারা। এসব দূর করার জন্য আইনের প্রয়োজন নেই। দরকার আমাদের আরও বেশি মানবিক ও কুসংস্কার মুক্ত হওয়া। আমাদের বুঝতে হবে, সন্তান না হওয়া, শুধু মেয়ে সন্তান হওয়া বা বৈধব্য এর কোনওটাই আমাদের হাতে নেই। কাজেই সেই কারণে কোনও নারীকে শাস্তি দেওয়াটা অমানবিক ও অসভ্যতা।

দেবীবরণের পিছনে আসলে অশুভের নাশ ও শুভশক্তির বিজয় উদ্‌যাপিত হয়, আমাদের প্রতিদিনের আচরণে সেইরকম প্রকৃত অসুরগুলির বিনাশ ঘটুক। তবেই পূর্ণ ও সফল হবে আনন্দ উৎসব, সফল হবে আমাদের শারদ দেবীবন্দনা। ❑

# বর্ষপ্রবেশ, সঙ্গে গণেশ

জয়ন্ত কুশারী

সম্মানের ঝোলটা পুরোটাই গেল গণেশের কোলে। যেন কক্কে পেলেন না অন্য দেবতারা। লক্ষ্মীর কোলে যদি বা জুটল, তা সে না জোটারই মতো। শুধু ঝোলের তলানিটুকুই হয়তো জুটল তাঁর কোলে। এর পরও কি লক্ষ্মী বাণিজ্যে বসবেন আলো করে? মানে 'বাণিজ্যে বসতে লক্ষ্মী'। সম্মানটা অন্তর থেকে হলে, সম্মানটা সম্মানজনক অনুপাতে হলে, ব্যবসায় থিতু হওয়া যায়। কথা হচ্ছিল বিক্রিবাট্টার প্রথম দিন নিয়ে। মানে পয়লা বৈশাখ নিয়ে। অর্থাৎ লক্ষ্মীর হাল হালখাতার দিনে ঠিক কেমন, তা একবার চোখ মেলে দেখুন গণেশের সঙ্গে পুজো পাওয়া। মনটাও কেমন মনমরা হয়ে থাকে। দেখলে তো বোঝা যায়। হাজার হোক সঙ্গে আসা, আর সসম্মানে একলা আসা। দু'টোর মধ্যে বিস্তর পার্থক্য। সম্মানটা ফিফ্‌টি ফিফ্‌টি না হোক, সিক্সটি ফরটি তো হতে পারত। তাও মেনে নেওয়া যায়। কিন্তু এ তো নাইনটি-টেনও নয়। বিশ্বাস হচ্ছে না। বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলোর শুভ নববর্ষের আমন্ত্রণপত্র দেখুন। দেখবেন গণেশে শুরু। গণেশে শেষ। অর্থাৎ 'শ্রীশ্রী গণেশায় নমঃ'। শেষটা গণেশের কৃপা-ই পাথেয় হোক এই বাণিজ্যিক প্রতিষ্ঠানের। ভুলেও লক্ষ্মীর নাম লেখেন ক'জন। কেন বাংলার বাঙালির প্রতিষ্ঠানে (পড়বেন বাণিজ্যিক প্রতিষ্ঠানে) বছর পয়লায় লক্ষ্মী এমন ব্যাকফুটে? ব্যাকফুটে বাঙালি কি এ কারণেই? বাণিজ্যিক প্রতিযোগিতার বাজারে বাঙালির বাণিজ্য লক্ষ্মী কি অধরা সে কারণেই?

হে গণেশ! তোমার আজ্ঞায় ব্রহ্মা সৃষ্টিকারক। বিষ্ণু জগৎপালক এবং শিব জগৎ সংহারকর্তা। আমরা এহেন একদন্তের শরণাগত হলাম। বছর শুরুর ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায় বর্ষ আরম্ভ গড্ডলিকাপ্রবাহে গা ভাসায়নি। অর্থাৎ বিবর্তনের মধ্যে দিয়েই চলেছে নববর্ষ গণনা।

সবই যে হিং-টিং-ছট হিং-টিং-ছট প্রশ্ন সব মাথার মধ্যে কামড়ায়। ব্যবসায় বাঙালি কেন ধুঁকছে এই বাংলায়? এখন উত্তর খোঁজার পালা।

শাস্ত্রের বিধান অনুসারে ধর্মীয় কৃত্যগুলি মূলত দু'ভাগে বিভক্ত, একটি তিথিকৃত্য এবং অপরটি সংক্রান্তিকৃত্য নামে অভিহিত। বিশ্বকর্মা পুজো, কার্তিক পুজোইতো পুজো, মকর সংক্রান্তি বা পৌষ সংক্রান্তি, চড়কপুজো হল সংক্রান্তিকৃত্য। বাকি সবই প্রায় তিথিকৃত্যের মধ্যে পড়ে। অর্থাৎ তিথি ধরে পুজো হলেই তিথিকৃত্য। পয়লা বৈশাখ গণেশ (লক্ষ্মী) পুজো যেন উল্লিখিত দু'টি কৃত্যের কোনওটির আওতায় পড়ে না। এটি আচারাৎ। মানে আচারবশত হয়। শাস্ত্রে এই আচার প্রসঙ্গে বলা হয়েছে 'আচারোপি ধর্মঃ' অর্থাৎ দেশাচার প্রদেশাচার আর কুলাচারবশত সংযোজিত কৃত্য (Retual)-কে ধর্মীয় কৃত্য বা শাস্ত্রসম্মত কৃত্য ধরা হয়। শাস্ত্রের উদারতা কিন্তু এখানেই থেমে নেই। এ বিষয়ে আরও এক ধাপ এগিয়ে দেওয়া হল এই আচারগুলোকে। পরবর্তী বচনটিতে। 'আচারো প্রথমো ধর্মঃ।' এখানে আচারকে অগ্রাধিকার দেওয়া হল। তাই বলা হল আচার হল প্রথম ধর্ম। পয়লা বৈশাখের গণেশ পুজো প্রদেশাচার। বাংলার আচার। বাঙালির আচার। সেই আচার শাস্ত্রের স্বীকৃতি পেল। উল্লিখিত (শাস্ত্রের) দু'টি বচন বলে। প্রসঙ্গত বলা যেতে পারে গণেশপুজো কিন্তু তিথিকৃত্যের মধ্যে পড়ে। এই তিথি কৃত্য বিহিত পুজো বছরে একবারই হয়। ব্যতিক্রম কেবল মা দুর্গার ক্ষেত্রে। আর গণেশের ক্ষেত্রে। শারদীয়া দুর্গাপুজো, বাসন্তী দুর্গাপুজো। গণেশেরও একটি স্বতন্ত্র শাস্ত্রবিহিত তিথি আছে এবং সেটা বছরে দু'বার। প্রথমটি হল ভাদ্র মাসের শুক্লপক্ষের চতুর্থী। দ্বিতীয়টি মাঘ মাসের শুক্ল পক্ষের চতুর্থী। অর্থাৎ শ্রীপঞ্চমী বা সরস্বতীপুজোর আগের তিথি। ভাদ্র এবং মাঘের এই দু'টি চতুর্থী তিথিকে সৌভাগ্য চতুর্থী, বরদা চতুর্থী, গণেশ চতুর্থী, বিনায়ক চতুর্থী বলা হয়। মহারাষ্ট্রে (এখন অবশ্য কলকাতাসহ পশ্চিমবঙ্গেও) বিশেষ করে মুম্বইয়ে মহা আড়ম্বরে ভাদ্র মাসের গণেশ চতুর্থীতে গণেশপুজো আর সিদ্ধি বিনায়ক ব্রত পালন করা হয়। এই পুজোর জৌলুস সহস্রগুণ বেড়ে গিয়েছে ঐতিহাসিকতার দিক থেকেও। ব্রিটিশ ভারতবর্ষে বালগঙ্গাধর তিলক (মহারাষ্ট্রে) জাঁক-জমক সহকারে গণেশপুজো শুরু করার দরুন।

এখন আসা যাক, বর্ষপ্রবেশে বা বঙ্গাব্দের প্রথম দিনটি গণেশ-বন্দনার মাধ্যমে অতিবাহিত করার যে রেওয়াজ তা কেবল রেওয়াজ বা আচারবশতই হয়, এমনটা কিন্তু নয়। এই প্রসঙ্গে কারণ হিসেবে একটি উদ্ধৃতি স্মরণ করা যায় 'বিদ্যারম্ভে বিবাদে চ প্রবেশে নির্গমে তথা।' গণেশের এই স্মরণমূলক প্রশস্তিসূচক স্তোত্রের 'প্রবেশে'র অন্য একটি অর্থ বর্ষপ্রবেশ বা বছরের প্রথম দিন ধরতে হবে। তাই বর্ষপ্রবেশে গণেশের স্মরণ-মনন-চিন্তন- পূজনের এই রেওয়াজ বা আচারটিতে শাস্ত্রের সিলমোহর পড়ল খুবই স্পষ্টভাবে। ব্রহ্মা-বিষ্ণু-মহেশ্বর প্রমুখ মুখ্য দেবতা থাকতে গণেশই মুখ্য হলেন এই দিনে কোন যুক্তিতে? খুব কি মন্দ হত এমন প্রশ্ন করলে? এই প্রশ্নের উত্তর দিতে স্বয়ং বিষ্ণু একেবারে মুখিয়ে ছিলেন। তিনি কী বলছেন একবার শুনুন–

'সর্বাদ্যমগ্রপূজ্যঞ্চ সর্বপূজ্যং গুণার্ণবম্।
স্বেচ্ছয়া সগুণং ব্রহ্ম নির্গুণঞ্চাপি স্বেচ্ছয়া ॥
সমং প্রকৃতিরূপঞ্চ প্রকৃতং প্রকৃতে পরম।
ত্বাং স্তোতুমক্ষমোনন্তঃ সহস্রবদনেন চ ॥
ন ক্ষমঃ পঞ্চবক্ত্রশ্চ ন ক্ষমশ্চতুরাননঃ।
সরস্বতী ন শক্তা চ ন শক্তোহং তবস্তুতৌন চ শক্তা চতুর্বেদাঃ
কে বা তে বেদবাদিনঃ ॥

ব্রহ্মবৈবর্ত পুরাণের গণেশ খণ্ডে গণেশ প্রসঙ্গে স্বয়ং বিষ্ণুর এই উক্তি বাংলায় তর্জমা করলে অর্থ হবে এই রকম– হে গুণার্ণব (গণেশ) সব কিছুর আদিতে (তুমি) অগ্রপূজ্য ও সর্বপূজ্য। স্বেচ্ছায় তুমি সগুণ ব্রহ্ম ও স্বেচ্ছায় তুমি নির্গুণ-ব্রহ্ম। অনন্ত (বিষ্ণু) সহস্র বদনে তোমার স্তুতি করতে অক্ষম। পঞ্চানন (শিব) পাঁচ মুখে আর চতুরানন (ব্রহ্মা) চার মুখে তোমার স্তুতি করতে অসমর্থ। সরস্বতী এবং আমিও তোমার স্তুতিতে অশক্ত। চতুর্বেদ ও বেদবাদিরাও উক্ত কাজে অসমর্থ। গণেশকে দেওয়া বিষ্ণুর এহেন দরাজ শংসাপত্র দেখে ভৃগু প্রমুখ ঋষি একদন্তের (গণেশের) স্তোত্রে বললেন–



যদাজ্ঞয়া সৃষ্টি করো বিধাতা,<br>
যদাজ্ঞয়া পালক এবং বিষ্ণুঃ।<br>
যদাজ্ঞয়া সংহারকো হরোপি,<br>
তমেকদন্তং শরণং ব্রজামঃ ॥

হে গণেশ! তোমার আজ্ঞায় ব্রহ্মা সৃষ্টিকারক। বিষ্ণু জগৎপালক এবং শিব জগৎ সংহারকর্তা। আমরা এহেন একদন্তের শরণাগত হলাম। বছর শুরুর ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায় বর্ষ আরম্ভ গড্ডলিকাপ্রবাহে গা ভাসায়নি। অর্থাৎ বিবর্তনের মধ্যে দিয়েই চলেছে নববর্ষ গণনা। ঠিক একইভাবে গণেশ ঠাকুরও বিবর্তনের ধারায় অবগাহন করেছেন। কি, মানতে পারছেন না চোখ-কানের বিবাদ ঘোচাতে খুলুন গণেশ পুরাণের উত্তরখণ্ড। দেখুন বালক্রীড়ার ছিয়াশি অধ্যায়–

ধ্যায়েৎ সিংহগতংবিনায়কমমুং দিগ্‌বাহুমাদ্যে যুগে।<br>
ত্রেতায়াস্তু ময়ূরবাহনমমুং ষড়বাহুকং সিদ্ধিদম ॥<br>
দ্বাপরে তু গজাননং যুগভুজং রক্তাঙ্গরাগং বিভূম্।<br>
তুর্য্যে তু দ্বিভুজং সিতাঙ্গরুচিরং সর্বার্থদং সর্বদা ॥

সত্যযুগে তিনি বিনায়ক নামে দশ হাত বিশিষ্ট সিংহবাহনযুক্ত ছিলেন। ত্রেতাযুগে তিনি সিদ্ধিক নামে ষড়ভুজ এবং ময়ূর বাহন বিশিষ্ট ছিলেন। দ্বাপরযুগে তিনি গজানন নামে চতুর্বাহু সমন্বিত রক্তবর্ণযুক্ত ছিলেন। কলিযুগে তিনিই আবার সর্বার্থদ নামে সর্বদা দ্বিভুজ ও শ্বেতকায় হয়ে বিরাজ করছেন। দুর্গা মন্ত্রিসভার শিল্প-বাণিজ্যমন্ত্রী মহামহিম গণেশ কিন্তু সম্মানের ঝোলটা নিজের কোলেই কেবল টানেননি। অর্থমন্ত্রী মহামান্যা লক্ষ্মীকে তিনি মাথায় করে রেখেছেন। এক চালচিত্রের শারদীয়া দুর্গা প্রতিমা দ্রষ্টব্য। এর থেকে কি এটা প্রমাণ হয় না শিল্পবাণিজ্য চাঙা হলে বাণিজ্যের লেখচিত্রে অর্থ উর্দ্ধগামী হয়। তাই বর্ষপ্রবেশ গণেশ ছাড়া নৈব নৈব চ। ❑



পত্রং পুষ্পং ফলং তোয়ং যো মে ভক্ত্যা প্রযচ্ছতি।<br>
তদহং ভক্ত্যপহৃতমশ্নামি প্রযতাত্মনঃ ॥

*[ অ : ৯, শ্লোক : ২৬ ]*


**অনুবাদ ঃ** যে শুভবুদ্ধি নিষ্কাম ভক্ত আমাকে ভক্তিপূর্বক পত্র, পুষ্প, ফল ও জল অর্পণ করেন, আমি তাঁহার সেই ভক্তিপূত উপহার প্রীতির সহিত গ্রহণ করি।

*[ অ : ৯, শ্লোক : ২৬ ]*

# হারিয়ে যাচ্ছে দিদিমা-ঠাকুমা হারাচ্ছে পৌষপার্বণের অনেক পিঠেও

রজতেন্দ্র মুখোপাধ্যায়

পৌষমাসের শেষ দিনটি পৌষসংক্রান্তি। এই তিনটি দিন বাঙালির পৌষপার্বণ তথা পিঠের পরব। বহুকাল ধরে এই দিনটি কৃষিজীবী বাঙালির বড় আনন্দের নতুন ধানের উৎসব। প্রাচীন হিন্দুরা আগে এই দিনটিতে পরলোকগত পূর্বপুরুষ বা বাস্তুদেবতার উদ্দেশে পিঠে-পায়েস নিবেদন করতেন। এর ঠিক আগের দিন গ্রামবাংলার গেরস্তবাড়ির উঠোন পরিষ্কার করে নিকিয়ে সেখানে চালগুঁড়ি দিয়ে চমৎকার সব আলপনা দেওয়া হত। যার মধ্যে কুলো, সপ্তডিঙা মধুকর, লক্ষ্মীর পা, প্যাঁচা এবং অবশ্যই ধানের ছড়ার আলপনা বেশি প্রচলিত ছিল। মা লক্ষ্মী ঘরে আসবেন বলেই হয়তো করা হত এত তোড়জোড়। এ-বাংলায় এই আচারটিকে লোকায়ত ভাষায় আউনি-বাউনি পুজোও বলে।




হেমন্তে পেকে যাওয়া ধান কেটে গোলায় তোলার প্রতীক হিসেবে, কয়েকটি পাকা ধানের শিষ কিংবা এর অভাবে দু'-তিনটি খড় দিয়ে বিনুনি করে, ভক্তিভরে পুজো করে, গেরস্তবাড়ির বিভিন্ন জায়গায় সৌভাগ্যের চিহ্ন হিসেবে তাদের একটি করে নিয়ে বেঁধে দেওয়া হয়। ভাবা হয় এই ভাবেই সৌভাগ্য চিরতরে বাঁধা পড়ে থাকবে। অনেক সময় ধানের সঙ্গে নরম আমপাতা, রূপসী মুলোফুল বা স্নিগ্ধ হলুদ সরষেফুলও গেঁথে দেওয়ার চল আছে। এই বন্ধনের অবশ্যই আর একটি মানে হল ঘরের মানুষটিকে কিছু দিন ঘরের মধ্যেই বেঁধে রাখা। আর এটি বাঁধার সময় মুখে মুখে ছড়া কাটা হয়, ‘আউনি বাউনি চাউনি/তিন দিন কোথাও না যেও/ঘরে বসে পিঠে-ভাত খেও।’ অবশ্য জায়গা বিশেষে এটি বদলে বদলেও যায়। এই ছড়াটির ভেতরে লুকিয়ে থাকা অর্থের খোঁজ করতে গিয়ে বিশিষ্ট ভাষাতাত্ত্বিক কামিনীকুমার রায় বলেছেন, ‘আওনি লক্ষ্মীর আগমন, বাওনি লক্ষ্মীর বন্ধন বা স্থিতি আর চাওনি তাঁহার নিকট প্রার্থনা।’


> শীতকালই হল খেজুরগাছ থেকে টাটকা রস নামিয়ে নবীন খেজুর গুড় তৈরির সময়। তাই পৌষপার্বণে পিঠে পর্বে নতুন গুড়ও অবশ্যম্ভাবী। আর কে না-জানে শীতকালই হল নারকেল ফলার পিক সিজন। পৌষসংক্রান্তি কেবলমাত্র একটি নির্দিষ্ট দিনে হলেও পিঠে তৈরির ধুম চলে তার আগের দিন থেকে শুরু করে পয়লা মাঘ পর্যন্ত মানে মোট তিন দিন।

বাউনি-বাঁধার আগে তাই মাটির সরায় পিঠে ভাজতে হয়। পিঠে ভাজা শেষ হলে তা সেই সরার ওপর রেখে, তার ওপর মাটির তৈরি ঢাকনা চাপা দিয়ে, সেই ঢাকনার ছোট্ট-গোল মাটির হাতলকে বেড় দিয়ে প্রথম বাউনিটি বেঁধে দিতে হয়। তারপর তা বাঁধা হয় বাড়ির অন্যান্য জায়গায়। এটি বাঁধা হয় বাড়ির দরজার কড়ায়, গোলাঘরের আংটায়, ঢেঁকির খুঁটিতে, তোরঙ্গের চাবি-কব্জায় কিংবা সিন্দুকের হাতলে। বাড়ির হারমোনিয়ামের চাবির গোড়াতে এখনও এটি বাঁধা হয়ে থাকে। আমাদের ভবানীপুরের বাড়ির পিঠে-ভাজার পরবটি আমার স্মৃতিতে এখনও যেন মুক্তোর মতো জ্বলজ্বল করে। প্রথমেই আমাদের রান্নাঘরের মাটির তৈরি ডাবল উনুনটিকে ভেজা কাপড় দিয়ে ভাল ভাবে পেড়ে নেওয়া হত। তারপর মোটামুটি মাঝারি আঁচ দেখে তাতে বসানো হত একটি গেরুয়া রঙের মাটির সরা। সরা কিছুটা তেতে এলে তাতে ছড়িয়ে দেওয়া হত কিছুটা নুন। তা আবার খানিক পরে পরিষ্কার কাপড় দিয়ে ঝেড়ে ফেলেও দেওয়া হত। এ বার তাতে ছড়িয়ে দেওয়া হত সামান্য সাদা তেল। তখন আমাদের বাড়িতে একটিমাত্র সাদা তেলের চল ছিল যার নাম ছিল পোস্টম্যান। ফিকে নীল রঙের লম্বাটে প্লাস্টিকের কৌটোর গায়ের সামনের দিকে এক জন খাকি পোশাক ও টুপি-পরা, ব্যাগ-কাঁধে পোস্টম্যানের ছবি আঁকা থাকত। আমি ক্লাস থ্রি-ফোর পর্যন্ত ভাবতাম সব পোস্টম্যানেরাই বুঝি এই তেলটি তৈরি এবং বিক্রি করেন।

আগে থাকতে আতপ চালের গুঁড়ো, গরম জল দিয়ে ঘন লেইয়ের মতো মেখে রাখা হত। তারপর হাতায় করে তা সেই সরার ওপর তিন-চারটি থোপায় ফেলে, সরার ঢাকা চাপা দিয়ে দেওয়া হত। খানিকক্ষণ ধিমে আঁচে থাকার পর পিঠেগুলি সামান্য শক্ত হয়ে এলে, খুন্তি দিয়ে আলতো করে তাদের তলা থেকে তুলে নেওয়া হত এবং সেই সরাতেই আবার তিন-চারটি পিঠে ছাড়তে হত। সব পিঠে ভাজা হয়ে গেলে শেষে সরাটি উনুন থেকে নামানো হত। কারণ, ঠাণ্ডা হওয়ার সময় অনেক সময়েই তা ফট্ করে ফেটে যেতে পারে। এই পিঠেটির নাম



সরা-পিঠে বা আস্‌কে পিঠে, যার স্বাদ হালকা নোনতা। তাই আমাদের বাড়িতে এটি নতুন ঝোলাগুড় দিয়ে খাওয়াই রীতি। আসলে এই শীতকালেই ঢেঁকিতে ধান ভাঙার সময় অনেক আতপচাল টুকরো হয়ে ভেঙে যেত। গোবিন্দভোগ বা কামিনীভোগের মতো আতপ চালের টুকরোকে আলাদা করে আরও খানিকটা ভেঙে, গুঁড়ো করে, তা দিয়ে নানা রকম সুস্বাদু পিঠে বানানোর প্রচলনটা তাই যথার্থ ছিল।



শীতকালই হল খেজুরগাছ থেকে টাটকা রস নামিয়ে নবীন খেজুর গুড় তৈরির সময়। তাই পৌষপার্বণে পিঠে পর্বে নতুন গুড়ও অবশ্যম্ভাবী। আর কে না-জানে শীতকালই হল নারকেল ফলার পিক সিজন। পৌষসংক্রান্তি কেবলমাত্র একটি নির্দিষ্ট দিনে হলেও পিঠে তৈরির ধুম চলে তার আগের দিন থেকে শুরু করে পয়লা মাঘ পর্যন্ত মানে মোট তিন দিন। এই সময় পাতলা রুটির মতো পাটিসাপটা (ভেতরে ক্ষীরের পুর এবং নারকেলবাটার পুর, দু'রকমেরই হয়),



পটলের মতো আকারের চিনি-নারকেলের পাক দেওয়া পুর-ভরা ভাজাপুলি, ঘন দুধে ভেজানো দুধপুলি, ক্ষীরে ডোবানো ও ভেতরে ক্ষীরের পুর-ভরা ক্ষীরপুলি, নারকেল-কোরা ও চিনির পুর দেওয়া মুগডালের সঙ্গে চালগুঁড়ি মিশিয়ে বানানো অনবদ্য মুগপুলি, একই ভাবে রাঙা আলু সেদ্ধ করে চালগুঁড়ির সঙ্গে মিশিয়ে বানানো রাঙা আলুর পুলি অত্যন্ত উপাদেয়।



কখনও আবার চালের গুঁড়ির সঙ্গে সুজি মিশিয়েও পুলি বানানো হয়ে থাকে। ফুটন্ত জলের ভাপে তৈরি হওয়া ভাপাপুলি বা ফুটন্ত জলে সেদ্ধ হওয়া সেদ্ধপুলির ভেতরে সাধারণত ক্ষীর নয়, নারকেলের ছাঁই পোরা থাকে এবং এদের গরম-গরম পয়রা গুড়ের ছোট পদ্মকাটা বাটিতে ডুবিয়ে খেতে বড় ভাল লাগে। তবে আর এক ধরনের অত্যন্ত ছোট ছোট পিঠে আছে। চালের গুঁড়িকে সামান্য গরমজল আর ঘি দিয়ে মেখে, হাতের তালুতে ঘষে ঘষে ফেললে অত্যন্ত ছোট্ট ছোট্ট আকারের এক-একটি পুলি তৈরি হয়। এদের নাম চুষি পিঠে। তৈরি হওয়ার পর এদের রোদে শুকিয়ে নিয়ে তারপর ঘন ক্ষীরের মধ্যে ফেলে ফুটিয়ে পায়েস তৈরি করতে হয় যার স্বাদ হয় অপূর্ব। এটি তৈরি করা খুব সহজ কথা নয়। আমাদের সমাজ-সংসার থেকে পুরনো দিনের দিদিমা-ঠাকুমারা হারিয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে এই পিঠেটিও ডোডো পাখিদের মতোই যেন হারিয়ে যেতে বসেছে! ❑





পত্রং পুষ্পং ফলং তোয়ং যো মে ভক্ত্যা প্রযচ্ছতি।
তদহং ভক্ত্যুপহৃতমশ্নামি প্রযতাত্মনঃ॥

*[ অ : ৯, শ্লোক : ২৬ ]*

অনুবাদ ঃ যে শুভবুদ্ধি নিষ্কাম ভক্ত আমাকে ভক্তিপূর্বক পত্র, পুষ্প, ফল ও জল অর্পণ করেন, আমি তাঁহার সেই ভক্তিপূত উপহার প্রীতির সহিত গ্রহণ করি।

*[ অ : ৯, শ্লোক : ২৬ ]*

# Anna Prashan, Food & Hunger

Dr. Sourendra K. Banerjee

Anna Prashan is a Hindu ceremonial observance of a six or seven months old child's initiation to regular food. Anna is food, Ashan means eating and the prefix Pra makes Prashan as first or initial morsel of food. Anna Prashan is the celebration of the child's first independent step to life's onward journey. Quality food will make it a joyous one. This Vedic ceremony dates back to at least three and half millenia. This was codified in 'Grihya Sutras' of 'Kalpa Vedanga' – an Auxiliary Vedic text and later incorporated in 'Manu's Dharma Sutras' around the seventh century B. C. E.

Taittiriya Upanishad (besides other Scriptures) praises food. This Upanishad is the Aranyak (written in cottages in the forests) part of Yajur Veda. One of the Hindu doctrines regarding the 'Pancha Kosha' or five outer shells (sheaths) surrounding a person's true substance 'Atman/Self' is propounded in this Upanishad. It says "Annaat Purushah Annah Rasamayah. Anyoha Antaraha Pranmayah and so on "A person or being has the external physical body produced by the essence of food". Other than and within this exterior lies Vital or breathing shell. This causes five kinds of pulsations helping metabolism, etc. The Upanishad elaborates that then successively there are the person's mental sheath, sheath of discursive intellect and lastly the blissful layer. Inside the last one, at the core, resides the Atman – the Divine Spark. Actually Atman is equated as Brahman (Ref: Great Sayings: Aham Brahmasmi, Ayam Atma Brahman, Tat Tvamasi) which supports all the layers of the person. The Atman is Rasamayah (Rasa Vaih Sah) filled with blissful nectar.

Taittiriya Upanishad says that from the Self (Atman) the space, wind, fire, water, and earth arose (the Panchabhuta). Similar statements are corroborated by other Scriptures (including Samkhya and Yoga Sutras). Taittiriya Upanishad goes on: from the earth herbs and plants (Sarvoushadham/ panacea), food grains and finally people are generated. So food is to be worshiped as Brahman (Annam Brahman upaasate). Mundak Upanishad (1.8) says that creative consciousness of Divinity produced the manifested Universe as food. Chhandogya Upanishadic mantra # 430 (ch 5, sec. 18) says that Atman/Brahman also consumes all eventually as food.

**Going back to Food, Taittiriya Upanishad says: "Annaadvai prajah prajayante, Yah Kaascha Prithiving Shritah annam hi Bhutaanam Jyestham and so on. It means that the earth's first-born is food from which all other beings are generated."**

Brihadaranyak Upanishad (1.2.6) says Ashanaaya or urge for food (because of its lack) is death. Death is another concomitant function of Divinity. Aitareya Upanishad (1.2.1) confirms that hunger is its un-manifested reality. Death as hunger wills or desires to create so that it can eat it up. It sounds strange. It may be explained by an experimental observation in Biology, that decay helps the evolution of single celled ones into multiple cellular organisms. The cellular slime mould Dietyostleium discoideum has two distinct phases of life cycles: Single cells that move about as amoebas grow and multiply as they engulf and digest bacteria in rotten vegetables but seemingly not caring for one another; and multi cellular form with a stalk (main stem where organs grow) and a cap of spores (i.e. reproductive part). When there are no more bacteria to eat, hunger changes their behaviour. Their metabolism changes. They produce a molecule and release a little pulse. This is responded by other amoeba members and concentrate and form multicellular organism. Thus hunger/death causes higher forms of life. We wonder how the Vedic Seers (Drasta) could have envisioned what modern



Molecular Biologists are finding out now. Life feeds on life but Hinduism sees the apparent contraries life and death, food and hunger as complementary contingencies. Divinity shelters and unifies the universe.

Going back to Food, Taittiriya Upanishad says: "Annaadvai prajah prajayante, Yah Kaascha Prithiving Shritah annam hi Bhutaanam Jyestham and so on. It means that the earth's first-born is food from which all other beings are generated." Anna or Food is also known as Ahar (Aharan is gathering). In the present context it means food should be prepared carefully and presented to the Atman as an offering. The body is the temple of God and must be sustained well. The nectar of 'quality' food must nourish the mind and spirit as well. That will aid us to experience Divinity as an extra sensory joy. The Scriptures dictate: 'Annam na nindayet, Annam Bahu Kurvita, Tad Bratam that is 'Food is not to be abused. It has to be enhanced and diversified. That is a sacred observance.

Finally, before enjoying the food on the table one could dedicate it first to the Almighty. On ceremonial occasions like Anna Prashan, it is customary to recite the Vedic Mantra: "Om Annapateh annasya no dheya namivasya susminah, Prah Pradataram Tarisa no urjam dhe hi dwipade chatuspade: Oh giver of food and bounty: may we, by Your grace, partake of this meal. Let it make us healthy and free of all ailments. Let it overcome our difficulties. Let all beings benefit by it. 'Om Pancha Praanebhya Namah'. ❑



পুণ্যো গন্ধঃ পৃথিব্যাঞ্চ তেজশ্চাস্মি বিভাবসৌ।
জীবনং সর্বভূতেষু তপশ্চাস্মি তপস্বিষু ॥

*[ অ : ৭, শ্লোক : ৯ ]*

**অনুবাদ ঃ** আমি পৃথিবীতে পবিত্র গন্ধ, অগ্নিতে তেজ, সর্বভূতে জীবন এবং তপস্বীদিগের তপস্যা।

*[ অ : ৭, শ্লোক : ৯ ]*

# Bangladesh Canada Hindu Mandir

**Website: http://www.hindumondir.org** **Facebook: http://facebook.com/hindumondir**

## Puja/Broto List for Bangla 1424

| * | Puja/Broto | Date | Day | Tithi (Ontario Time) |
|---|---|---|---|---|
| 1 | **Ganesh Puja** | **15 April** (01 Boishakh)<br>Sun rise 6:35 am & set 8:0 pm | Saturday | First day of the Bengali year |
| 2 | **Shani puja & Satya Narayan Puja** | **27 May** (12 Jaistha)<br>Sun rise 5:41 am & set 8:48 pm | Saturday | Puja: Evening |
| 3 | **Udoy-Osto Harinam Kirton** | **25 June** (10 Ashar )<br>Sun rise 5:37 am & set 9:03 pm | Sunday | Shukla Sunday of Uttarayon |
| 4 | **Jogonnath Dev's Roth Jatra** | **25 June** (10 Ashar)<br>Sun rise 5:37 am & set 9:03 pm | Sunday | Dwitia till 8:39 pm |
| 5 | **Jonmashtomi (Birth Tithi of Lord Krishna)** | **14 Aug.** (28 Shravon)<br>Sun rise 6:21 am & set 8:24 pm | Monday | Oshtomi till 6:15 am of next day. |
| 6 | **Vishwakarma Puja** | **17 Sept.** (31 Vadro)<br>Sun rise 6:59 am & set 7:25 pm | Sunday | Month end of Vadro |
| 7 | **Pitri Torpon** | **17 Sept.** (31 Vadro)<br>Sun rise 6:59 am & set 7:25 pm | Sunday | Pitripoxkhiyo Troyodoshi<br>Torpon: morning |
| 8(a) | **Durga Puja – Mohaloya** | **19 Sept.** (02 Ashwin)<br>Sun rise 7:01 am & set 7:22 pm | Tuesday | Omabosya till 12:59 am of next day.<br>Puja: Night |
| 8(b) | **Shoshtthee & Bodhon Audhibas** | **25 Sept.** (08 Ashwin)<br>Sun rise 7:08 am & set 7:11 pm<br>**26 Sept.** (09 Ashwin) | Monday<br>------------<br>Tuesday | Shoshtthee till 5:51 am of next day.<br>Puja: Evening<br>Soptomee till 7:55 am next day |
| 8(c) | **Soptomee Puja** | **27 Sept.** (10 Ashwin)<br>Sun rise 7:10 am & set 7:07pm | Wednesday | Soptomee till 7:55 am<br>Puja: 07:00 am |
| 8(d)<br>8(e) | **Oshtomee Puja<br>&<br>Sondhi Puja** | **28 Sept.** (11 Ashwin)<br>Sun rise 7:11 am & set 7:05 pm<br>**28 Sept.** (11 Ashwin) | Thursday | Oshtomee till 9:59 am<br>Puja: 07:00 am<br>Sondhi Puja: 9:35 am – 10:23 am |
| 8(f) | **Nobomee Puja** | **29 Sept.** (12 Ashwin)<br>Sun rise 7:12 am & set 7:03 pm | Friday | Nobomee till 11:54 am<br>Puja: 9:00 am |
| 8(g) | **Bijoya Doshomee** | **30 Sept.** (13 Ashwin)<br>Sun rise 7:14 am & set 7:02 pm | Saturday | Doshomee till 01:31 pm<br>Puja : 10:00 am |
| 9 | **Kojagori Laxmi puja** | **04 Oct.** (17 Ashwin)<br>Sunrise 7:18 am & set 6:54 pm | Wednesday | Purnima from 3.23 pm till 01:35pm of next day. Puja: Evening |
| 10 | **Shyama (Kali) Puja** | **18 Oct.** (31 Ashwin)<br>Sunrise 7:35 am & set 6:30 pm | Wednesday | Omabosya till 02:11 pm of next day. Puja: Night |
| 11 | **Jogodhatri puja** | **28 Oct.** (10 Kartik)<br>Sunrise 7:48 am & set 6:15 pm | Saturday | Novomee till 4:33am of next day |
| 12 | **Rasleela of Lord Krishna** | **03 Nov.** (16 Kartik)<br>Sun rise 7:56 am & set 6:07 pm | Friday | Purnima 03:19 am to 01:44 am of next day. Puja: Day and Night |
| 13 | **Mokor Sonkranti / Poush Parbon & Pittha festival** | **14 January** (29 Poush)<br>Sun rise 7:49 am & set 5:04 pm | Sunday | Last day of the month of Poush<br>Puja: morning. Pittha Utsob: Evening |
| 14 | **Saraswati Puja** | **21 January** (07 Magh)<br>Sunrise 7:45 am & set 5:13 pm | Sunday | Sukla Ponchomi till 2:29 am of next day. Puja: 10:00 am |
| 15 | **Shiva Ratri Broto** | **13 February** (30 Magh)<br>Sunrise 7:20 am & set 5:44 pm | Tuesday | Choturdoshee till 02:12 pm of next day Puja: Night |
| 16 | **Doljatra & Gour Purnima** | **01 March** (16 Falgun)<br>Sunrise 6:55 am & set 6:05 pm | Thursday | Falguni Purnima till 10:22 pm<br>Puja: Night |
| 17 | **Basanti Oshtomi** | **24 March** (09 Choitra)<br>Sun rise 7:14 am & set 7:34 pm | Saturday | Oshtomee till 9:52 pm<br>Puja: morning |
| 18 | **Ram Nobomi** | **25 March** (10 Choitra)<br>Sun rise 7:13 am & set 7:35 pm | Sunday | Novomee till 7:28 pm<br>Puja: morning |
| 19 | **Chaitra Sonkranti** | **14 April** (30 Choitra)<br>Sun rise 6:37 am & set 7:59 pm | Saturday | End of the year 1424 |

## Sree Sree Baba Lokenath Brohmochary Puja List of Bangla 1424

| | | | | |
|---|---|---|---|---|
| 1 | **Tirodhan Dibos** | 03 June (19 Joisttho) | Saturday | Puja : Evening |
| 2 | **Prodeep Utsob** | 04 Nov. (17 Kartik) | Saturday | Puja : Evening |
| 3 | **Paduka Utsob** | 25 February (12 Falgun) | Sunday | Puja : Evening |














DONATION DESH



















শুভ


শুভ নববর্ষ ১৪২৪
বৈশাখ
১৪২৪


Bengali New Year Celebration
Bangladesh Canada Hindu Cultural Society


















অর্চনা
BANGLADESH CANADA HINDU MANDIR


# কাশীর বিশ্বনাথ

## হরদাস ভট্টাচার্য্য

মহাদেব আমাদের আদি ও প্রধান দেবতা। বিষাণ ও ডমরু বাজিয়ে ইনি ধ্বংস কার্য করেন, সংহার করেন এবং সংহার থেকে আবার সৃষ্টি হয় বলে তাঁর নাম শিব বা শংকর। মানুষের নিয়ত মঙ্গল করেন বলে শিব। সৃষ্টির রক্ষক হিসেবে তাঁর প্রতীক পুরুষ চিহ্ন। এই প্রতীকের সঙ্গে যোনি যুক্ত হয়ে উনি সর্বত্র পূজিত এবং এটিই তাঁর শিবলিঙ্গরূপ। মহাদেব চিরসন্ন্যাসী, মহাযোগী ও নির্গুণ জ্ঞানের প্রতীক। শ্মশানে থাকেন।

শিবকে ঘিরে অজস্র গল্প-গাথা। রামায়ণে মহাদেব একজন প্রধান দেবতা। বিষ্ণুর সঙ্গে যুদ্ধ করেছেন এবং ব্রহ্মা, বিষ্ণু ও ইন্দ্র এঁকে পূজা করেছেন। কুবেরকে হারিয়ে রাবণ কৈলাশে এলে রাবণের রথ আটকে যায়। নন্দী তাঁকে বলেছিলেন, এখানে মহাদেব বাস করেন। এ-স্থান সকলের অগম্য। রাবণ তখন রাগে কৈলাশ তুলে ফেলতে চেষ্টা করেন। পাহাড় কেঁপে উঠে। মহাদেব তখন পায়ের এক আঙ্গুলের চাপে রাবণের হাত চেপে ধরলে ব্যথায় রাবণ ত্রিলোক কাঁপিয়ে গর্জন করে উঠেন এবং শিবের স্তব করে হাজার বছর পরে হাত মুক্ত করতে পারেন। রাবণের বীরত্ব ও ভক্তিতে সন্তুষ্ট হয়েছিল শিব এবং এই দারুণ রব করার জন্য নাম হয় রাবণ। রাবণকে মহাদেব চন্দ্রহাস খড়গ উপহার দেন। মহাভারতেও ভগবান বিষ্ণু ও শ্রীকৃষ্ণ মহাদেবকে পূজো করেছেন বলে জানা যায়।

> দেবাদিদেব মহাদেবের মতো সহজ সরল মন কোনও দেবতার নয়। তিনি অল্পেতেই তুষ্ট। জগতের মঙ্গলের জন্য একবার সমুদ্র মন্থন চলাকালীন সমস্ত বিষ পান করে তিনি নীল কণ্ঠও হয়েছিলেন।

শিব ও বিষ্ণুকে নিয়ে একটি সুন্দর ঘটনা কাশী মাহাত্ম্যে লেখা আছে– যখন শিব ধ্যানে নিমগ্ন ছিলেন বিষ্ণু প্রতিদিন সহস্র পুষ্প দিয়ে শিবের পুজো করতেন। একদিন বিষ্ণু যখন শিবপুজো করছেন এমন সময় শিব তাঁর একটি ফুল লুকিয়ে রাখেন। বিষ্ণু পুষ্পাঞ্জলি দেওয়ার সময় একে একে ৯৯৯ টি ফুল শিবের উদ্দেশ্যে নিবেদন করলেন। শেষে দেখলেন একটি ফুল নেই। অবশেষে ভগবান বিষ্ণু নিজের একটি নেত্রকমল উৎসর্গ করলেন। শিবের কপালদেশে নেত্রটি পড়ামাত্রই শিব তিন চক্ষুর অধিকারী হলেন এবং তিনি ত্রিলোচন নামে খ্যাত হন।

প্রশ্ন জাগে, এত জায়গা থাকতে বসবাসের জন্য বারাণসী নগরীই বা কেন পছন্দ হলো শিবের? হিমালয় কন্যা পার্বতীর অনন্তকাল তপস্যার পর শিবের সঙ্গে তাঁর বিয়ে হল। বিয়ের পর শ্বশুরবাড়ীতেই বসবাস করতে লাগলেন আত্মভোলা শিব। কিন্তু তিনি তো একা নন, তার সঙ্গে ভূত-প্রেত ও পিশাচের এক বিরাট বাহিনী। ভূত-প্রেত আর পিশাচরা পার্বতীর নানারকম সেবা করে ঠিকই, কিন্তু হিমালয় গৃহিণী মেনকার একেবারেই তাদের পছন্দ নয়। তিনি ঠারে ঠারে মেয়েকে এসব নিয়েই নানান কথা বলেন। কেমন জামাই শিব কোন কাজ নেই, কর্ম নেই, কেবল গাঁজা খেয়ে পড়ে থাকেন।

মায়ের কথার কোন উত্তর দেন না পার্বতী কিন্তু স্বামী নিন্দায় অস্থির হয়ে উঠেন। একদিন সহ্য করতে না পেরে মহাদেবের কাছে এসে বললেন, “দেব বিয়ের পর সকলেই স্বামীগৃহে বাস করে। আমিও তাই করতে চাই। আমার এখানে আর ভালো লাগছে না। তুমি আমার জন্য অন্য কোথাও ভবন নির্মাণ করো।”

দেবী পার্বতীর কথা শুনে দেবাদিদেব তৎক্ষণাৎ ধরিত্রীর দিকে তাকিয়ে দেখলেন, কোথাও তাঁর থাকার উপযুক্ত নগর আছে কিনা। সেই সময় দিবোদাস কাশী শাসন করছিলেন। গঙ্গার পাড়ে এই পবিত্র ক্ষেত্র মহাদেবের খুব পছন্দ হল। কিন্তু যেখানে রাজর্ষি দিবোদাস রয়েছেন সেখানে কাশীতে এসে মহাদেব থাকবেন কি করে? একই ক্ষেত্রের দু’জন অধীশ্বর তো আর হতে পারে না। অতএব দিবোদাস অন্য কোথাও রাজধানী সরিয়ে নিলে মহাদেব এখানে এসে থাকতে পারেন। কিন্তু দিবোদাসকে বারাণসী থেকে সরানো যায় কী করে? মহাদেব অনেক ভেবে ত্রিপুরার নিকুম্ভকে পাঠালেন।

নিকুম্ভ বারাণসী নগরীতে এসে কুণ্ডক নামে এক নাপিতকে স্বপ্নে দেখা দিয়ে বললেন, ‘হে কুণ্ডক, এই নগরীর প্রান্তে তুমি আমাকে প্রতিষ্ঠিত করো এতে তোমার মঙ্গল হবে।’ কুণ্ডক এই স্বপ্নের কথা রাজা দিবোদাসকে জানালেন। তিনি কুণ্ডককে উৎসাহ দিয়ে নগরীর প্রবেশ দ্বারে নিকুম্ভের মূর্তি স্থাপনের অনুমতি দিলেন। কুণ্ডক নিকুম্ভের একটি মন্দিরও নির্মাণ করলেন। এরপর কাশীবাসীরা এসে নিকুম্ভের পুজো দিতে লাগলেন। ক্রমশ নিকুম্ভের মাহাত্ম্য প্রকাশ পেতে লাগল। দেখা গেল মন্দিরের বিগ্রহের কাছে যা কামনা করা যায় তাই লাভ হয়। এ খবর চারদিকে ছড়িয়ে পড়তে বেশি সময় লাগল না।


রাজা দিবোদাসের স্ত্রী দৃষদ্বতী (মহাভারত মতে মাধবী) ভাবলেন, বহুদিন আমি পুত্রহীনা। ধর্মপ্রাণ রাজার কোনও উত্তরাধিকারী নেই। নিকুম্ভদেব যখন সকলের মনোবাসনা পূর্ণ করেন তখন আমরাও নিকুম্ভের পুজো করবো।

রাজা ও রাণী নিকুম্ভের পুজো করতে লাগলেন। কিন্তু শত অর্চনাতেও তাঁদের পুত্র লাভের মনোবাসনা পূর্ণ হল না। দীর্ঘকাল এইভাবে কেটে গেল। রাজা দিবোদাস মনে মনে বিরক্ত হয়ে উঠলেন, “এই দেবতা আমারই নগরীর দ্বারে বাস করেন, কত

মানুষের কত প্রার্থনা পূরণ করেছেন অথচ আমার ক্ষেত্রেই ইনি বিরূপ। নিকুম্ভ যখন আমার মনস্কামনা পূরণ করলেন না তখন তাঁকে আমি আর বারাণসীতে থাকতে দেব না।"

নিকুম্ভদেবের মন্দির ভেঙে ফেললেন দিবোদাস, নিকুম্ভ তাঁকে দেখা দিয়ে বললেন, 'দিবোদাস, আমি তোমার কোনও অনিষ্ট করিনি তবুও তুমি আমার মন্দির ভেঙে ফেললে। আমি তোমাকে অভিশাপ দিচ্ছি তোমার এই শহর যেন জনশূন্য হয়'।

শুধু নিকুম্ভদেবের অভিশাপেই নয়, ক্ষেমক নামে এক রাক্ষসের উৎপাতেও সমৃদ্ধশালী বারাণসী হতশ্রী ও জনশূন্য হল। রাজা দিবোদাস তখন বাধ্য হয়ে গঙ্গার উত্তর ও গোমতী নদীর দক্ষিণ কূলে নতুন করে তাঁর রাজধানী নির্মাণ করলেন। এইবার শূন্য ও জনবিরল নগরীতে তখন পার্বতীকে সঙ্গে নিয়ে অধিষ্ঠিত হলেন মহাদেব।



কাশী বিশ্বনাথ মন্দির এমনই এক তীর্থপীঠ যার সঙ্গে ইতিহাস নিবিড়ভাবে জড়িয়ে রয়েছে। কাশীক্ষেত্র অর্থাৎ মুক্তিক্ষেত্রের অধীশ্বর বাবা বিশ্বনাথের মন্দির নিয়ে গত কয়েক হাজার বছর ধরে অজস্র কাহিনী ছড়িয়ে আছে। এখানে জ্ঞানবাপী সম্বন্ধে কিছু প্রয়োজনীয় কথা জানা দরকার।

জ্ঞানবাপী হচ্ছে জ্ঞানকুণ্ড বা জ্ঞানকূপ। পুরাণ বারাণসীর কথা প্রসঙ্গে এই জ্ঞানবাপীর উল্লেখ পাওয়া যায়। পুরাণ অনুযায়ী অবিমুক্তেশ্বরের (মহাদেব) এক সিদ্ধযোগী কেউ বলেন রুদ্ররূপী ঈশানদেব নিজের ত্রিশূলের সাহায্যে বেশ খানিকটা জায়গা খনন করে একটি কুণ্ড সৃষ্টি করেন। এরপর ওই কুণ্ডের জলে অবিযুক্তেশ্বরকে স্নান করানো হয়। বিশ্বাস এই জল পান করলে জ্ঞান বৃদ্ধি পায়। শিব শব্দের আরেক অর্থ জ্ঞান। আর এই জ্ঞানই হল মুক্তি তথা মোক্ষলাভের সহায়ক। মহাদেব রুদ্রের উপর প্রসন্ন হয়ে বর দেন– "এই কুণ্ডের জল স্পর্শ করলে সবপাপ দূর হবে এবং এই তীর্থ জলে শিবলিঙ্গকে স্নান করালে সবতীর্থের ফল লাভ হবে।"

এখানে প্রশ্ন দেখা দিতে পারে মহাদেবের অবিযুক্তেশ্বর রূপ কীভাবে সম্ভব হল? এবার জানা যাক সেই কাহিনী।

দেবাদিদেব মহাদেবের মতো সহজ সরল মন কোনও দেবতার নয়। তিনি অল্পেতেই তুষ্ট। জগতের মঙ্গলের জন্য একবার সমুদ্র মন্থন চলাকালীন সমস্ত বিষ পান করে তিনি নীল কণ্ঠও হয়েছিলেন। একবার মহাদেব পিতামহ ব্রহ্মার অনুরোধে ও মন্দর পর্বতের অশেষ আরাধনায় তুষ্ট হয়ে এই পর্বতকে বরদান করেন এবং এই বরদান রক্ষায় বাধ্য হয়ে ওই পর্বতে কিছুদিন গৌরীসহ বসবাস করতে উদ্যোগী হন। কিন্তু প্রিয়ধাম কাশী ছেড়ে অন্য স্থানে থাকা তাঁর জন্য ঠিক নয়।

ভেবে মহাদেব কিছুতেই শান্তি পাচ্ছিলেন না। অথচ সেই মুহূর্তে কাশী ত্যাগ না করেও তাঁর উপায় নেই। দেবাদিদেব সঙ্গে সঙ্গে সিদ্ধান্ত নেন কাশীক্ষেত্রে তিনি লিঙ্গরূপেই অবস্থান করবেন। গৌরীকে সঙ্গে নিয়ে এরপর সশরীরে তিনি মন্দার পর্বতে এসে পৌঁছলেন। স্থানান্তরে বসবাস করেও নিজক্ষেত্র কাশীকে আপনার সংসর্গ থেকে বিযুক্ত করেননি দেবাদিদেব। তাই কাশী ও এই লিঙ্গ উভয়েরই নাম "অবিমুক্ত" বলে খ্যাত। লিঙ্গ পুরাণেও এর সমর্থন মিলে।

কাশ্মীর থেকে কন্যাকুমারী, অসম থেকে গুজরাট ভূ-ভারতের লক্ষ লক্ষ হিন্দু ধর্মাবলম্বী, ধনী-দরিদ্র, পাপী-তাপী ছুটে আসেন বারাণসীতে, কাশী বিশ্বনাথের চরণতলে পুণ্যলাভের আশায়। মোক্ষলাভের মন নিয়ে।

কাশীতে মোট ৫৬ বিনায়ক রয়েছেন। অষ্টকোণে বাঁধা বারাণসীর প্রতিটি কোণে কয়েকটি করে বিনায়ক মন্দির রয়েছে। অর্ক বিনায়ক, দুর্গ-বিনায়ক, ভীমচণ্ডী বিনায়ক, সর্ব বিনায়ক সিদ্ধি বিনায়ক তো রয়েছেন, সাক্ষী বিনায়কও স্বমহিমায় উজ্জ্বল। কাশী বিশ্বনাথের প্রসঙ্গ উঠলে সাক্ষী বিনায়কের কথা বলতেই হয়।

কাশী বিশ্বনাথ ও সাক্ষী বিনায়ককে নিয়ে গল্পটা এরকম– একজন ধার্মিক প্রতিদিন মনিকর্ণিকা ঘাট থেকে গঙ্গাজল এনে নিয়মিত কাশী বিশ্বনাথের মাথায় ঢালতেন। মৃত্যুর পর চিত্রগুপ্ত তাঁর খাতা দেখে যমরাজকে বলেন– "এই লোকটার কোন পুণ্য নেই। একে নরকে ঢুকিয়ে দিন। নরকে আসার পর লোকটির খুব দুঃখ। নরকের একজন তাঁকে বলল– 'তুমি কোন পুণ্যের কাজ করোনি নিশ্চয়ই। তাই এখানে ঠাঁই হয়েছে তোমার।' একথা শুনে লোকটি বললেন– 'কে বলেছে পুণ্যের কাজ করিনি। প্রতিদিন কাশী বিশ্বনাথের মাথায় জল ঢেলেছি। আত্মারূপী লোকটি বলল, "বিশ্বনাথের মাথায় তুমি জল ঢেলেছ মানছি। কিন্তু আমি মানলে তো হবে না। বাবার মাথায় জল ঢালতে কেউ কী তোমাকে দেখেছে? এর সাক্ষী কোথায়? প্রথম লোকটি বেশ অবাক হয়ে বললেন, 'বাবার মাথায় জল ঢেলেছি সবাইতো দেখেছেন। সাক্ষীর দরকার কী?'

এরপর যমরাজ মিটিং ডাকলেন, সেই মিটিংয়ে স্বয়ং কাশী বিশ্বনাথ উপস্থিত হয়ে যমরাজকে বললেন, "এই লোকটি যা বলেছে সব সত্য। সে আমার মাথায় নিয়মিত জল ঢেলেছে। বারাণসীবাসী

কখনও মিথ্যে বলে না।" এরপর লোকটির স্থান হল স্বর্গে। কিন্তু সমস্যা একটা রয়েই গেল। এ ধরনের ঘটনা ভবিষ্যতেও তো ঘটতে পারে। সেটা কীভাবে বন্ধ করা যায়? শেষে দেবতারা মিলে এই সিদ্ধান্তে পৌঁছলেন যে এখন থেকে সাক্ষী বিনায়ক কাশী বিশ্বনাথ মন্দিরের প্রবেশ পথে উপস্থিত থাকবেন। মন্দিরে কারা যাচ্ছে, কীভাবে তাঁরা পূজা-অর্চনা করছে সব লক্ষ্য রাখবেন। কাশী বিশ্বনাথের পুজোর ব্যাপারে সাক্ষী থাকবেন তিনিই।

মহাদেব একবার ভগবতীকে বলেছিলেন– "কলিযুগে পাঁচ সত্যকে পূজা-অর্চনা ও ধ্যান করলেই সমস্ত মানুষের মঙ্গল হবে। এঁরা হলেন– মা গঙ্গা, ভগবান বিষ্ণু, কালী, ভৈরব ও হনুমান। এঁদের মধ্যেই আমি বিরাজমান থাকব।"

এবার কাশীর বিশ্বনাথকে নিয়ে দুটি অলৌকিক ঘটনার কথা উল্লেখ করা হল– অন্ধ বিশ্বাসের পিছনে কিন্তু কিছু না কিছু কারণ থাকে। প্রথম ঘটনাটি এরকম– ১৮৩১ সালে বারাণসীতে ভূমিকম্প হয়। সেই ভূমিকম্পে শহরের বেশ কয়েকটা বাড়ী-ঘর ভেঙ্গে যায়। কাশী বিশ্বনাথের মন্দিরের ঠিক পাশেই একটি তিনতলা বাড়ী ভেঙ্গে চূর্ণ-বিচূর্ণ হয়। আশ্চর্য ব্যাপার, মন্দিরের এতটুকুও ক্ষতি হয়নি। ভূমিকম্পের পর মোহন্ত ভয় পেয়ে গর্ভগৃহে চলে যান। জ্যোতির্লিঙ্গের কোন ক্ষতি হয়নি তো? দেখা গেল জ্যোতির্লিঙ্গের মাথায় যে বিল্বপত্রটি রাখাছিল সেটিও যথাস্থানেই রয়েছে।

দ্বিতীয় ঘটনাটি শংকর নটরাজ দীক্ষিত নামে চিদম্বরমের বড় শিব মন্দিরের একজন সাত্ত্বিক পূজারীকে কেন্দ্র করে। তাঁর চার মেয়ে। কোনও ছেলে নেই। কিভাবে বংশ রক্ষা হবে? কেউ একজন নটরাজ দীক্ষিতকে বললেন, "আপনি বারাণসীতে গিয়ে প্রতিদিন বিশ্বনাথ মন্দিরে পুজো দিন। মণিকর্ণিকা ঘাটে সাধন-ভজন, পুজো-অর্চনা করুন– টানা চল্লিশ দিন।

বারাণসীতে এসে শুভ দিন দেখে মণিকর্ণিকা ঘাটে ধ্যানে বসেছিলেন তিনি। ওই চল্লিশ দিন শংকর নটরাজ দীক্ষিত দাড়ি গোঁফ কাটেননি, শুধু ফলমূল খেতেন। চল্লিশ দিন পর তিনি পূজা-অর্চনা শেষ করে চিদম্বরে ফিরে যান। এর একবছর পর তিনি বাবা বিশ্বনাথের কৃপায় এক পুত্রসন্তান লাভ করেন।

এছাড়া উনিশ শতকের সেই বিখ্যাত গল্প তো সবারই জানা। কলকাতার সিমলা স্ট্রিটের প্রখ্যাত আইনজীবী শ্রীযুক্ত বিশ্বনাথ দত্ত এবং তাঁর সহধর্মিণী ভুবনমোহিনী দেবী বারাণসীতে এসে কাশী বিশ্বনাথের পূজা-অর্চনা করেন। আত্মবীরেশ্বরের মন্দিরেও পূজা দেন। কাশী বিশ্বনাথের অপার মহিমায় ভুবনমোহিনীর কোল আলো করে জন্ম নেয় জ্যেষ্ঠ পুত্র নরেন। এই নরেনই আমাদের স্বামী বিবেকানন্দ।

পরবর্তীকালে স্বামী বিবেকানন্দ বারাণসীতে এসেছিলেন। এখানকার সমস্ত মন্দির তিনি দেখেছেন। গঙ্গার ঘাটে ঘাটে ঘুরে বেড়িয়েছেন। নতুন ভারতের স্বপ্ন দেখেছেন। এই বারাণসীতেই তিনি জীবনের একটি বড় সত্য জেনেছিলেন। একদিন প্রাচীন দুর্গা মন্দির দর্শন করে গলি দিয়ে আপন মনে হেঁটে আসছেন। হঠাৎ একপাল বাঁদর তাঁকে তাড়া করে। বাঁদরের হাত থেকে বাঁচতে স্বামী বিবেকানন্দ ঊর্ধ্বশ্বাসে দৌড়তে শুরু করলেন। এই দৃশ্য দেখে এক বৃদ্ধ সন্ন্যাসী তাঁকে বললেন– "বেটা ভয় পেয়ে পালিয়ে যাস না। জানোয়ারের সামনে রুখে দাঁড়া।" স্বামী বিবেকানন্দ তাঁর এই শিক্ষাকে কাজে লাগিয়েছিলেন।

বারাণসীতে একটা কথা চালু আছে। এখানে এতো মন্দির এক বস্তা চাল নিয়ে একটি করে চাল যদি প্রতিটি মন্দিরে রেখে আসা হয় একসময় দেখা যাবে যে চালের বস্তা খালি হয়ে গেছে।

কাশী বিশ্বনাথের মন্দির ও গঙ্গা এই দুয়ের উপস্থিতিতে বারাণসীকে এক স্বতন্ত্র তীর্থস্থান হিসেবে চিহ্নিত করেছে। পুরাণ বলে, গঙ্গাতীরে বাস করলে মুক্তি লাভ ঘটে। এক গণ্ডুষ গঙ্গা জল



পানে অশ্বমেধ যজ্ঞের ফল পাওয়া যায়। তিন রাত্রি গঙ্গাতীরে বাস করলে নরক যন্ত্রণা থেকে অব্যাহতি মেলে। বারাণসীর গঙ্গার গুরুত্বই আলাদা। তাই ছুটে আসে পুণ্যার্থীর দল গঙ্গায় স্নান করে পুণ্য লাভের আশায়।

দেবী ভগবতী মহাদেবের কাছে জানতে চেয়েছিলেন। কাশীর বিশ্বনাথের কাছে ভক্তরা কিভাবে সংকল্প করবে?

মহাদেব স্মিত হেসে বলেছিলেন–

"শুন ভগবতী আশ্বিনাদি করি।
ঢুন্টিরাজ পূজি হবিষ্যান্নভোজী হবে পূর্বদিনে।
প্রভাত রজনী উত্তর বাহিনী করে নর স্নানে।
পূজি বিশ্বেশ্বর গিয়া তদন্তর নিধান মণ্ডপে।
হর-পাবর্তী পূজা করি ধীর করিবে সংকল্পে ॥ ❑

**সূত্র :**
কাশীর বিশ্বনাথ-বিশ্বনাথের কাশী– সুমন গুপ্ত।
"তীর্থ চিন্তামণি"– পণ্ডিত বাচস্পতি মিশ্র।
"কাশীকা ইতিহাস"– ড. মোতি চাঁদ যোশী।
"কাশী খণ্ড"– পর্ব ও যথাবিধি।

# আগরতলা-চতুর্দশ দেবতার মন্দিরে

## (সিপাহীজলা-কমলাসাগর কালী মন্দির)

সন্দীপন মজুমদার

ঘুরে আসুন উত্তর-পূর্বের রাজ্য ত্রিপুরায়। মন ভরে যাবেই। আজ প্রথম পর্ব।

ভারতের উত্তর-পূর্বাঞ্চলে অবস্থিত ত্রিপুরা রাজ্যের ভৌগোলিক আয়তন কম হলেও, সৌন্দর্য ও বৈচিত্র্যের বিচারে এই রাজ্যের আকর্ষণ কিন্তু অপ্রতিরোধ্য। দক্ষিণ, পশ্চিম ও উত্তর প্রান্তে বাংলাদেশের সঙ্গে আন্তর্জাতিক সীমান্ত রয়েছে, আর পূর্ব দিকে সীমানা ভাগ হয়েছে প্রতিবেশী দুই রাজ্য অসম ও মিজোরামের সঙ্গে। ১৯৮৯ সালে রাজ্য হিসেবে ভারতের সঙ্গে সংযুক্তিকরণ ঘটে ত্রিপুরার।


ত্রিপুরার ঐতিহ্য উজ্জয়ন্ত প্রাসাদ।

ত্রিপুরা নামটি কোথা থেকে এসেছে তা নিয়ে অবশ্য দ্বিমত আছে। অনেকে বলেন, 'টুই' (অর্থাৎ, জল) 'প্রা' (অর্থাৎ, কাছে), মানে জলের কাছে। এই শব্দ থেকেই ত্রিপুরা নামের সৃষ্টি। আবার অন্য মতে, এখানকার ত্রিপুরাসুন্দরী (৫১ সতীপীঠের অন্যতম) মাতার নাম থেকেই এই রাজ্যের নামটি এসেছে। নামকরণ নিয়ে দ্বিমত যা-ই থাক, একটা বিষয়ে কিন্তু সকলেই সহমত সমুদ্রপৃষ্ঠ থেকে ৩০০০ ফুট উচ্চতার তারতম্য বিশিষ্ট রাজ্যে জঙ্গলাকীর্ণ পাহাড়, টিলা, নদী, সরোবর, ঝর্ণা, প্রাসাদ, তীর্থস্থান, অভয়ারণ্য, রবার-চা-আনারসের বাগান, বিস্ময়কর জীববৈচিত্র্য সব মিলিয়ে ত্রিপুরার সৌন্দর্য অনন্য, অতুলনীয়।

> অভয়ারণ্যের মধ্যেই গড়ে ওঠা চিড়িয়াখানায় সহজেই দেখা মিলবে এই সব প্রাণীর। এ সব ছাড়া রয়্যাল বেঙ্গল টাইগার, হরিণ, চিতাবাঘ, বিভিন্ন প্রজাতির বিড়াল, বিচিত্র রকমের পাখি ইত্যাদির দেখাও মিলবে এই চিড়িয়াখানায়।

ত্রিপুরায় বাঙালি অধিবাসীর সংখ্যা এতটাই বেশি যে বাংলা থেকে বেড়াতে যাওয়া পর্যটকেরা অন্য রাজ্যে এসেছেন বলে মনেই করবেন না। তবে বাঙালি ছাড়াও মণিপুরী ও অন্য উপজাতির মানুষও, যেমন ত্রিপুরী (দেববর্মন/দেববর্মা), চাকমা, লুসাই, মগ, রিয়াং, জামাতিয়া, উচাই এখানে মিলেমিশে এবং শান্তিপূর্ণ সহাবস্থানে থাকেন। রাজ্যের প্রায় ষাট শতাংশই বনভূমি (জঙ্গলাকীর্ণ পাহাড়) আর বাকি অংশ উপত্যকা ও সমতলভূমি। সারা বছরই মনোরম থাকে এখানকার আবহাওয়া তবে বর্ষাকালে বৃষ্টিপাতের পরিমাণ যথেষ্টই বেশি। গোটা রাজ্য জুড়েই ছড়িয়ে রয়েছে এখানকার দর্শনীয় স্থানগুলি। ঠিক ভাবে পরিকল্পনা না করলে, একযাত্রায় সবটা দেখাই মুশকিল হয়ে পড়ে।

**আগরতলা :**

ত্রিপুরা রাজ্যের রাজধানী, হাওড়া নদীর তীরবর্তী আগরতলা অবশ্য ত্রিপুরার নবীন রাজধানী, এমনটা বলাই যায়। ১৭৭০ খ্রিস্টাব্দে পুরনো রাজধানী উদয়পুর থেকে মহারাজা কৃষ্ণমাণিক্য রাজধানী স্থানান্তর করেন 'পুরনো আগরতলা'-য়। পরবর্তীকালে স্থায়িভাবে রাজধানী স্থানান্তরিত হয় বর্তমান আগরতলা শহরে। উত্তর-পূর্বাঞ্চলের দ্বিতীয় বৃহত্তম শহর আগরতলার দ্রষ্টব্য স্থানগুলি এক এক করে দেখে নিন।

**উজ্জয়ন্ত প্রাসাদ :**

শহরের প্রাণকেন্দ্রে অবস্থিত এই রাজপ্রাসাদের অনেকটা অংশই মিউজিয়ামে পর্যবসিত। ১৯০১ সালে মহারাজা রাধাকিশোর মাণিক্য নির্মাণ করান এই প্রাসাদটি। দুধসাদা রঙের অভিনব স্থাপত্যটি (গ্রিক ও ভারতীয় স্থাপত্যের মেলবন্ধনে তৈরি) দেখার মতো। প্রাসাদের সামনে অনেকটা জায়গা জুড়ে রয়েছে মুঘল-শৈলীর এক বাগান ও দু'টি বড় দিঘি। বাগানের ফোয়ারাগুলো যথেষ্ট পর্যটক বিনোদন করে। তিনটি গম্বুজবিশিষ্ট এই বিশাল দ্বিতল প্রাসাদটির মাঝের গম্বুজটির উচ্চতা হল ৮৫ ফুট। প্রাসাদকে ঘিরে রয়েছে উমা-মহেশ্বর, লক্ষ্মীনারায়ণ, কালী ও জগন্নাথ মন্দির, এগুলির নির্মাণও হয় রাজাদের আমলেই। রাজ্যের বিভিন্ন জায়গায় খননকার্য থেকে পাওয়া বহু প্রাচীন মূর্তির অনন্য সম্ভার রাখা আছে এই মিউজিয়ামে।

গ্রিক ও ভারতীয় স্থাপত্যের মেলবন্ধনে তৈরি অপরূপ সুন্দর দুধ-সাদা এই প্রাসাদ। এ ছাড়া বিভিন্ন মডেল রূপে স্থানীয় উপজাতিদের পোশাক-আশাক, অলংকার, অস্ত্রশস্ত্র, জীবনচর্চা, বাজনা ইত্যাদি দেখানো আছে সুন্দর ভাবে। ত্রিপুরার



গ্রিক ও ভারতীয় স্থাপত্যের মেলবন্ধনে তৈরি অপরূপ সুন্দর দুগ্ধ-সাদা এই প্রাসাদ


রাজা-রানিদের ছবি, অস্ত্রশস্ত্র, পাথরে খোদাই করা প্রাচীন লিপি, বিভিন্ন ঐতিহ্যবাহী সাংস্কৃতিক কর্মকাণ্ডের বিবরণ প্রভৃতিও প্রদর্শিত হয়েছে এখানে। ত্রিপুরার রাজপরিবারের সঙ্গে রবীন্দ্রনাথ ঠাকুরের এক ঘনিষ্ঠ সম্পর্ক ছিল। রাজ-আমন্ত্রণে বেশ কয়েক বার যাওয়াই শুধু নয় (মোট সাত বার এসেছিলেন), বেশ কিছু কাব্য, নাটক, কবিতা, গান কবি রচনা করেছিলেন এখানে এসেই। রবীন্দ্রনাথ ঠাকুরের কাজ এবং বিভিন্ন দুষ্প্রাপ্য ও আকর্ষণীয় ছবি নিয়ে একটা আলাদা গ্যালারিই রাখা আছে এই মিউজিয়ামে। মিউজিয়ামে ক্যামেরা ব্যবহারে (মোবাইল ক্যামেরাও পড়ছে এর মধ্যে) নিষেধাজ্ঞা আছে। সোমবার ও অন্যান্য ছুটির দিনে বন্ধ থাকে এই মিউজিয়াম। প্রবেশমূল্য জনপ্রতি ১৫ টাকা। খোলা থাকে সকাল ১১টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত।

### কুঞ্জবন প্রাসাদ :

হরের থেকে এক কিলোমিটার দূরে একটি টিলার উপর অবস্থান এই প্রাসাদের। ১৯১৭ খ্রীষ্টাব্দে মহারাজা বীরেন্দ্র কিশোর মাণিক্য ব্যক্তিগত স্বাস্থ্যনিবাস হিসেবেই এটির নির্মাণ করান। তাঁর শেষ ত্রিপুরা ভ্রমণের সময় রবীন্দ্রনাথ এই প্রাসাদেই ছিলেন বেশ কিছুকাল। বর্তমানে এই প্রাসাদটি অবশ্য রাজ্যপালের আবাস হিসেবেই ব্যবহৃত হচ্ছে। তাই প্রাসাদচত্বরে ঢুকতে হলে রাজ্যপালের অফিস থেকে অনুমতি নিতে হয়। তবে রবীন্দ্রকানন নামের সংলগ্ন বাগানটি সাধারণ পর্যটকের জন্য খোলা থাকে।

### হেরিটেজ পার্ক :

কুঞ্জবন প্রাসাদের কাছেই বিমানবন্দর যাওয়ার রাস্তায় দেখে নিতে পারেন এই হেরিটেজ পার্কটি। অনেকটা জায়গা নিয়ে তৈরি হওয়া নতুন এই পার্কটিতে ত্রিপুরার দর্শনীয় সব স্থানই ধরা আছে মিনিয়েচার বা ক্ষুদ্র সংস্করণে। ত্রিপুরাসুন্দরী মন্দির, নীরমহল, উজ্জয়ন্ত প্যালেস, রেললাইন (স্টেশন-সহ) সবই রয়েছে, ছোট সংস্করণে, রকমারি ফুল, গাছ দিয়ে সুন্দর ভাবে সাজানো পার্কটি খোলা থাকে সকাল ১০টা থেকে বিকেল ৫টা (মঙ্গলবার ও ছুটির দিন বন্ধ থাকে)। প্রবেশমূল্য মাথাপিছু ১০ টাকা। আগরতলার অন্য দ্রষ্টব্যগুলির মধ্যে দেখে নিতে পারেন বেনুবন বিহার




হেরিটেজ পার্কের রেপ্লিকা

(বুদ্ধমন্দির) মালঞ্চ নিবাস, মহারাজা বীরবিক্রম কিশোর কলেজ (বাইরে থেকেই দেখতে হবে), গেদু মিঞার মসজিদ ইত্যাদি।

### চতুর্দশ দেবতার মন্দির :

অষ্টাদশ শতকের মধ্যভাগে (১৭৭০ খ্রিস্টাব্দে) রাজা কৃষ্ণমাণিক্য উদয়পুর থেকে রাজধানী পুরনো আগরতলায় স্থানান্তরিত করার সময় (সামসের গাজির কাছে যুদ্ধে পরাজিত হওয়ার পর রাজধানী উদয়পুর থেকে সরিয়ে আগরতলায় নেওয়াটা জরুরি হয়ে পড়েছিল) ত্রিপুরা রাজবংশের আরাধ্য চতুর্দশ দেবতাকেও প্রতিষ্ঠা করা হয় পুরনো আগরতলার এই মন্দিরে। পরবর্তীকালে রাজধানী আবার বর্তমান আগরতলায় স্থানান্তরিত হলেও চতুর্দশ দেবতা অধিষ্ঠিত থেকে যান পুরনো আগরতলার মন্দিরেই। দেবতাদের আকৃতি এখানে পূর্ণাবয়ব নয়, মূলত মস্তকই পূজিত হয় দেববিগ্রহ হিসেবে।



চতুর্দশ দেবতার মন্দির

মন্দিরে বৈদিক রীতির সঙ্গে সঙ্গে উপজাতীয় রীতিরও সংমিশ্রণ ঘটেছে পূজার ক্ষেত্রে। আষাঢ় মাসে চতুর্দশ দেবতার মন্দিরে বিশেষ পূজা অনুষ্ঠিত হয়, যা খার্চিপূজা নামেই বিখ্যাত। সে সময় সাত দিন ধরে জমকালো মেলা বসে মন্দির প্রাঙ্গণে। আগরতলা শহর থেকে চতুর্দশ দেবতার মন্দিরের দূরত্ব ১৪ কিলোমিটার। মন্দিরের কাছেই রয়েছে ভগ্নদশাপ্রাপ্ত প্রাচীন রাজপ্রাসাদটি। সম্প্রতি সংস্কার করে সেটিতে গড়ে তোলা হয়েছে একটি সংগ্রহশালা। দেখে নিতে পারেন সেটিও।

### সিপাহিজলা :

সিপাহিজলা অভয়ারণ্য আগরতলা শহর থেকে ২৮ কিলোমিটার দূরে অবস্থিত। ১৮৫৩ বর্গকিলোমিটার বিস্তৃত এই অভয়ারণ্যে ৪৫৬ প্রজাতির গাছ ও রকমারি প্রজাতির অসংখ্য পশু-পাখির অবস্থান। বন্যপ্রাণীর মধ্যে ক্লাউডেড লেপার্ড, লাঙ্গুর, বার্কিং ডিয়ার, শিয়াল, খরগোশ, বন্য শুয়োর, মাউস ডিয়ার, নেউল, বিন্টুরং, ক্যাপড লাঙ্গুর, প্যাঙ্গোলিন ইত্যাদি তো আছেই, তবে সবচেয়ে চমকপ্রদ ও উল্লেখযোগ্য প্রাণীটি হল চশমা বাঁদর। এই অভিনব প্রাণীটির দেখা কেবলমাত্র এই অঞ্চলেই মেলে।



একমাত্র এই অঞ্চলেই মেলে এই প্রজাতির বাঁদর



সিপাহিজলার অভয়ারণ্যে নিশ্চিন্তে রোদ পোহাচ্ছে বনের রাজা

অভয়ারণ্যের মধ্যেই গড়ে ওঠা চিড়িয়াখানায় সহজেই দেখা মিলবে এই সব প্রাণীর। এ সব ছাড়া রয়্যাল বেঙ্গল টাইগার, হরিণ, চিতাবাঘ, বিভিন্ন প্রজাতির বিড়াল, বিচিত্র রকমের পাখি ইত্যাদির দেখাও মিলবে এই চিড়িয়াখানায়। জনপ্রতি প্রবেশমূল্য ১০ টাকা। খোলা থাকে সকাল ৯টা থেকে বিকেল ৫টা। শুক্রবার বন্ধ থাকে সিপাহিজলা। সিপাহিজলার লেকটিতে শীতের সময় অজস্র পরিযায়ী পাখি ঝাঁক বেঁধে আসে। লেকের জলে বোটিং করতে করতে খুব কাছ থেকে তখন দর্শনও মেলে এই সব পাখির। এখানকার রবার ও কফি গাছের সুদৃশ্য বাগানও সিপাহিজলার অতিরিক্ত আকর্ষণ হিসেবেই নজর কাড়ে।

### কমলাসাগর কালীমন্দির :

আগরতলা থেকে ৩১ কিলোমিটার দূরে অবস্থিত এই মন্দিরটি নির্মাণ করেছিলেন মহারাজা ধনমাণিক্য, পঞ্চদশ শতকের শেষভাগে। এই মন্দিরটি কসবা কালীবাড়ী নামেও খ্যাত। মন্দিরে মূর্তিটি সিংহবাহিনী দশভুজা দুর্গার হলেও, পদতলে শায়িত শিব। সে কারণেই হয়তো দেবী এখানে কালী হিসেবেই পূজিতা হন। এই শক্তিপীঠে (৫১ সতীপীঠের মধ্যে নয়) সারা বছরই পুণ্যার্থীদের ভিড় লেগে থাকে। মন্দিরের সামনে বড় দিঘিটি কমলাসাগর নামে বিখ্যাত। মহারাজা ধনমাণিক্য তাঁর স্ত্রী কমলাদেবীর নামেই নাম রাখেন তাঁর সময় খনন করা এই দিঘির। মন্দিরের পাশেই রয়েছে কাঁটাতারের বেড়া (আন্তর্জাতিক সীমানা), যার ওপারটাই হল বাংলাদেশ। এখান থেকে বাংলাদেশের প্রান্তের কসবা রেলস্টেশন (কুমিল্লা জেলার মধ্যে পড়ে) ও এক বিস্তীর্ণ প্রান্তর নজরে আসে। এপ্রিলে মন্দির সংলগ্ন চত্বরে এক বড় মেলা বসে। সে সময় পুণ্যার্থীর ঢল নামে এখানে।

যাত্রাপথ : কলকাতা থেকে বিমানে মাত্র ৫০ মিনিটেই পৌঁছে যাওয়া যায় আগরতলায়। সদ্য রেলপথেও সারা দেশের সঙ্গে সংযুক্তিকরণ হয়েছে এই রাজধানী শহরের। দিল্লির আনন্দবিহার ও অসমের ডিব্রুগড় থেকে সাপ্তাহিক ট্রেন চলে আগরতলা পর্যন্ত। শিয়ালদহ স্টেশন থেকে ছেড়ে সপ্তাহে দু'দিন (বৃহস্পতি ও রবিবার) কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস গুয়াহাটি হয়ে পৌঁছে দিচ্ছে আগরতলায়। সময় লাগছে ৩৮ ঘণ্টা।

আগরতলা সাইট সিয়িং, সিপাহিজলা, চতুর্দশ দেবতার মন্দির কিংবা কমলাসাগর দেখতে হলে আগরতলা থেকেই গাড়ি ভাড়া করতে হবে। গাড়ি ভাড়া পড়বে (সারাদিনের জন্য) ছোটগাড়ির ক্ষেত্রে (ইণ্ডিকা, ওয়াগন আর ইকো) ১৫০০ টাকা, আর বড় গাড়ির ক্ষেত্রে (স্করপিও, বোলেরো, জাইলো ইত্যাদি) ২২০০ টাকা। গাড়ি কিংবা হোটেল বুকিংয়ের জন্য যোগাযোগ করা যেতে পারে : সঞ্জীব আচার্য, নীলজ্যোতি ট্রাভেলস, আগরতলা, ফোন : ৯৮৫৬০৯৩০০৭, ৯৮৩৬৪৫৬০৮৮।



ছিমছাম কমলাসাগর কালীমন্দির